The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online www.ajkalusa.com /weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 898 | 28 November 2025 | শুক্রবার ১৪ অগ্রহায়ণ ১৪৩২




Mamdani asks 179 City Hall workers to resign when he takes office

→ Page 18

Kachi Khondoker to make his big-screen debut with Mosharraf Karim



→ Page 19



Alexandria Ocasio-Cortez and City Harvest hosted a food distribution

→ Page 18

Trump, Mamdani make love-not

→ Page 19



# ৮ ফেব্রুয়ারি নির্বাচন ও গণভোট

## তফসিল ঘোষণা ১০ ডিসেম্বরের মধ্যে : পদ ছাড়ছেন দুই উপদেষ্টা

**মাসুদ করিম**, *ঢাকা থেকে*

বাংলাদেশে আসন্ন 'জাতীয় সংসদ নির্বাচন' অনুষ্ঠানের প্রস্তুতি পুরোদমে শুরু হয়েছে। নির্বাচন কমিশনের খসড়া রূপরেখা মোতাবেক, আগামী ৮ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। একই দিনে অনুষ্ঠিত হবে 'গণভোট'। নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ডিসেম্বরের প্রথম সপ্তাহে চূড়ান্ত হবে ভোটার তালিকা। ১০ ডিসেম্বরের মধ্যে নির্বাচনের তফসিল ঘোষণা করা হবে। নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের দুই উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ও মাহফুজ আলম আগামী সপ্তাহে পদত্যাগ করবেন এমন গুঞ্জন চলছে। তারা জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থী হবেন বলে ধারণা করা হচ্ছে।

নি ক বাংলাদেশ

অন্তর্বর্তী সরকার নির্বাচনকে সামনে রেখে বেসামরিক প্রশাসন এবং পুলিশ প্রশাসনকে ঢেলে সাজানোর যে প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে তা নিয়ে সমালোচনা হচ্ছে। বিশিষ্টজনেরা বলছেন, নির্বাচনের তফসিল ঘোষণার পর নির্বাচন কমিশন প্রশাসন ঢেলে সাজানোর কাজ করবে। তার বদলে সরকারের এ কার্যক্রম বিতর্কের জন্ম দিতে পারে। উপদেষ্টা মন্ডলীর রদবদলের বিষয় নিয়েও সমালোচনার শেষ নেই। ড. আলী রিয়াজ সংস্কার কাঠামো তৈরী করতে গিয়ে বেশ সমালোচনার মুখে পড়েছেন। তিনি সকল 'নোট অব ডিসেন্ট' ফেলে দিয়েছেন। এসব কারণে নতুন নতুন বিতর্কের মধ্যে ড. আলী রিয়াজকে উপদেষ্টার সমমর্যাদার প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী নিয়োগ করায় মুহাম্মদ ইউনূস সমালোচনার মুখে পড়েছেন। উপদেষ্টা থেকে বিশেষ সহকারী

↘ এরপর ৩৮ পৃষ্ঠায়



# কাউন্সিলওম্যান শাহানা হানিফকে সংবর্ধনা

**আজকাল রিপোর্ট**

নিউইয়র্ক সিটি কাউন্সিলে ইতিহাস রচনাকারি প্রথম মুসলমান ও প্রথম বাংলাদেশি বংশোদ্ভুত আমেরিকান কাউন্সিল সদস্য শাহানা হানিফ দ্বিতীয় মেয়াদে নির্বাচিত হয়েছেন। তাকে সংবর্ধণা দিল পিতা মোহাম্মদ হানিফের হাতে গড়া সংগঠন চট্টগ্রাম সমিতি।

↘ এরপর ৩৮ পৃষ্ঠায়

জাতীয় সংসদ নির্বাচন

# ভোটার নিবন্ধন নিয়ে প্রবাসীদের হতাশা



**আজকাল রিপোর্ট**

জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে যুক্তরাষ্ট্রসহ উত্তর আমেরিকার প্রবাসীদের ভোট গ্রহণের জন্য 'পোস্টাল ভোট বিডি' অ্যাপে নিবন্ধন ২৪ নভেম্বর

↘ এরপর ৩৮ পৃষ্ঠায়

# একদিনে তিনবার ভূমিকম্পে কাঁপলো বাংলাদেশ

**আজকাল রিপোর্ট**

ঢাকা, সিলেট ও কক্সবাজারে একদিনে তিনবার আবার ভূকম্পন অনুভূত হওয়ায় আতঙ্ক দেখা দেয় নগরবাসির মাঝে। বৃহস্পতিবার বাংলাদেশ সময় বিকাল ৪টা ১৫ মিনিট ২০ সেকেন্ডে ভূমিকম্প

↘ এরপর ১৫ পৃষ্ঠায়

গভর্নর পদপ্রার্থী আন্তোনিও ডেলগাডো'র ঘোষণা

# নির্বাচিত হলে হোমকেয়ারের মনোপলি ব্যবসা বন্ধ

**হাসান মাহমুদ**

নিউইয়র্ক স্টেট গভর্নর পদে ডেমোক্রেট প্রাইমারি নির্বাচনে প্রার্থী অ্যান্তোনিও ডেলগাডোর সমর্থনে ২৫ নভেম্বর মঙ্গলবার রাতে নিউইয়র্কের জ্যাকসন হাইটসের একটি রেস্টুরেন্টে বাংলাদেশিদের উদ্যোগে ফান্ডরেইজিং অনুষ্ঠিত হয়েছে। এক প্রশ্নের জবাবে অ্যান্তেনিও

↘ এরপর ৬১ পৃষ্ঠায়





































NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416


ড. মাহবুব উল্লাহ্-এর কলাম
টার্মিনাল নির্মাণ : বিদেশি বিনিয়োগ কতটা উদ্বেগজনক
১২ পৃষ্ঠায়


মনোয়ারুল ইসলাম-এর কলাম
প্রবাস জীবনে সাংবাদিকতায় টিকে থাকার যুদ্ধ
০৫ পৃষ্ঠায়


খায়রুল আনোয়ার-এর কলাম উত্তর নেই, প্রশ্নের পাহাড়
১০ পৃষ্ঠায়




# হোয়াইট হাউসের কাছে গুলিবিদ্ধ ন্যাশনাল গার্ডের দুই সদস্য

আজকাল রিপোর্ট



আইন প্রয়োগকারী সূত্র ও কর্মকর্তাদের মতে, গত বুধবার হোয়াইট হাউস থেকে মাত্র কয়েক ব্লক দূরে ন্যাশনাল গার্ডের দুই সেনাকে গুলি করা হয়। গুলিবিদ্ধ সেনারা কেমন আছেন তা নিয়ে মিডিয়ায় বিভিন্ন রকম তথ্য প্রকাশিত হতে থাকে। এই হামলাকে 'টার্গেটেড শুটিং' বলে আখ্যায়িত করা হয়েছে। নিউইয়র্ক টাইমস জানিয়েছে, গুলিবিদ্ধ দুইজন গুরুতর আহত হয়েছেন। গুরুতর অবস্থায় তাদেরকে উদ্ধার করার পর চিকিৎসাধিন রয়েছেন। ন্যাশনাল গার্ড সদস্যরা এ সময় দায়িত্বরত ছিলেন। ঘটনার পর পর হোয়াইট হাউজের আশপাশে কঠোর নিরাপত্তা জোরদার করা হয়েছে।

বুধবার দিন দুপুরে এই ঘটনার সময় প্রেসিডেন্ট

অপরাধ দমনে ন্যাশনাল গার্ড মোতায়েন করার নির্দেশ দেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এফবিআই প্রধান ক্যাশ প্যাটেল বলেছেন, দুই সেনা সদস্যের অবস্থা গুরুতর। সন্দেহভাজনকে গুলিবিদ্ধ অবস্থায় আটক করা হয়েছে। মর্মান্তিক এই ঘটনার পর ৫০০ ন্যাশনাল গার্ড সদস্য মোতায়েন করা হয়েছে ডিসিতে। ২৯ বছর বয়স্ক একজন আফগান অভিবাসিকে হামলার জন্য আটক করা হয়েছে।

ডোনাল্ড টাম্প হোয়াইট হাউজে ছিলেন না বলে জানিয়েছে এবিসি নিউজ। তবে প্রেসিডেন্ট সবকিছু পর্যবেক্ষণ করছিলেন বলে জানানো হয়।

পশ্চিম ভার্জিনিয়া গভর্নর প্যাট্রিক মরিসি এক্স-এ পোস্ট দাবী করেছেন যে তার 'রাজ্যের দুই সদস্য মারা গেছেন কিন্তু ২০ মিনিট পরে যোগ করেছেন যে তিনি আমাদের দুই গার্ড সদস্যের অবস্থা সম্পর্কে এরপর ৫৩ পৃষ্ঠায়



## উনবাঙালের মাসিক একক সঙ্গীত অনুষ্ঠান

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে নিবন্ধিত শিল্প-সাহিত্যের সংগঠন উনবাঙালের ৬৩ তম সভায় গত ২২ নভেম্বর যুক্ত হয় একক সঙ্গীতানুষ্ঠান। এই আয়োজনের প্রথম শিল্পী হিসেবে আমন্ত্রণ পান শিল্পী মিতা হোসেন। মিতা হোসেন উনবাঙালের একজন নিয়মিত সদস্য, তিনি সঙ্গীত বিভাগের উপপ্রধান হিসেবে গত এক বছর ধরে দায়িত্ব পালন করছেন।

'শুদ্ধ শিল্পের নিবিড় চর্চা' এই স্লোগানকে সামনে রেখে গত এক যুগ ধরে নিউইয়র্কে বাংলা শিল্প ও সাহিত্যের চর্চা করছে উনবাঙাল। এরই ধারাবাহিকতায় একটি নতুন কার্যক্রম মাসিক এরপর ৫০ পৃষ্ঠায়

## লেখকের অঙ্গনের গ্রন্থালোচনা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

প্রবাসে সৃজনশীল নির্মল সাহিত্য চর্চার সংগঠন 'লেখকের অঙ্গন'র ২১তম গ্রন্থালোচনা গত ২২ শে নভেম্বর কুইন্স পাবলিক লাইব্রেরিতে অনুষ্ঠিত হয়।

সংগঠনের পরিচালক নীমা কাদরী মাসিক গ্রন্থালোচনা পর্বে উপস্থিত আলোচকদের স্বাগত জানিয়ে অনুষ্ঠানের সূচনা করেন।

গ্রন্থালোচনায় প্রথম আলোচক বিশিষ্ট কবি ও সাহিত্যিক স্বপন বিশ্বাসের আলোচনায় প্রাঞ্জল ভাষায় উঠে আসে মেঘা মজুমদারের বই 'আ বার্নিং'; যার অনুবাদ নাহিদ খান। এটি একটি দুর্ধর্ষ উপন্যাস, তিনটি অবিশ্বাস্য চরিত্রকে ঘিরে আবর্তিত সাহিত্যের এক ঘোড়ো পরিভ্রমণ, যারা জীবনে উন্নতি চায়। একজন উত্তরণ চায় মধ্যবিত্ত সমাজে, একজন চায় রাজনৈতিক ক্ষমতা আরেকজন চায় রুপালি জগতের খ্যাতি। পরবর্তী আলোচক অধ্যাপক হুসনে আরার প্রাণবন্ত আলোচনায় আসে 'আর্নেস্তো এরপর ৩৬ পৃষ্ঠায়

## ব্রঙ্কসে আলী হায়দারের মতবিনিময় সভা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের ব্রঙ্কসে প্রবাসী মৌলভীবাজার জেলার সাবেক ছাত্রনেতা আলী হায়দারের সাথে মতবিনিময় সভার আয়োজন করেছে মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটি ইউএসএ ইনক। যুক্তরাজ্যে বসবাসকারী আলী হায়দার বর্তমানে যুক্তরাষ্ট্রে সফর করছেন।

গত ২৩ নভেম্বর ব্রঙ্কসের স্টার্লিন বাংলাবাজারের নিরব রেস্টুরেন্টে আয়োজিত এ মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির সভাপতি সোহান আহমেদ টুটুল। সাধারণ সম্পাদক সৈয়দ রুহুল আলীর সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন সংগঠনের সাবেক সভাপতি তজমুল হোসেন, জালালাবাদ এসোসিয়েশনের সাবেক সাধারণ সম্পাদক এরপর ৩৬ পৃষ্ঠায়



## মেরি জোবাইদার নির্বাচনী অফিস উদ্বোধন

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক স্টেটের অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট ৩৬-এর আসন্ন নির্বাচনে অ্যাসেম্বলী সদস্য পদপ্রার্থী বাংলাদেশী-আমেরিকান মেরি জোবাইদার নির্বাচনী অফিস উদ্বোধন করা হয়েছে। ৩৬-৫০ ৩৮ স্ট্রীট, লং আইল্যান্ড সিটি, নিউইয়র্ক ১১১০১ ঠিকানায় গত ১৬ নভেম্বর রোববার সন্ধ্যায় এক অনাড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে ফিতা কেটে এর উদ্বোধন করা হয়। এসময় মেরি জোবায়দাসহ বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাবেক সভাপতি নার্গিস আহমেদ, সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহীম হাওলাদার, নিউকো'র প্রতিষ্ঠাতা এরপর ২৭ পৃষ্ঠায়

## নিউইয়র্ক নিউ হরাইজন লায়ন্স ক্লাবের অভিষেক ৬ ডিসেম্বর

আজকাল রিপোর্ট

নব গঠিন লায়ণ ক্লাব নিউ হরাইজন লায়ণ ক্লাবের নতুন কমিটির অভিষেক অনুষ্ঠান আগামী ৬ ডিসেম্বর অনুষ্ঠিত হবে। গত ১৯ নভেম্বর সংগঠনের মাসিক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

নিউইয়র্কের বাংলাদেশি অধ্যুষিত জ্যাকসন হাইটসের সানাই রেস্টুরেন্টে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ক্লাবের সভাপতি লায়ন তারেক হাসান খান। সভা পরিচালনা করেন সাধারণ সম্পাদক লায়ন আহমেদ সোহেল। সভায় অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নিউইয়র্ক লায়ন ডিস্ট্রিক্ট ২০- আর-২ এর গভর্নর লায়ন আসিফ বারী টুটুল। ও ছিলেন লায়নেস ঝুনঝুন হাসিনা বারী। সভায় ৬ ডিসেম্বর ২০২৫, ক্লাবের অভিষেক অনুষ্ঠান করার বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত হয়। এ উপলক্ষে একটি এরপর ৫৩ পৃষ্ঠায়



## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই'র অভিষেক অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

জাহাঙ্গীরনগর এলামনাই এসোসিয়েশন অব আমেরিকার ২০২৬-২০২৭ বর্ষের কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন মেঘনা পাল এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন প্রশান্ত মল্লিক অয়ন।গত ২২ নভেম্বর, শনিবার নিউ ইয়র্কের একটি পার্টি হলে জাহাঙ্গীরনগর এলামনাই এসোসিয়েশন অব আমেরিকা আয়োজন করে নবনির্বাচিত কমিটির অভিষেক ও জাহাঙ্গীরনগরের ঐতিহ্যবাহী হিম উৎসব। কার্যকরী কমিটিতে সহ সভাপতি নির্বাচিত হয়েছেন যথাক্রমে মোহাম্মদ রহমান পলিন, এরপর ৩৬ পৃষ্ঠায়


GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
- Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999


Suryia Rahman, Esq

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903




**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# সম্পাদকীয়

## বাউলদের ওপর হামলা কেন

কয়েক দিন আগে একটি অনুষ্ঠানে সংগীত পরিবেশনের সময় ধর্ম অবমাননা ও কটূক্তির অভিযোগ করা মামলায় বাউলশিল্পী আবুল সরকারকে গ্রেপ্তার করা হয়। তাঁর মুক্তির দাবিতে মানিকগঞ্জ শহরে তাঁর অনুসারীরা মানববন্ধনের আয়োজন করেন। এখানে ২৩ নভেম্বর সকালের দিকে তাঁদের ওপর হামলা চালিয়েছে 'তৌহিদি জনতা'। হামলায় চারজন গুরুতর আহত হয়েছেন। নিউইয়র্কে তার মুক্তির দাবিতে সভা সমাবেশ হয়েছে।

যুগ যুগ ধরে বাউলরা স্রষ্টার সান্নিধ্য লাভের জন্য গানকে বেছে নিয়েছেন। ধর্ম পালনের পদ্ধতি নিয়ে ধর্মের নানা ধারা আছে। একেক ধারা একেকভাবে স্রষ্টার কাছে পৌঁছাতে চায়। বাউলরা গানের মাধ্যমে স্রষ্টার দীক্ষা পেতে চান। কিন্তু ইসলামের ওয়াহাবি এবং সালাফিবাদী ধারার লোকজন গানকে বিদয়াত হিসেবে ফতোয়া দিয়ে আসছে। বাউলরা গানকে আধ্যাত্মিকবোধ জাগ্রত করার পাশাপাশি গানের মাধ্যমে ধর্মের কঠিন বিষয়গুলো মানুষের সামনে সহজভাবে উপস্থাপন করেন।

পালাকার-বয়াতি-বাউলরা কখনোই ধর্মবিরোধী মানুষ নন। তাঁরা কখনো নিজেদের 'নাস্তিক' বলে দাবি করেননি, কিংবা নাস্তিকতা প্রচার করেন না। বরং ধর্মকে মহিমান্বিত করার কাজগুলো গানের মাধ্যমে করে থাকেন। কথিত কাগজে সনদের শিক্ষিত হওয়ার চেয়ে এই মানুষগুলো জীবনের প্রায়োগিক শিক্ষায় শিক্ষিত, যা সমাজ ও রাষ্ট্র গঠনে ইতিবাচকতার পথ দেখায়। বাউলরা অসাম্প্র দায়িক চেতনাকে লালন করেন।

জুলাই গণ-অভ্যুত্থানের পর থেকে বাউল সম্প্রদায়কে নিশ্চিহ্ন করার জন্য কথিত তৌহিদি জনতার ব্যানারে ধারাবাহিকভাবে দেশের নানা জায়গায় নানা ঘটনা ঘটছে। বাউলদের ওপর হামলার পাশাপাশি মাজার ভাঙার অনেক ঘটনা ঘটেছে। কিন্তু সরকারের পক্ষ থেকে কোনো ঘটনায় জোরালো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। ফলে দুঃখজনক ঘটনাগুলো থামছে না। অভিযোগ আছে, ঘটনাগুলো তৌহিদি জনতার ব্যানারে হলেও, এর পেছনের কুশীলব ছিলেন স্থানীয় মাদ্রাসার শিক্ষক-ছাত্রসহ কোনো কোনো ধর্মভিত্তিক রাজনৈতিক দলের নেতা-কর্মীরা।

আমাদের দেশে 'মব' বা 'বিচারবহির্ভূত বিচার' সংস্কৃতির যে বিস্তার লাভ করেছে, এ ঘটনাটি তারই নতুন সম্প্রসারণ। প্রতিটি ঘটনায় স্থানীয় পুলিশ হামলাগুলো বন্ধ করতে কোনো চেষ্টা করেনি, এ এক বিস্ময়কর ব্যাপার।

শুধু আবুল সরকার নন, এর আগে ২০২০ সালে বিগত সরকারের আমলে একইভাবে পালাগানের আসরে ধর্মীয় অনুভূতিতে আঘাত দেওয়ার অভিযোগে গ্রেপ্তার হয়েছিলেন বাউলশিল্পী রিতা দেওয়ান। সে সময় শরিয়ত সরকার নামের আরেক বয়াতিকে ইসলাম ধর্মের কটূক্তির অভিযোগে গ্রেপ্তার করা হয়েছিল। এ সরকারের আমলে গত বছরের ২৫ নভেম্বর যশোরে বাউলশিল্পীদের দুই দিনব্যাপী সাধুসংঘের বাউলগানের আসর ভন্ডুল করা হয়। চলতি বছরের জানুয়ারিতে নারায়ণগঞ্জের ফতুল্লায় বাউলগানের আসর বন্ধ করে সেখান থেকে বাদ্যযন্ত্র জব্দ করেছিল পুলিশ। এরপর মানিকগঞ্জের সিংগাইরে প্রয়াত বাউলশিল্পী রশিদ সরকারের 'সাধুর মেলা' স্থানীয় লোকজনের বাধায় পণ্ড করা হয়।

মানিকগঞ্জের ঘটনায় কোনো পক্ষ থেকে থানায় মামলা করা হয়নি। তাই পুলিশ কোনো ব্যবস্থা গ্রহণ করেনি বলে পুলিশ সুপার বলেছেন। আইনশৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব যাঁদের, তাঁরাই যদি এ ধরনের কথা বলেন, তাহলে ঘটনাগুলো কীভাবে রোধ করা যাবে?


> চলতি বছরের জানুয়ারিতে নারায়ণগঞ্জের ফতুল্লায় বাউলগানের আসর বন্ধ করে সেখান থেকে বাদ্যযন্ত্র জব্দ করেছিল পুলিশ। এরপর মানিকগঞ্জের সিংগাইরে প্রয়াত বাউলশিল্পী রশিদ সরকারের 'সাধুর মেলা' স্থানীয় লোকজনের বাধায় পণ্ড করা হয়। মানিকগঞ্জের ঘটনায় কোনো পক্ষ থেকে থানায় মামলা করা হয়নি। তাই পুলিশ কোনো ব্যবস্থা গ্রহণ করেনি বলে পুলিশ সুপার বলেছেন। আইনশৃঙ্খলা রক্ষা করার দায়িত্ব যাঁদের, তাঁরাই যদি এ ধরনের কথা বলেন, তাহলে ঘটনাগুলো কীভাবে রোধ করা যাবে?


# প্রবাস জীবনে সাংবাদিকতায় টিকে থাকার যুদ্ধ

মনোয়ারুল ইসলাম



প্রবাসে সাংবাদিকতা নয়। যেন একটি জীবন যুদ্ধ। একটি মহৎ পেশায় লেগে থাকা ও পেশাদারিত্বের সাথে সাংবাদিকতা করার নাম আত্মত্যাগ। সংগ্রাম প্রতিনিয়ত। পরিবারকে সময় না দেয়া। ডলার কিংবা পাউন্ডের হাতছানিকে পাশ কাটিয়ে এগিয়ে যাওয়া। দেশের ফুল টাইম পেশাদার সাংবাদিকদের পেশার বাইরে তেমন কিছু ভাবতে হয় না। প্রখ্যাত সাংবাদিক এবিএম মুসা, আতাউস সামাদ, মতিউর রহমান, মতিউর রহমান চৌধুরী, মনজুর আহমেদ, আনোয়ার হোসেন মনজু কিংবা শওকত মাহমুদরা দেশে দ্বিতীয় কোন চিন্তা না করে পেশায় টিকে ছিলেন কিংবা আছেন। একমাত্র সাংবাদিকতাকেই অবলম্বন করে কাজ করেছেন। আমার ক্ষুদ্র জ্ঞানে সাংবাদিকতা মানে শুধু সাংবাদিকতাই। বাংলাদেশে পত্রিকা কিংবা ইলেকট্রনিকস্ মিডিয়াগুলোতে ডেলিভারিম্যান ও বিজ্ঞাপন ম্যানেজার থাকেন। এমনকি সাংবাদিকদের যাতায়াতের জন্য প্রতিষ্ঠানগুলো ড্রাইভার নিয়োগ দেয়। অফিস পরিষ্কার করার জন্য কর্মচারিও নিয়োগ দেয়া হয়। তারাতো সাংবাদিক নন। তারা যা করেন জীবনজীবিকার তাগিদে সম্মানের সাথে একটি পেশাকে ধারণ করেন। তারা প্রতিষ্ঠান থেকে নিয়মিত বেতনও পান।

প্রবাস জীবনের বাস্তবতা একেবারেই ভিন্ন। নিউইয়র্কের অধিকাংশ পত্রিকার মালিক বা সম্পাদক শুধুমাত্র সাংবাদিকতা করেই জীবন জীবিকা নির্বাহ করতে পারছেন না। তাদের পক্ষে সব কটে ডেলিভারিম্যান, বিজ্ঞাপন ম্যানেজার কিংবা অফিস ক্লিনার নিয়োগ দিয়ে পত্রিকা চালানো কঠিন হয়ে পড়ে। একজন সম্পাদক পত্রিকাটি ছাপা হলে প্রেস থেকে তুলে নিয়ে ডেলিভারি করেন (১)। দিনের আলোতে বিভিন্ন প্রতিষ্ঠান / দোকানে গিয়ে বিজ্ঞাপনের জন্য ধর্ণা দিতে হয় (২)। বিজ্ঞাপন বিলটি তৈরি করে আবার দৌড় দিতে হয় অর্থ কালেকশনের জন্য (৩)। এ ৩টি কাজই কিন্তু সাংবাদিকতার মধ্যে পড়ে না। অথচ তা করতে হচ্ছে একজন সম্পাদককেই। তিনটি ভিন্ন পেশার কাজ করে নিজেকে ফুলটাইম সাংবাদিকতার খেতাব নেবার চেষ্টা বাতুলতা ছাড়া কিছুই না। একটি ভিডিও প্রচার করে পয়সার জন্য বসে থাকা সাংবাদিকতা। অথবা কারও অফিসে গিয়ে সাক্ষাৎকার নিয়ে ইনিয়েবিনিয়ে কিছু ডলার নেবার চেষ্টাকে সাংবাদিকতার নামে উলঙ্গ নৃত্যের বেহায়াপনা। বাংলাদেশে অনেকেই ফুল টাইম সাংবাদিকতা করেছেন। নিউইয়র্কে এসেও এ পেশাটিকে কোন না কোনভাবে ধরে রাখতে চান। কিন্তু অধিকাংশ মিডিয়া প্রতিষ্ঠান একজন নির্ভরে পরিণত হয়েছে। আজকাল, ঠিকানা, টিবিএন ২৪ ও টাইম টিভি একাধিক সাংবাদিককে নিয়োগ দিয়ে থাকলেও বাস্তবতার কারণে তাদের স্টেটের হুবহু লেবার কাঠামোতে বেতন দিতে পারেন না। তবুও তাদের ধন্যবাদ। তারা সাংবাদিকদের সীমিত আকারে হলেও কর্মসংস্থানের সুযোগ করে দিয়েছেন। যেখানে পত্রিকাগুলো বিনামূল্যে বিতরন করা হয়। বিজ্ঞাপন নির্ভর বাংলাদেশি মার্কেট খুবই ছোট। তা আবার দিনদিন সংকুচিত হয়ে আসছে।

বাংলাদেশ থেকে আগত অনেক পেশাদার সাংবাদিক বাস্তবতার কারনেই পরিবার পরিজন নিয়ে স্বচ্ছলভাবে চলার তাগিদে ভিন্ন একটি জবে প্রবেশ করেছেন। কিন্তু তার দীর্ঘ দিনের মূল পেশার প্রতি ভালোবাসা ও টানের কারণে সাংবাদিকতা চালিয়ে যেতে চান। কোন পত্রিকা কিংবা টিভিতে পার্টটাইম হিসেবে কাজ করছেন। এই দ্বিতীয় জবটি করা অন্যায় নয়। যেমনটি একজন সম্পাদক বিজ্ঞাপন বিল কালেকশনের জন্য মুদি দোকানদারের দোকানে গিয়ে ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করছেন। তাও দোষের নয়। তিনিতো বিজ্ঞাপন ম্যানেজারের কাজটি তখন করছেন। অনেকে সরকারি জব করে পার্টটাইম সাংবাদিকতা করছেন। আর তারা তা করছেন সরকারি অফিসের লিখিত অনুমতি নিয়েই। প্রতিবছর ট্যাক্স ফাইলে তা তাদের উল্লেখ করতে হচ্ছে 'মুনলাইট জব' হিসেবে। নিউইয়র্ক সিটিও বাস্তবতার আলোকেই খন্ডকালীন দ্বিতীয় জবকে নিরুৎসাহিত করে না। অনেক ট্রাফিক পুলিশ এজেন্সীর অনুমতি নিয়ে উবার বা ট্যাক্সি চালায়। অনেক পুলিশ

এরপর ২৬ পৃষ্ঠায়

> অনেকেই এখন কথায় কথায় পত্রিকাগুলোর মালিকানা ব্যবসায়ীদের হাতে চলে যাবার অভিযোগ তোলার চেষ্টা করেন। এটা মনে রাখতে হবে, এই মিডিয়া মালিকেরাই তুলনামূলকভাবে সাংবাদিকদের ভালো ও নিয়মিত বেতন দিচ্ছেন। এইসব মালিকদের অন্যদের মতো বিজ্ঞাপনের জন্য ধর্ণা দিতে হয়ে হয় না। আত্মসম্মান বিসর্জন দিয়ে পত্রিকা বের করতে হয় না। বাংলাদেশে একাধিক মিডিয়া প্রতিষ্ঠানের মালিক হয়েছেন শিল্পপতিরা

# ইতিহাস বিকৃতি করার জন্য ডিগ্রী ও শিক্ষা লাগে না, লাগে শুধুমাত্র অজ্ঞতা

ডা. চৌধুরী সারওয়ারুল হাসান

বর্তমানে স্বাধীনতার ঘোষণা কে দিয়েছিল তা নিয়ে বিভিন্ন বিতর্ক ও আলোচনা হচ্ছে। অনেক গুণী ব্যক্তিরা স্বাধীনতার ৫৪ বছর পরে বোঝার চেষ্টা করছেন, কে ডাক দিয়েছিল। ১৯৭১ সালে তাদের কানে কি কোন সমস্যা ছিল। তারা স্বাধীনতার ডাক শুনতে পায় নাই।



১৯৭১ সালের ৭ মার্চের ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন 'এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। এটা রেকর্ড করা আছে । সুতরাং কারো যদি বুঝতে অসুবিধা হয় তাহলে সে এ রেকর্ডটা বারেবারে বাজিয়ে শুনতে পারে। ৭ মার্চ রেসকোর্সের ময়দানে যতজন ব্যক্তি ছিলেন, সারা বাংলাদেশে ততগুলি রেডিও ছিল না। সুতরাং স্বাধীনতার ঘোষণা রেডিওর মাধ্যমে কতজন পেয়েছিল সেটা হিসেব করে দেখতে হবে। আমি নিজের কানে ঠাকুরগাঁওয়ে বসে স্বাধীনতার ঘোষণা শুনেছিলাম। কারণ আমার কাছে রেডিও ছিল। তাও ছিল তৎকালীন পাকিস্তানের প্রেসিডেন্ট ফিল্ড মার্শাল আইয়ুব খানের দেওয়া রেডিও, যা প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যানকে দেওয়া হয়েছিল। বাংলাদেশ কিংবা তৎকালীন পূর্ব পাকিস্তানে রেডিওর সংখ্যা ছিল অতীব নগণ্য। কিন্তু সবাই ১৯৭১ সালের ৭ মার্চের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দেওয়া ভাষণ শুনতে পেরেছিল। ইতিহাস বিকৃতি করার জন্য ডিগ্রী লাগেনা, শিক্ষা লাগে না, শুধুমাত্র অজ্ঞতা লাগে। তাছাড়া আমরা ১৯৭১ সাল নিয়ে কেন এত অতিরিক্তভাবে ব্যস্ত হয়ে পড়েছি। আমরা তো স্বাধীন হয়ে গেছি ১৯৭১ সালে, নতুন করে আবার স্বাধীন হব না। নাকি ধোঁয়া সৃষ্টি করে, কাদা দিয়ে পানি ঘোলা করে আমরা কোন গোপন উদ্দেশ্য হাসিলের প্রচেষ্টা করছি। আমরা স্বাধীনতার ৫৪ বছরে ৫০ জন এডমিনিস্ট্রেটর তৈরি করতে পারিনি, যারা একটি সমুদ্র বন্দর চালাতে সক্ষম। এক জায়গায় দেখলাম যে চট্টগ্রাম বন্দরে বছরে ২০০ কোটি টাকা লুট পাট হয়। এটা অন্তত বাংলাদেশের ভেতরে ব্যয় করা হয়। বিদেশি কোম্পানিকে দিলে তারা যখন সাড়ে বারো হাজার কোটি টাকা নিয়ে বিদেশে চলে যাবে, তখন তো ওই টাকার দেখা বাংলাদেশ আর কখনো পাবে না। সেই অর্থ আরেক দেশের সম্পদে পরিণত হবে।

৬০ লক্ষ জনসংখ্যার একটি দেশ টেকনোলজিক্যালি এতই উন্নত যে তারা তাদের চেয়ে ৩০ গুণ বেশি, ১৮০০ লক্ষ জনসংখ্যার একটি দেশ বাংলাদেশের, সমুদ্র বন্দর ভালোভাবে পরিচালনা করতে পারবে। আশা করি আমার তুলনাটা বুঝতে পারবেন। আমার আপন মামা সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের প্রধান, বুয়েটের প্রফেসর, ডক্টর আবুল হাসনাত যুক্তরাষ্ট্রে ১৯৫৩ সালে ৮ কিলোমিটারের চেয়ে বেশি লম্বা ব্রিজের প্রিলিমিনারি ডিজাইন করেছিলেন। আমার আরেক আপন মামা ডক্টর মখলেসুর রহমান লন্ডনে থাকাকালীন ব্রিটিশ রাজ পরিবারের ডাক্তার ছিলেন বলে শুনেছি। আমাদের বুদ্ধি কি ১৯৫৩ সালে বেশি ছিল? আমরা কি অজ্ঞ হয়ে গেছি। না আমাদের নেতারা এখন অজ্ঞ হয়ে গেছেন। আমরা একটি সমুদ্র বন্দরে আইন-শৃঙ্খলা রক্ষা করতে পারিনা, সেই কারণে সমুদ্র বন্দর বিদেশীদের হাতে উঠিয়ে দেবো। আমার মনে একটু জ্বালা আছে। তার কারণ ১৯৭১ সালের নভেম্বর মাসে কোন একদিন রাত দুইটার সময় ঘাড়ে বন্দুক, গুলির বেল্ট, কোমরে গ্রেনেড আর মাথায় এন্টাই ট্যাঙ্ক মাইন নিয়ে গভীর অন্ধকারে ধানক্ষেতের ৮ ইঞ্চি চওড়া আইলের উপর দিয়ে হেঁটেছিলাম, এই দেশের স্বাধীনতার জন্য। যা কিছু লোক এখন সহজেই বিদেশীদের হাতে

এরপর ২৭ পৃষ্ঠায়

> শুধু নিউ ইয়র্ক শহরে চাকরির বিজ্ঞাপন দিলে আমার মনে হয় অন্তত হাজার খানেক বাংলাদেশীর আবেদন পত্র পড়বে, একটি সমুদ্র বন্দর চালানোর চাকরির জন্য। আইন শৃঙ্খলা রক্ষা করা এবং ঘুষ বন্ধ করা সরকারের দায়িত্ব, যে সরকারই হোক না কেন। পরিশেষে আমাদের মধ্যে দেশপ্রেম থাকতে হবে এবং দেশের সম্পদ রক্ষা করার জন্য প্রচেষ্টা থাকতে হবে। আর যদি দেশের কোন কিছু বিদেশীদের হাতে উঠিয়ে দিতে হয় সেই অধিকার থাকবে শুধুমাত্র নির্বাচিত সরকারের


> ৬০ লক্ষ জনসংখ্যার একটি দেশ টেকনোলজিক্যালি এতই উন্নত যে তারা তাদের চেয়ে ৩০ গুণ বেশি, ১৮০০ লক্ষ জনসংখ্যার একটি দেশ বাংলাদেশের, সমুদ্র বন্দর ভালোভাবে পরিচালনা করতে পারবে। আশা করি আমার তুলনাটা বুঝতে পারবেন। আমার আপন মামা সিভিল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের প্রধান, বুয়েটের প্রফেসর, ডক্টর আবুল হাসনাত যুক্তরাষ্ট্রে ১৯৫৩ সালে ৮ কিলোমিটারের চেয়ে বেশি লম্বা ব্রিজের প্রিলিমিনারি ডিজাইন করেছিলেন



Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

**Weekly Ajkal**
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# আসন্ন নির্বাচন ও সেনাবাহিনীর ভূমিকা

ড. মাহফুজ পারভেজ

স্বাধীন বাংলাদেশে নির্বাচন থেকে ভোটের সময় সেনাবাহিনীর ভূমিকা সবসময়ই দেখা গেছে। ভোটের আগে ও পরে নির্বাচনী সন্ত্রাস রোধে এবং সামগ্রিক শান্তি-শৃঙ্খলাবজায় রাখার স্বার্থে অতীতে সেনাবাহিনী মোতায়েনের ব্যবস্থা করা হয়েছে। এই রেওয়াজ ১৯৭৩ সালের প্রথম নির্বাচন থেকে সর্বশেষ নির্বাচন পর্যন্ত লক্ষ্যণীয়।

বর্তমানে বিদ্যমান আইন-শৃঙ্খলার নাজুক পরিস্থিতিতে অনুষ্ঠিতব্য আগামী নির্বাচনে সেনাবাহিনী ভূমিকা বাড়বে বৈ কমবে বলে মনে হয় না। আসন্ন জাতীয় নির্বাচন শান্তিপূর্ণ, উৎসবমুখর ও আনন্দময় করে তুলতে সেনাবাহিনীর সহায়তা প্রয়োজন বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বুধবার (১৯ নভেম্বর) দুপুরে মিরপুর সেনানিবাসের ডিফেন্স সার্ভিস কমান্ড ও স্টাফ কলেজ (ডিএসসিএসসি) অডিটোরিয়ামে আয়োজিত কোর্স-২০২৫ গ্র্যাজুয়েশন সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দিয়ে তিনি এ কথা বলেন। তাছাড়া, দেশে গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হলে 'মব ভায়োলেন্স' থেকে সরে আসতে হবে বলে মন্তব্য করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বুধবার গুলশানে লেকশোরে 'চিব্বশের গণঅভ্যুত্থানে বিএনপি' শীর্ষক সংকলিত গ্রন্থের প্রকাশনা উপলক্ষে এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। বলা বাহুল্য, 'মব ভায়োলেন্স' থামানো আইন-শৃঙ্খলার উন্নতির জন্য একটি গুরুত্বপূর্ণ কাজ। জুলাই-পরবর্তী পরিস্থিতিতে সেনাবাহিনীর ভূমিকা এক্ষেত্রে প্রশংসাযোগ্য।

ইতোমধ্যে জানা গেছে, আগামী জাতীয় সংসদ নির্বাচনে প্রায় এক লাখেরও বেশি সশস্ত্র বাহিনীর সদস্য ভোটের দায়িত্ব পালন করবেন। খোদ নির্বাচন কমিশন এ কারণে এরই মধ্যে নির্বাচনী আইনে সংস্কার করে সশস্ত্র বাহিনীকে যুক্ত করেছে। ফলে সশস্ত্র বাহিনীর সদস্যরাও আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশের মতো ভোটকেন্দ্রে দায়িত্ব পালন করতে পারবে। যে কারণে নির্বাচনের আগে সশস্ত্র বাহিনীকে দায়িত্ব দিতে আলাদা কোনও আদেশের প্রয়োজন হবে না। গত সপ্তাহে নির্বাচন কমিশনে আইনশৃঙ্খলা বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তাদের সাথে নির্বাচন কমিশনের একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।ওই বৈঠকে আগামী নির্বাচনে সশস্ত্র বাহিনীর পক্ষ থেকে নির্বাচনের সময় সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি পাওয়ার বা বিচারিক ক্ষমতা দেওয়ারও দাবি জানানো হয়েছে নির্বাচন কমিশনে কাছে, যে ক্ষমতা বর্তমানে সেনাবাহিনীকে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, অতীতের জাতীয় নির্বাচনগুলোয় সেনাবাহিনী দায়িত্ব পালন করলেও তাদের হাতে ম্যাজিস্ট্রেসি পাওয়ার ছিল না। তারা উপস্থিত থেকে বিশেষ প্রয়োজনে প্রশাসনের অনুরোধে কাজ করেছে। আসন্ন ভোটের সময় সশস্ত্র বাহিনীকে আইনশৃঙ্খলা বাহিনীর সংজ্ঞায় যুক্ত করার কারণে তাদেরকে আলাদা করে বিচারিক ক্ষমতা দেওয়ার এখতিয়ার ইসির হাতে নেই। নির্বাচন কমিশন বলছে, আইনশৃঙ্খলা বাহিনীর সংজ্ঞায় যুক্ত করা হলেও অতীতের মতোই এবারও নির্বাচনে স্থানীয় বেসামরিক প্রশাসনকে সহায়তা করার জন্য 'ইন এইড টু সিভিল পাওয়ার'-এর আওতায় সশস্ত্র বাহিনীকে নির্বাচনী দায়িত্বে মোতায়েন করা হবে।



অতীতে নির্বাচন কিংবা বিভিন্ন সময়ে বাংলাদেশের সেনাবাহিনীকে বিচারিক ক্ষমতা দেওয়া হয়েছে এবং এ নিয়ে পক্ষে-বিপক্ষে নানা মহল থেকে বক্তব্য এসেছে। গত বছরের আগস্ট মাসে বর্তমান অন্তর্বর্তী সরকার ক্ষমতা গ্রহণের পর গত বছরের সেপ্টেম্বরে সেনাবাহিনীর কমিশনপ্রাপ্ত কর্মকর্তাদের বিচারিক ক্ষমতা দিয়ে প্রজ্ঞাপন জারি করে। এরপর কয়েক দফায় সেই ক্ষমতার মেয়াদ বাড়ানো হয়েছে।

ম্যাজিস্ট্রেসি পাওয়ার বা বিচারক ক্ষমতা হলো এমন একটি ক্ষমতা, যার ফলে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কাউকে গ্রেফতার করার আদেশ দেওয়া, স্বল্পমেয়াদী সাজা দেওয়া বা প্রয়োজনে গুলি চালানোর মতো আদেশ দিতে পারেন। বাংলাদেশে বিভিন্ন পরিস্থিতিতে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সেনাবাহিনী আইনশৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন করেছে। নির্বাচনকালীন দায়িত্ব পালনের পাশাপাশি বিভিন্ন কাজে মাঠ প্রশাসনকে সহায়তাও করেছে সেনাবাহিনী। সর্বশেষ ২০০৭ সালে ওয়ান ইলেভেনের সময় দায়িত্ব পালন করেছিল ফখরুদ্দিন আহমেদের সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময় দেশে জরুরি অবস্থা জারি ছিল। ফলে আলাদা ঘোষণা দিয়ে সেনাবাহিনীকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দিতে হয়নি। তখন সেনা সদস্যরা আটক বা গ্রেফতার, অভিযান বা তল্লাশির মতো কাজগুলো করেছেন। তবে নির্বাচনের আগে জরুরি অবস্থা প্রত্যাহার করা হয়। তাই, নির্বাচনের সময় সেনাবাহিনী অন্যান্য বাহিনীর মতোই সিভিল প্রশাসনকে সহায়তাকারী বাহিনী হিসেবে কাজ করেছিল।

তারও আগে ২০০২ সালে অপারেশন ক্লিনহার্টের সময় সেনা সদস্যদের ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দিয়ে বিশেষ অভিযান চালানোর ক্ষমতা দেয়া হয়েছিল। জুলাই আন্দোলনে ২০২৪ সালে শেখ হাসিনা সরকার পতনের পর গঠিত অন্তর্বর্তীকালীন সরকার এক মাসের মাথায় (গত বছরের সেপ্টেম্বরে) সেনাবাহিনীকে বিচারিক ক্ষমতা বা ম্যাজিস্ট্রেসি পাওয়ার দিয়ে প্রজ্ঞাপন জারি করে। এরপর কয়েক দফায় সেই ক্ষমতার মেয়াদ বাড়ানো হয়েছে। সেই থেকে এখনও পর্যন্ত এই বিচারিক ক্ষমতা নিয়ে সারাদেশে দায়িত্ব পালন করছে সেনাবাহিনী।

সরকারের প্রজ্ঞাপনে বলা হয়-

এরপর ২৬ পৃষ্ঠায়



কিংবা আইনের স্বচ্ছতার জন্য বিষয়টি আরও স্পষ্টভাবে উল্লেখ করা যেতে পারে। একটি সুষ্ঠু, শান্তিপূর্ণ, অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের জন্য বর্তমান সরকার ও নির্বাচন কমিশন নিশ্চয় প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। তবে, এক্ষেত্রে যাবতীয় কার্যক্রম পরিচালিত হওয়া দরকার অত্যন্ত সুচিন্তিত সিদ্ধান্ত ও পদক্ষেপের ভিত্তিতে। কারণ, নির্বাচন খুবই নাজুক ও স্পর্শকাতর একটি ইস্যু। এতে সেনাবাহিনীর ভূমিকা ও দায়িত্ব পালনের বিষয়টি সকল প্রকার বিতর্ক, বিতণ্ডা, সন্দেহ বা ভুল বোঝাবুঝির উর্ধে রেখে সম্পন্ন করতে হবে। এতে রাজনৈতিক দলগুলো ও জনগণের পক্ষ থেকে ইতিবাচক মনোভাব দেখানো হলে এবং সরকারের পক্ষ থেকে গণতান্ত্রিক রূপান্তর ও জাতীয় স্বার্থের বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে স্বচ্ছভাবে উপস্থাপন করা হলে অহেতুক বিতর্ক ও ভুল বোঝাবুঝির অবকাশ থাকবে না

# যাচ্ছি কোথায়, আদর্শের রাজনীতিতে, ত্যাগে না উচ্ছিষ্ট ভোগে!

এম এস সেকিল চৌধুরী

"স্বাধীনতা তুমি তরুণ মেধাবী শিক্ষার্থীর শানিত কথার ঝলসানি লাগা সতেজ ভাষণ" কবিতার পঙক্তিটি যেন শুধু কবিতায়ই রয়ে গেল। জনগণের অপেক্ষার যেন শেষই হচ্ছে না।



রাজা হওয়া, মন্ত্রী-এমপি হওয়া কিংবা রাজনৈতিক দলের নেতা হওয়া সাধারণ জনগণের চাহিদা নয়। তারা চায়, আদর্শ একটি রাষ্ট্র-পরিচালনা ব্যবস্থা। যেখানে রাজনৈতিক দলের নেতারা জবাবদিহিতা করতে বাধ্য থাকেন, জনগণের সাধারণ নিরাপত্তা ও কথা বলার সুযোগ অবারিত থাকে, পেশিশক্তি ও অশ্লীল কথামালার চর্চা নেতারা করবেন না, রাজনীতিবিদরা গোপন চাঁদাবাজির মাধ্যমে বিলাসী জীবনযাপন করবেন না। জনগণ প্রত্যাশা করে, রাজনীতিবিদরা নির্বাচিত হয়ে প্লট, ফ্ল্যাট ও কম দামে গাড়ি কেনার আইন প্রণয়নে ব্যস্ত হবেন না।

জনগণ আশা করে, ব্যাংকের গচ্ছিত টাকা ও রাষ্ট্রের সম্পদ রাজনীতিবিদরা কতিপয় সহিসেবী অনৈতিক ব্যবসায়ীদের সঙ্গে মিলেমিশে লুট করবেন না, রাষ্ট্রের প্রতিষ্ঠানগুলো হবে মানুষের আশ্রয়স্থল, ন্যায্যতা প্রাপ্তির ঠিকানা এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও তাদের উচ্চ পদাধিকারীরা নিয়মিত জবাবদিহিতার মুখোমুখি থ াকবেন।

সমাজের ত্যাগী, সংগ্রামী, সৎ বুদ্ধিদীপ্ত মানুষগুলো রাজনীতিবিদ হোক, নেতা হোক, মন্ত্রী-এমপি হোক, জনগণ এটাই কামনা করে। যারা নিত্যপণ্য, আবাসন, চিকিৎসা ও শিক্ষার ন্যূনতম সুযোগ নিশ্চিত করবে।

সদ্য সমাপ্ত ছাত্র-জনতার অভ্যুত্থান সাধারণ জনতার মাঝে আশা জাগিয়ে আজ ম্রিয়মাণ।

যে তরুণ ঝলমল করছিল কথায়, কাজে ও সংগ্রামে, সে আজ রাজনীতির গ্যাঁড়াকলে নিপতিত, রাজনৈতিক পদ-পদবি, মন্ত্রী-এমপি হওয়ার অসুস্থ প্রতিযোগিতায় মগ্ন। পত্রপত্রিকায় প্রকাশিত তথ্য অনুযায়ী, আশা-জাগানিয়া তরুণরা আজ লোভাতুর রাজনীতির জন্য, পদের জন্য, প্রার্থিতার জন্য, তাও আবার গোপন আঁতাতের মাধ্যমে, যেখানে আদর্শের কোনো প্রাধান্য নেই, আছে শুধু সুবিধা ভোগের প্রয়াস। যে তরুণ আকৃষ্ট করেছিল মানুষকে তার কথা দিয়ে, স্বপ্ন শুনিয়ে, তার মুখে আজ কখনো কখনো অশ্লীলতার বাক্যবাণ, অগ্রজদের অসম্মান করে নিজেকে জেতানোর চেষ্টা, আবার কখনো অগ্রজরাও মারমুখী। এ অবস্থা কাম্য নয়, দেশের জন্যও মঙ্গলজনক নয়। অভিজ্ঞদের পাশাপাশি তরুণদের শক্তি ও মেধার মিশেলে যে নেতৃত্ব তা-ই একটি জাতিকে এগিয়ে নেয়ার নিয়ামক।

কিন্তু আমরা যাচ্ছি কোথায়, উচ্ছিষ্ট ভোগের রাজনীতির দিকে নাকি আদর্শের রাজনীতির দিকে! নির্বাচনের প্রার্থিতা কি নীতি- আদর্শের মাপকাঠিতে বিবেচিত হবে নাকি গড্ডালিকা প্রবাহে সব ভেসে যাবে!

এরপর ২৮ পৃষ্ঠায়




সমাজের ত্যাগী, সংগ্রামী, সৎ বুদ্ধিদীপ্ত মানুষগুলো রাজনীতিবিদ হোক, নেতা হোক, মন্ত্রী-এমপি হোক, জনগণ এটাই কামনা করে। যারা নিত্যপণ্য, আবাসন, চিকিৎসা ও শিক্ষার ন্যূনতম সুযোগ নিশ্চিত করবে। সদ্য সমাপ্ত ছাত্র-জনতার অভ্যুত্থান সাধারণ জনতার মাঝে আশা জাগিয়ে আজ ম্রিয়মাণ। যে তরুণ ঝলমল করছিল কথায়, কাজে ও সংগ্রামে, সে আজ রাজনীতির গ্যাঁড়াকলে নিপতিত, রাজনৈতিক পদ-পদবি, মন্ত্রী-এমপি হওয়ার অসুস্থ প্রতিযোগিতায় মগ্ন। পত্রপত্রিকায় প্রকাশিত তথ্য অনুযায়ী, আশা-জাগানিয়া তরুণরা আজ লোভাতুর রাজনীতির জন্য, পদের জন্য, প্রার্থিতার জন্য, তাও আবার গোপন আঁতাতের মাধ্যমে, যেখানে আদর্শের কোনো প্রাধান্য নেই, আছে শুধু সুবিধা ভোগের প্রয়াস

কিন্তু আমরা যাচ্ছি কোথায়, উচ্ছিষ্ট ভোগের রাজনীতির দিকে নাকি আদর্শের রাজনীতির দিকে! নির্বাচনের প্রার্থিতা কি নীতি- আদর্শের মাপকাঠিতে বিবেচিত হবে নাকি গড্ডালিকা প্রবাহে সব ভেসে যাবে! বাস্তবতা আজ হতাশাজনক। সংগ্রামের সাহসী তরুণ আজ গোঁজামিলের রাজনীতিতে হাবুডুবু খাচ্ছে। আমাদের উত্তরাধিকাররা ব্যক্তিগত লোভ-লালসার উর্ধ্বে উঠে সততার বলে বলীয়ান হয়ে এগিয়ে যাক। বাংলাদেশের মাটি ও মানুষের নিজস্ব জাতিসত্তা, মূল্যবোধ ও স্বার্থকে সর্বাগ্রে অগ্রাধিকার দিয়ে আগামীর বাংলাদেশ হোক দূরদৃষ্টিসম্পন্ন মেধাবী মানুষের রাজনীতি, অর্থনীতি ও সমাজনীতির চারণভূমি। তরুণরা ফিরে পাক তাদের জন্য লাগসই পথরেখ

# মামদানি যেভাবে ট্রাম্পকে ট্রাম্পকার্ড দেখিয়ে দিলেন

> ট্রাম্প, তাঁর ঘনিষ্ঠ বন্ধু ও বিশেষ দূত স্টিভ উইটকফ, এবং জামাই জ্যারেড কুশনার-এঁদের সবারই নিউইয়র্ক সিটিতে কোটি কোটি ডলারের রিয়েল এস্টেট ব্যবসা আছে। এ বিষয়টিও হয়তো মামদানিকে ট্রাম্পের তোয়াজ করার পেছনে ভূমিকা রেখেছে। কারণ, নিউইয়র্ক সিটিতে রিয়েল এস্টেট খাত নিয়ন্ত্রণ (যেমন জোনিং, অগ্নি ও নিরাপত্তা বিধি, বিল্ডিং লাইসেন্স দেওয়া, এমনকি সামাজিক আবাসন প্রকল্পের ঠিকাদারি) সবশেষে গিয়ে সিটি হলের সিদ্ধান্তের ওপর নির্ভর করে। আর সিটি হল কার্যত মেয়রের নিয়ন্ত্রণেই থাকে। তাই কুশনার, উইটকফ, তাঁদের পরিবার-বন্ধু-ব্যবসায়িক অংশীদাররা এবং ট্রাম্প নিজেও বুঝে গেছেন-সিটি হলের সঙ্গে ভালো সম্পর্ক রাখা কত জরুরি। রাজনৈতিক বক্তব্য বা দলীয় তর্ক এখানে তত গুরুত্বপূর্ণ নয়

আব্বাস নাসির



হোয়াইট হাউসের ওভাল অফিসে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে নিউইয়র্ক সিটির সদ্য নির্বাচিত মেয়র জোহরান মামদানি।

কিন্তু মার্কিন গণমাধ্যম বলছে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও নিউইয়র্ক সিটির নবনির্বাচিত মেয়র জোহরান কে মামদানির সাক্ষাৎটা নাকি 'ব্রোম্যান্স'। কথাটায় হয়তো বাড়াবাড়ি আছে। কিন্তু তাঁদের সাক্ষাৎটা এতটা মধুর পরিবেশে হবে, এটাই বা কে ভেবেছিল!

এই সাক্ষাৎ রিপাবলিকান কর্মীদের যেমন বিস্মিত করেছে, তেমনই হয়তো ডেমোক্র্যাট শীর্ষ নেতাদেরও হতবাক করে দিয়েছে। ট্রাম্প আগে মামদানিকে 'কমিউনিস্ট', 'ইহুদিবিদ্বেষী' আর 'উন্মাদ' বলেছিলেন। কিন্তু শুক্রবারের হোয়াইট হাউস বৈঠকের আগে ট্রাম্প হঠাৎ বলেন-তিনি আশা করছেন সাক্ষাৎটা 'ভদ্র ও সৌহার্দ্যপূর্ণ' হবে।

তার মাত্র এক দিন আগে হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি ক্যারোলাইন লেভিট সাংবাদিকদের বলেছিলেন: 'এটা অনেক কিছু বলে দেয় যে কাল হোয়াইট হাউসে একজন কমিউনিস্ট আসছেন; কারণ, ডেমোক্র্যাটরা তাঁকেই দেশের সবচেয়ে বড় শহরের মেয়র বানিয়েছে।'সিএনএন জানায়, শুক্রবার সকালেই রিপাবলিকান সিনেটর রিক স্কট মামদানিকে 'আক্ষরিক অর্থেই কমিউনিস্ট' বলেছিলেন। রিক স্কট বলেন, মামদানি 'হোয়াইট হাউসে যাচ্ছেন ট্রাম্পের কাছ থেকে শিক্ষা নিতে।'

রিপাবলিকানরা কয়েক সপ্তাহ (এমনকি কয়েক মাস ধরে) চেষ্টা করছিলেন মামদানির রাজনীতিকে ডেমোক্র্যাটদের সঙ্গে জুড়ে দিতে। ডেমোক্র্যাটরাও এই অভিযোগকে ভয় পাচ্ছিলেন। কারণ, অনেকেই তাঁকে প্রকাশ্যে সমর্থন দিতে দ্বিধা করছিলেন।

সিএনএনের ভাষায়-'এটা ছিল রিপাবলিকানদের বড় সুযোগ। ট্রাম্পের এজেন্ডা আর ডেমোক্র্যাটদের তথাকথিত কমিউনিজমের মধ্যে তফাৎ দেখানোর সুযোগ...কিন্তু ট্রাম্প নিজেই তাদের এই কৌশল নষ্ট করে দিলেন।'

ট্রাম্প রিপাবলিকানদের আরেকটি বড় অভিযোগও বাতিল করে সবাইকে চমকে দেন। অভিযোগটি হলো-মামদানি নাকি 'জিহাদি'। এক সাংবাদিক জিজ্ঞেস করলেন, তিনি কি রিপাবলিকান নিউইয়র্ক গভর্নর প্রার্থী (কট্টর ইসরায়েলপন্থী কংগ্রেসওম্যান) এলিস স্টেফানিকের এ দাবি মানেন? ট্রাম্প বললেন: 'না, আমি মানি না।' তিনি বললেন, এটা স্রেফ নির্বাচনী বক্তব্য।



ট্রাম্প মামদানির জয়েরও প্রশংসা করেন। বলেন, তিনি 'কঠিন প্রতিদ্বন্দ্বীদের' হারিয়ে জয়ী হয়েছেন। তিনি আরও বলেন, নতুন মেয়র রিপাবলিকানদের তাঁর নীতি দিয়ে অবাক করে দেবেন। শুধু তাই নয়, মামদানিকে সাংবাদিকেরা যখন তাঁর প্রচারণার কিছু মন্তব্য নিয়ে প্রশ্ন করেন (যার মধ্যে ছিল ট্রাম্পকে 'ফ্যাসিস্ট' বলা), তখনো প্রেসিডেন্ট তাঁকে 'রক্ষা' করেন। এতে বোঝা যায় ট্রাম্পের অবস্থান সম্পূর্ণ পাল্টে গেছে।

তাহলে কেন এই পরিবর্তন?

নিউইয়র্কের একজন দক্ষিণ এশীয় বিশ্লেষক খানিকটা মজা করে আমাকে বলেছেন, হয়তো মামদানি পাকিস্তানি রাজনীতিবিদদের কায়দায় ট্রাম্পকে 'ভদ্রতা দিয়ে বশ' করেছেন। পরে তিনি সিরিয়াসভাবে বলেন, ট্রাম্প স্বভাবগতভাবে আত্মরতিমগ্ন বা 'নার্সিসিস্ট' এবং সুযোগ পেলেই দুর্বলকে হেনস্তা করার মতো লোক।

মামদানির আবেগ-বুদ্ধি অত্যন্ত ভালো। তিনি হয়তো দুই দিকেই খেলেছেন। তিনি বয়োজ্যেষ্ঠের প্রতি সম্মান দেখিয়ে ট্রাম্পের অহমবোধে স্পর্শ করেছেন, কিন্তু একই সঙ্গে ভদ্রভাবে বুঝিয়ে দিয়েছেন, তাঁকে ভয় দেখানো যাবে না।

ট্রাম্পের পাশে দাঁড়িয়েও মামদানি যে নরম নন-সেটা তিনি দ্রুতই দেখিয়ে দেন। সাংবাদিকেরা যখন তাঁকে জিজ্ঞেস করলেন, তিনি কি এখনো মনে করেন, যুক্তরাষ্ট্র গাজায় 'গণহত্যায়' সহায়তাকারী? মামদানি স্পষ্ট বলেন-ইসরায়েল গাজায় গণহত্যা চালিয়েছে, আর যুক্তরাষ্ট্র তাতে অর্থ ঢেলেছে। তিনি আরও গর্ব করে বলেন: 'আমি একজন ডেমোক্রেটিক সোশ্যালিস্ট'।

রাজনৈতিক বিশ্লেষকদের মধ্যে আরেকটি বিষয়ও আলোচনায় আছে। সেটি হলো, মামদানির দরজায় দরজায় প্রচারণার জন্য যে বিশাল স্বেচ্ছাসেবক বাহিনী কাজ করেছে, তা সবাইকে বিস্মিত করেছে। তাঁর মিডিয়া টিমও প্রথমবার ভোট দিতে আসা তরুণদের লক্ষ্য করে চমৎকার সামাজিক মাধ্যম বার্তা তৈরি করেছে।

একই সময়ে মামদানি সব প্রশ্নের উত্তরে তাঁর প্রধান যে নির্বাচনী ইস্যু, সেই নিউইয়র্কবাসীর জন্য 'সাশ্রয়ী জীবনযাপন'-এর কথাই ধরে রাখলেন।

যুক্তরাষ্ট্রে আবার মূল্যস্ফীতি বাড়ায় ট্রাম্পের জনপ্রিয়তা কমে গেছে। তাই ট্রাম্প বাধ্য হয়ে মেনে নিলেন, জীবনযাত্রার খরচ এখন বড় সমস্যা। তিনি বললেন, নিজের প্রেসিডেন্ট নির্বাচনী প্রচারণাতেও তিনি বারবার এ বিষয়টি তুলে ধরেছেন।

মেয়র নির্বাচনের আগে ট্রাম্প নিউইয়র্কের ফেডারেল তহবিল কাটার হুমকি দিয়েছিলেন। সাংবাদিকেরা এটি স্মরণ করিয়ে দিলে ট্রাম্প বিষয়টিকে ছোট করে দেখালেন। তিনি বললেন, তিনি মামদানিকে ক্ষতি নয়, সাহায্য করতেই মনোযোগ দেবেন, কারণ, 'এ শহর আমরা দুজনেই ভালোবাসি'।

ট্রাম্প যদিও কয়েক বছর আগে ফ্লোরিডায় চলে গেছেন, তবু তিনি নিজেকে চিরদিনের নিউইয়র্কার ভাবেন। তিনি বললেন, তিনি মামদানিকে সমর্থন করবেন এবং মামদানি নিউইয়র্ক সিটিকে আবার মহান এরপর ২৬ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

AUTHORIZED IRS e-file PROVIDER

tax refund

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

# তত্ত্বাবধায়ক ভালো, কিন্তু এখনই নয়!

তাঁরা মনে করছেন, বর্তমান সরকারই তাঁদের ক্ষমতায় পৌঁছে দিতে পারবে। তাই তাঁরা সরকারকে চটাতে চান না। কিন্তু জনগণের মতামত বা চাহিদার দিকে কেউ ফিরেও তাকাচ্ছেন না। মানুষ কিন্তু হতাশ। অন্তত আমি আমার নিজের কথা বলতে পারি। আমার কেন যেন মনে হয়, এবারই তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন না হলে, ভবিষ্যতে আর কোনোদিন এমন সরকারের অধীনে ভোট দেওয়ার সুযোগ আর না-ও পেতে পারি। সামনে কোন সরকার আসবে, তাদের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা থাকলে তারাও আওয়ামী লীগ সরকারের মতো এ ব্যবস্থাকে বাতিল করে দেবে কি না, কে জানে। দীর্ঘ ১৪ বছর যে তত্ত্বাবধায়কের জন্য তারা এত ব্যাকুল ছিল, সেটা পাওয়ার পরও পাঁচ বছর পর থেকে বাস্তবায়নের বিষয়টি তারা এত সহজে কীভাবে মেনে নেয়, সেটিও আমার বুঝে আসে না

## মাসুদ কামাল



তত্ত্বাবধায়ক সরকারপদ্ধতি ফিরে এসেছে। কিন্তু আসলেই কি ফিরে এসেছে? ২০১১ সালে তৎকালীন প্রধান বিচারপতি এ বি এম খায়রুল হকের নেতৃত্বে আপিল বিভাগ তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থাকে বাতিল করে দিয়েছিলেন। ১৪ বছর পর বর্তমান প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বে গঠিত আপিল বিভাগ আগের সে রায়কে ত্রুটিপূর্ণ আখ্যায়িত করে বাতিল করে দিয়েছেন। ফলে ফিরে এসেছে দেশের সাধারণ ভোটারদের প্রিয় সেই তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা। তাহলে আসন্ন জাতীয় সংসদ নির্বাচন, ২০২৬ সালের ফেব্রুয়ারিতে যেটা হওয়ার কথা, সেটা কি তত্ত্বাবধায়ক সরকারের অধীনে হচ্ছে? না, তা হচ্ছে না। কেন হচ্ছে না? আদালত বলেছেন, এবার হবে না, তাই হচ্ছে না। আদালত কেন বললেন? এ প্রশ্নের আর জবাব নেই।

আদালত যেহেতু নিজে থেকে কারণটা বলেননি, তাই আইনজীবীদের ব্যাখ্যার ওপর নির্ভর করতে হচ্ছে। রায়ে বলা হয়েছে, তত্ত্বাবধায়ক সরকার-সংক্রান্ত বিধানগুলো স্বয়ংক্রিয়ভাবে সংবিধানে পুনর্বহাল হলেও তার প্রয়োগ কার্যকর হবে সংবিধানের অনুচ্ছেদ ৫৮ খ(১) এবং অনুচ্ছেদ ৫৮ গ(২)-এর বিধান অনুযায়ী। বিষয়টি বুঝতে আগে এই দুটি অনুচ্ছেদ সম্পর্কে জানতে হবে। ত্রয়োদশ সংশোধনী আইনে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার-সংক্রান্ত ৫৮ খ(১) অনুচ্ছেদে বলা হয়েছিল, সংসদ ভেঙে দেওয়ার পর বা মেয়াদ শেষ হওয়ার কারণে যে তারিখে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টা কার্যভার গ্রহণ করেন, সেই তারিখ থেকে সংসদ গঠিত হওয়ার পর নতুন প্রধানমন্ত্রী তাঁর পদের কার্যভার গ্রহণ করার তারিখ পর্যন্ত মেয়াদে একটি নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার থাকবে।

নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠন, উপদেষ্টা নিয়োগ ইত্যাদি সংক্রান্ত ৫৮ গ(২) অনুচ্ছেদে বলা হয়েছিল, সংসদ ভেঙে দেওয়ার বা ভঙ্গ হওয়ার পরবর্তী ১৫ দিনের মধ্যে প্রধান উপদেষ্টা এবং অন্য উপদেষ্টারা নিযুক্ত হবেন।

এখনই কার্যকর করতে গেলে এখানে বলা বিধান অনুযায়ী কিছু জটিলতা সৃষ্টি হতে পারে। যেমন সংসদ ভেঙে দেওয়ার পরবর্তী ১৫ দিনের মধ্যে তত্ত্বাবধায়ক সরকার নিয়োগ করতে হবে। কিন্তু এবার সংসদ তো ভেঙে দেওয়া হয়েছে আরও অনেক আগে, এক বছর তিন মাস সময় আগে। এভাবে দেখতে গেলে বিষয়টি আসলেই জটিল। কিন্তু প্রশ্ন হচ্ছে, সংবিধানকে হুবহু মানতে গেলে অনেক কিছুই তো জটিল। সে জটিলতাগুলো এড়ানো যাচ্ছে কীভাবে? তখন বলা হচ্ছে, সময়ের প্রয়োজনে সেগুলো করা হচ্ছে।



'সময়ের প্রয়োজন'-এটা কেবল একটা কথার কথা নয়। আসলেই গত বছরের আগস্ট থেকে অনেক কিছুই এ দেশে আর সংবিধান মেনে হয়নি। সংবিধান মেনে গণ-আন্দোলন হয়নি; কিংবা শেখ হাসিনা দেশ ছেড়ে যাননি। সংবিধান মেনে সংসদও ভেঙে দেওয়া হয়নি। শুরুতে বলা হয়েছিল, প্রধানমন্ত্রী পদত্যাগ করে চলে গেছেন, তাই রাষ্ট্রপতি সংসদ ভেঙে দিয়েছেন। পরে দেখা গেল, অতি গুরুত্বপূর্ণ সেই 'পদত্যাগপত্র' আর পাওয়া যাচ্ছে না। সাংবাদিক মতিউর রহমান চৌধুরীর সঙ্গে আলাপচারিতায় রাষ্ট্রপতি একবার জানালেন পর্যন্ত, সে রকম কোনো পদত্যাগপত্র তিনি পাননি। আবার এই যে অন্তর্বর্তী সরকার, সংবিধানে তো 'অন্তর্বর্তী সরকার' বিষয়টিই নেই। তারপরও তারা আছে তো? দেশও চালাচ্ছে। সবই হচ্ছে 'সময়ের প্রয়োজনে'।

সময়ের দোহাই দিয়ে যদি এত কিছু হতে পারে, তাহলে তত্ত্বাবধায়ক সরকারপদ্ধতি চালুর ক্ষেত্রে এত আইন আর সংবিধানের দোহাই কেন? তত্ত্বাবধায়ক ব্যবস্থা বাতিল হয়ে গিয়েছিল সেই ২০১১ সালে। তার পর থেকে, ১৪টি বছর ধরে বিএনপি-জামায়াতসহ প্রায় সব রাজনৈতিক দলের প্রধান দাবি ছিল এই তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা চালুর। এই দাবি আদায় করতে গিয়ে তাদের অগণিত নেতা-কর্মী-সমর্থক জীবন দিয়েছে। তাঁদের বিরুদ্ধে গণহারে মামলা করা হয়েছে। লাখ লাখ মানুষের জীবন দুর্বিষহ হয়ে গেছে। এই যে এত ত্যাগ, এত ভোগান্তি, সেটা কি এখন মূল্যহীন হয়ে গেল? সামনে নির্বাচন; কিন্তু সেই নির্বাচন তত্ত্বাবধায়ক সরকারের অধীনেই হওয়া দরকার, এটাই এখন সময়ের দাবি, এ কথাটা কোনো রাজনৈতিক দল বলছে না কেন?

তাহলে কি ড. ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার প্রকারান্তরে একটা তত্ত্বাবধায়ক সরকারই? তত্ত্বাবধায়ক সরকারের মূল নীতিটা কী? সেটা হচ্ছে, নির্বাচনের সময় দেশে এমন একটা সরকার থাকবে, যে সরকারের কোনো উপদেষ্টা নির্বাচন করবেন না। নির্বাচনে অংশ নেওয়া কোনো রাজনৈতিক দলের প্রতি তাঁদের কোনো পক্ষপাতিত্ব থাকবে না। সরকার চালাতে গিয়ে তাঁরা কোনো নীতিনির্ধারণী পদক্ষেপ নেবেন না, কেবল দৈনন্দিন কর্মকাণ্ড সম্পন্ন করবেন। কিন্তু এই সরকারের দুজন উপদেষ্টা আগামী নির্বাচনে অংশ নিচ্ছেন, এটা এখন স্পষ্ট। একজন উপদেষ্টা এরই মধ্যে তো জানিয়েই দিয়েছেন, তিনি ধানমন্ডি এলাকা থেকে নির্বাচন করছেন। তিনি এনসিপি, বিএনপি নাকি জামায়াত-কোন দলের প্রার্থী হবেন, কাদের কাছ থেকে সমর্থন লাভ করবেন?

আমাদের মতো দেশে ক্ষমতার শীর্ষে থাকলে সব সময় একটি বলয় চারপাশ ঘিরে থাকে। তাদের কারণে শীর্ষে থাকা ব্যক্তিটি বাস্তবতাকে উপলব্ধি করতে পারেন না। আমার কেন যেন মনে হয়, প্রধান উপদেষ্টাও এখন সে রকম বলয় দ্বারা পরিবেষ্টিত হয়ে আছেন।

এত কিছুর পরও বিএনপি বা জামায়াতের মতো রাজনৈতিক দলগুলো কেন এবারের নির্বাচন এরপর ২৬ পৃষ্ঠায়

# উত্তর নেই, প্রশ্নের পাহাড়

## খায়রুল আনোয়ার

সব কূল রক্ষা করার লক্ষ্য নিয়ে প্রধান উপদেষ্টা গত ১৩ নভেম্বর জাতির উদ্দেশে যে ভাষণ দিলেন, তাতে কি সবকিছু ঠিকঠাক হয়ে গেল? শঙ্কা কেটে গিয়ে জনমনে কি স্বস্তি ফিরে এসেছে? কোনো কোনো রাজনৈতিক দল নতুন নতুন ইস্যু তৈরি করা থেকে বিরত থাকবে? নির্বাচন কমিশন কি ইতিহাসের 'সেরা নির্বাচন' আয়োজনে সফল হবে, যার ঘোষণা প্রফেসর মুহাম্মদ ইউনূস বারবার দিয়ে যাচ্ছেন? জাতীয় নির্বাচনের সঙ্গে যুক্ত হওয়া গণভোটের পরিণতি কী হবে? কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের অনলাইনে বিভিন্ন সময় ঘোষিত 'লকডাউন' বা 'শাটডাউন' কি আগামীতেও অব্যাহত থাকবে? ককটেল নিক্ষেপ, বাসে আগুন, মহাসড়ক অবরোধের মতো কর্মসূচি কীভাবে বন্ধ করা যাবে? সাধারণ মানুষের মনে এমন অসংখ্য প্রশ্ন, কিন্তু উত্তর সম্ভবত কারও জানা নেই। প্রধান উপদেষ্টা স্বয়ং মহাবিপদের বিষয়ে সতর্ক সংকেত দিয়ে রেখেছেন। প্রফেসর ইউনূস তার ভাষণে এ প্রসঙ্গে বলেছেন, 'ফেব্রুয়ারিতে সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে অভ্যুত্থানের পক্ষের রাজনৈতিক দলগুলোকে ঐক্যবদ্ধ থাকতে হবে। তা না হলে জাতি এক মহাবিপদের সম্মুখীন হবে।'

প্রধান উপদেষ্টার এ সতর্কবার্তা বিশেষভাবে বিবেচনার দাবি রাখে। তিন মাসেরও কম সময়ের পর বহুল প্রত্যাশিত নির্বাচন হওয়ার কথা। অথচ ১৯৯১ থেকে তিনটি নির্বাচনের আগে যে অনুকূল পরিবেশ পরিস্থিতি ছিল, এবার এখন পর্যন্ত তা একেবারেই অনুপস্থিত। স্বৈরাচারবিরোধী গণঅভ্যুত্থানে অংশগ্রহণকারী রাজনৈতিক দল ও শক্তিই শুধু নয়, দেশের মানুষ একটি অবাধ ও সুষ্ঠু ভোটের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করে আছে। পুরোনো ভোটারের পাশাপাশি নতুন প্রজন্মের চার কোটিরও বেশি ভোটার এবার প্রথমবারের মতো ভোটাধিকার প্রয়োগ করবেন। নির্বাচন বিলম্বিত করা, সম্ভব হলে অনির্দিষ্টকালের জন্য অনিশ্চিত করে তুলতে 'ডিপ স্টেট' কিছুদিন আগে পর্যন্ত ছিল সক্রিয়। তবে প্রফেসর ইউনূস এখন নির্বাচন করে তার দায়িত্বের অবসান ঘটাতে চান-এটা এখন পরিষ্কার। তবে নির্বাচন পর্যন্ত পরিস্থিতি তার পক্ষে কতখানি অনুকূল থাকবে, তা এক বিরাট প্রশ্ন হয়ে বিরাজ করছে। সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নিতে না পারা এবং সংস্কারের ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণের বাস্তবতা অনুধাবন না করার ফলে উদ্ভূত পরিস্থিতি প্রফেসর ইউনূসের জন্য এখন রীতিমতো চ্যালেঞ্জ হয়ে দেখা দিয়েছে। তৈরি করেছে নানামুখী সংকট। নির্বাচন নিয়ে কারও সঙ্গে আলাপ করলেই অবশ্যম্ভাবী সবার একটাই প্রশ্ন, নির্বাচন হবে তো? এর প্রধান কারণ হচ্ছে, আইনশৃঙ্খলা পরিস্থিতি। চট্টগ্রামে গণসংযোগকালে গত ৫ নভেম্বর বিএনপি প্রার্থী এরশাদ উল্লাহ গুলিবিদ্ধ হন। এ ঘটনায় গুলিবিদ্ধ হয়ে নিহত হয়েছেন এক যুবক। বিএনপি প্রথম পর্যায়ে তাদের প্রার্থী তালিকা ঘোষণার কয়েক দিনের মধ্যে এ ঘটনা ঘটেছে। আগামী মাসের প্রথম সপ্তাহে নির্বাচনের তপশিল ঘোষণার পর মাঠের পরিস্থিতি কী দাঁড়ায়, তা নিয়েও রয়েছে উদ্বেগ-উৎকণ্ঠা। সংবাদপত্রে খবর প্রকাশিত হয়েছে, সীমান্ত দিয়ে অস্ত্র ঢুকছে। গণঅভ্যুত্থানের পর বিভিন্ন থানা থেকে লুট হওয়া অনেক অস্ত্র এখন পর্যন্ত উদ্ধার করা যায়নি। নির্বাচন সামনে রেখে সক্রিয় হচ্ছে আন্ডারওয়ার্ল্ড। সন্ত্রাসীদের তৎপরতাও বাড়ছে।



জাতীয় নির্বাচন ও গণভোট একই দিনে হওয়া এবং জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের আদেশ জারির ঘোষণা নিয়ে প্রধান দুটি দল প্রতিক্রিয়া দেখানোর ক্ষেত্রে যেন নাটকীয়তার আশ্রয় নেয়। দুপুরে প্রধান উপদেষ্টার ভাষণের পর বিকেলে কঠোর সমালোচনা করে বিএনপি। দলের স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, ভাষণের মাধ্যমে প্রধান উপদেষ্টা নিজের সই করা সনদ লঙ্ঘন করেছেন। রাষ্ট্রের মধ্যে ঐক্য সৃষ্টির পরিবর্তে অনৈক্য সৃষ্টির চেষ্টা হচ্ছে কি না, এই প্রশ্ন তুলে তিনি বলেন, বিভাজনের দায়-দায়িত্ব কি প্রধান উপদেষ্টা নেবেন? সালাহউদ্দিন আহমদ এ প্রসঙ্গে আরও বলেন, গত ১৭ অক্টোবর সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় জুলাই সনদে প্রধান উপদেষ্টা স্বাক্ষর করেছেন। সেটি তিনি লঙ্ঘন করেছেন ভাষণের মাধ্যমে। সংসদের উচ্চকক্ষে পিআর জাতীয় ঐকমত্য কমিশনের মাধ্যমে নোট অব ডিসেন্টে মীমাংসিত। এটি নতুন করে আরোপ করার কোনো সুযোগ নেই। এ ছাড়া সংবিধান সংস্কার পরিষদ নামে যে বডি, সেটি জাতীয় সংসদের কোন পর্যায়ে গঠন, ঐকমত্য কমিশনে আলোচনার বিষয় ছিল না। এটি সম্পূর্ণ নতুন ধারণা। সালাহউদ্দিন আহমদের কঠোর সমালোচনার পর রাতে স্থায়ী কমিটির বৈঠকে একই দিনে সংসদ নির্বাচন এবং গণভোটের ঘোষণা দেওয়ায় প্রফেসর ইউনূসকে ধন্যবাদ জানানো হয়।

অন্যদিকে জামায়াতে ইসলামীসহ আট দল জুলাই সনদ (সংবিধান সংস্কার) জারি করায় অন্তর্বর্তী সরকারকে ধন্যবাদ জানায়। তবে আট দল একই দিনে নির্বাচন এবং গণভোট আয়োজনের সিদ্ধান্তের নিন্দা জানিয়ে তা প্রত্যাহার দাবি করে। জামায়াতের নায়েবে আমির ডা. সৈয়দ আব্দুল্লাহ মো. তাহের বলেন, নির্বাচন ও গণভোট একসঙ্গে হলে 'হ্যাঁ' জয়ী হলেও সংস্কার বাস্তবায়নে জটিলতা তৈরি হবে। দলটির পক্ষ থেকে জানানো হয়েছে, দুটি প্রধান দাবি পূরণ হলেও রাজনৈতিক কারণে জামায়াত নির্বাচনের আগে গণভোট আয়োজনের দাবি জানিয়ে যাবে। তবে সনদ বাস্তবায়ন আদেশ প্রত্যাখ্যান করবে না, নির্বাচন ও গণভোট একই দিনে আয়োজনের সিদ্ধান্তের বিরুদ্ধে আন্দোলনেও যাবে না। এনসিপি রাষ্ট্রপতির আদেশ জারিতে ক্ষোভ প্রকাশ করলেও সনদের আইনি ভিত্তিতে খুশি। দলটির মুখ্য সমন্বয়কারী নাসীরুদ্দীন পাটওয়ারী বলেছেন, এরপর ২৬ পৃষ্ঠায়



তবে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের পলাতক নেতাদের অনলাইনে দেওয়া বিভিন্ন কর্মসূচি কোনো ধরনের অস্থিরতা তৈরি করবে কি না, তা দেখার বিষয়। রাজনৈতিক অস্থিরতার আশঙ্কায় জনমনে উদ্বেগ-উৎকণ্ঠা রয়েছে। মানবতাবিরোধী অপরাধের ঘটনায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার মামলার রায় ঘোষণার আগে রোববার রাতে দেশের বিভিন্ন স্থানে নাশকতার ঘটনা ঘটে। জনমনে সৃষ্টি হয় আতঙ্ক। রাজধানীতে উদ্বিগ্ন অভিভাবকরা সন্তানদের স্কুলে পাঠাতে ভয় পান। সারা দেশে বিরাজ করে চাপা উত্তেজনা। নির্বাচনের ঠিক আগে দেশের পরিস্থিতি কী দাঁড়াবে, একটি ভালো নির্বাচন করা কতখানি সম্ভব হবে-এ প্রশ্নের জবাব মিলবে কি?


দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
• ওমরাহ প্যাকেজ
• ওমরাহ ভিসা
• মোয়াল্লেম
• হোটেল ও ট্রান্সপোর্ট
বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS
Mohammad B Hossain (Belal)
President & CEO
বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ ট্রাভেল কনসালটেন্ট
মাহির ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর ট্রাভেল কনসালটেন্ট
নিলয় ট্রাভেল কনসালটেন্ট
NEW YORK OFFICE
73-05 37th Road, Jackson Heights NY 11372
ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B, Tucker, GA 30084 Tel: 404-704-7753
DHAKA OFFICE
Floor #03, House #09 Road # 17, Block-E, Banani, Dhaka-1213 +88 01711256872
Phone: 917-396-4140, 917-592-7828

# টার্মিনাল নির্মাণ : বিদেশি বিনিয়োগ কতটা উদ্বেগজনক

অর্থনীতি শাস্ত্রে বিদেশি বিনিয়োগের ধারণাটি খুবই বিতর্কিত। কয়েক দশক আগে বামধারার অর্থনীতিবিদরা বিদেশি বিনিয়োগকে একটি দেশের জন্য ক্ষতিকর বলে বিবেচনা করতেন। এই মতাবলম্বী অর্থনীতিবিদরা এখনো বেশ তৎপর। তবে ১৯৭৮ সালের পর কমিউনিস্ট চীন বিদেশি বিনিয়োগ আমন্ত্রণ জানাতে শুরু করে। কিন্তু এ আমন্ত্রণ শর্তহীন ছিল না। চীনের সরকার বিদেশি বিনিয়োগকারীদের ওপর লাগাম টেনে ধরে তাদের পরিপূর্ণ নিয়ন্ত্রণে রেখেছে। কিন্তু চীনের বিশাল বাজার ও সম্ভাবনা বিবেচনায় নিয়ে বহুজাতিক করপোরেশনগুলো চীনে বিনিয়োগের জন্য হুমড়ি খেয়ে পড়েছে। বিদেশি বিনিয়োগের ফলে চীনা অর্থনীতি প্রভূতভাবে উপকৃত হয়েছে। চীনের জিডিপি প্রবৃদ্ধি গতি পেয়েছে। একইভাবে সমাজতান্ত্রিক ভিয়েতনামও বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে উদার মনোভাব দেখিয়েছে। এখন ভিয়েতনামের অর্থনীতি তরতর করে সমৃদ্ধির পথে এগিয়ে চলেছে। চীন এবং ভিয়েতনাম, উভয় দেশই সমাজতান্ত্রিক এবং কমিউনিস্টশাসিত। তাদের তুলনায় আমাদের দেশের বামপন্থিরা কি উন্নত মানের বামপন্থি? তাই যদি হতো, এরা ইতোমধ্যেই সমাজতান্ত্রিক বিপ্লব করতে সক্ষম হতো। কিন্তু বাস্তব অবস্থা যা, এদের সাংগঠনিক ক্ষমতা দিনের পর দিন ক্ষয় হয়ে চলেছে।

এ কথা সত্য যে, বহুজাতিক করপোরেশনগুলো যে দেশে যায়, সে দেশের রাষ্ট্র ও রাজনীতিতে হস্তক্ষেপ করার মওকা খোঁজে। এতে আতিথ্যপ্রদানকারী দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব ক্ষুণ্ন হয়। একসময় ইউনাইটেড ফ্রুট কোম্পানি ল্যাটিন আমেরিকার দেশগুলোতে কলা চাষের ওপর নিয়ন্ত্রণ রাখত। ইউনাইটেড ফ্রুট কোম্পানির ষড়যন্ত্রমূলক তৎপরতার ফলে ল্যাটিন আমেরিকার অনেক দেশে সামরিক বাহিনী ক্ষমতা দখল করে নেয়। এসব সামরিক সরকার মার্কিন সাম্রাজ্যবাদের তল্পিবাহকের ভূমিকায় অবতীর্ণ হয়। এসব দেশে গণতন্ত্র উচ্ছেদ করা হয় এবং দেশপ্রেমিক রাজনৈতিক দলগুলোর ওপর চরম নির্যাতন চালানো হয়। ইউনাইটেড ফ্রুট কোম্পানির একটি বড় ব্যবসা ছিল কলা নিয়ে। তাই যেসব দেশে ইউনাইটেড ফ্রুট কোম্পানি পদচিহ্ন রেখেছিল, সেসব দেশকে 'কদলি প্রজাতন্ত্র' বা Banana Republic বলা হতো।

কিন্তু চীন ও ভিয়েতনামের ক্ষেত্রে ব্যাপারটি সেভাবে ঘটেনি। চীন ও ভিয়েতনামের কমিউনিস্ট শাসকরা এসব বিদেশি বিনিয়োগকারীর ওপর কড়া নিয়ন্ত্রণ বজায় রাখতে সক্ষম হয়েছে। সুতরাং দেশ দুটিতে বিদেশি বিনিয়োগকারীরা, বিশেষ করে বহুজাতিক করপোরেশনগুলো আপত্তিকর কোনো ভূমিকা নিতে পারেনি। তাই বিদেশি বিনিয়োগকারীদের ক্ষতিকর আচরণ থেকে মুক্ত থাকার অন্যতম শর্ত হলো জাতীয় সরকারকে হতে হবে শক্তিশালী এবং বৈদেশিক হস্তক্ষেপ নিয়ন্ত্রণে প্রবল দক্ষ। বর্তমান আন্তর্জাতিক পরিস্থিতিতে সাম্রাজ্যবাদীরা, বিশেষ করে মার্কিন সাম্রাজ্যবাদ চীনকে মোকাবিলা করার যে নীতি গ্রহণ করেছে, তার পরিপ্রেক্ষিতে বাংলাদেশের উপকূলে এবং বঙ্গোপসাগরের তীরে একটি বন্দর বহুজাতিক সংস্থার হাতে তুলে দিতে গিয়ে যথেষ্ট সাবধানী হতে হবে। অন্যথায় বিপদও ঘটতে পারে।

ড. মাহবুব উল্লাহ্



বিদেশি বিনিয়োগ নিয়ে মধ্যপন্থি অর্থনীতিবিদদের যুক্তি হলো, যদি বিদেশি বিনিয়োগ কয়েকটি ফারাক (Gap) হ্রাস করতে পারে, তাহলে বিদেশি বিনিয়োগ আমন্ত্রণ করা যেতে পারে। অনুন্নত বা উন্নয়নশীল দেশের অনেক ব্যাপারেই ঘাটতি থাকে। এ ঘাটতিগুলো কিছুটা হলেও পূরণের জন্য বিদেশি বিনিয়োগকে গ্রহণযোগ্য মনে করা হয়। উল্লেখযোগ্য ফারাকগুলোর মধ্যে রয়েছে, প্রযুক্তিগত ফারাক, ব্যবস্থাপনা ফারাক, উদ্যোগের ফারাক, সঞ্চয়ের ফারাক, কর্মসংস্থানের ফারাক, প্রতিযোগিতা শক্তির ফারাক ইত্যাদি। যদি বিদেশি বিনিয়োগের দ্বারা এ ফারাকগুলো হ্রাস করা যায়, তাহলে যথোপযুক্ত নিয়ন্ত্রণ সাপেক্ষে বিদেশি বিনিয়োগ আমন্ত্রণ করা যৌক্তিক হবে বৈকি।

এ মাসেই চট্টগ্রাম বন্দরের লালদিয়ার চরে টার্মিনাল নির্মাণ ও পরিচালনা নিয়ে ডেনমার্কের মায়েরস্ক গ্রুপের এপিএম টার্মিনালের সঙ্গে ৩৩ বছর মেয়াদি চুক্তি করেছে বন্দর কর্তৃপক্ষ। চুক্তি অনুযায়ী দুপক্ষকে নানা শর্ত মেনে চলতে হবে।

বিদেশি প্রতিষ্ঠানের সঙ্গে এ কনসেশন চুক্তির বিস্তারিত বিবরণ প্রকাশ করেনি বন্দর কর্তৃপক্ষ। ৩৩ বছর মেয়াদি এ চুক্তির নানা বিষয় কেন লুকিয়ে রাখা হবে, তা নিয়ে সমালোচনার ঝড় উঠেছে। স্বচ্ছতা না থাকলে সমালোচনা হতেই থাকবে, যদিও বিনিয়োগকারী এপিএম টার্মিনালেসের ব্যবসায়িক বিষয়গুলো ছাড়া চুক্তির অন্যান্য বিষয় প্রকাশে বাধা নেই বলে জানা গেছে।

দৈনিক প্রথম আলোর সূত্রে জানা যায়, চুক্তির পর পরিচালনার বিভিন্ন ধাপে বিনিয়োগ করতে হবে এপিএম টার্মিনালসকে। এ সময় বন্দরের কোনো অর্থ ব্যয় হবে না। এপিএম টার্মিনালেসের ঘোষণা অনুযায়ী টার্মিনাল উন্নয়নে তারা ৫৫ কোটি ডলার বিনিয়োগ করবে। চুক্তির পর তাদের বিনিয়োগ শুরু হয়েছে।

টার্মিনাল চালু হলে শুরু হবে কনটেইনারপ্রতি আয় ভাগাভাগি। গড়ে ৮ লাখ একক কনটেইনার ধরে (প্রতিটি কনটেইনারের দৈর্ঘ্য ২৩ ফুট) ৩০ এরপর ২৬ পৃষ্ঠায়



বাংলাদেশের জন্য বিদেশি বিনিয়োগ অতি প্রয়োজনীয়। ট্রাম্পের পালটা শুল্ক নীতি মোকাবিলা এবং এলডিসি থেকে উত্তরণের পরিপ্রেক্ষিতে বিদেশি বিনিয়োগের প্রয়োজনীয়তা তীব্র হয়ে উঠেছে। বিশেষ কোনো বাধা না থাকলে বিদেশি বিনিয়োগের শর্তগুলো জনসমুখে স্বচ্ছভাবে তুলে ধরা প্রয়োজন। এ ছাড়া নির্বাচন সামনে রেখে এমন একটি গুরুত্বপূর্ণ চুক্তি কেন করা হচ্ছে, তা নিয়েও প্রশ্ন উঠেছে। চুক্তিটির বিভিন্ন শর্ত সম্পর্কে যতটুকু জানা গেছে, তাতে এই চুক্তিকে দেশবিরোধী বলার সুযোগ নেই। আমার উদ্বেগের বিষয় হলো এ চুক্তি ব্যবহার করে যদি কোনো রকমের রাষ্ট্রবিরোধী তৎপরতা হয়, তা প্রতিরোধের জন্য রাষ্ট্র ও সরকারকে যথোপযুক্ত শক্তি ও সামর্থ্য অর্জন করতে হবে

# সমস্যার সমাধান আইনের শাসনেই

অথচ সরকার আর সরকারের লোকজন সচেতন/দায়িত্বশীল হলে এমন হওয়ার কথা না। অতএব, যে যেভাবেই দেখি না কেন, আমাদের দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করা অতি জরুরি। দায়িত্বশীল সবাই যার যার অবস্থানে থেকে দায়িত্ব পালন করবেন, জবাবদিহির মধ্যে থাকবেন। রাষ্ট্র ও সমাজের প্রতি ক্ষেত্রে আইনের শাসন প্রতিষ্ঠা করতে হবে। এদিকে-সেদিকে আঙুল তুলে পার পাওয়ার দিন শেষ। আবার কাজ না করে আত্মতুষ্টি লাভেরও অবসান হতে হবে। পারলে স্বপদে বহাল থাকবেন, আর না পারলে চাকরি ছেড়ে চলে যাবেন, শুধু শুধু চেয়ার গরম করা আর নয়। যিনি জনগণের স্বার্থে কাজ করবেন, জনগণের কল্যাণ সাধন করবেন, সরকার শুধু তাকেই বেছে নিয়ে এগিয়ে যাবে। বাকিদের ছেঁটে ফেলতে হবে। আর এতেই হবে আইনের শাসন প্রতিষ্ঠা

কমডোর শেখ আরিফ মাহমুদ (অব.)



আইনের শাসন মানে জবাবদিহিতা, যার যার কাজ আইনের মধ্যে থেকে করা। আইনের বাইরে কিছু নয়। অথচ স্বাধীনতা-উত্তর বাংলাদেশে আইনের শাসনের কী অবস্থা, তা আমাদের সবার জানা। এভাবে শাসনকার্য পরিচালিত হওয়ায় যা হওয়ার তা-ই হচ্ছে, মানুষ ভুগছে। এখানে শৃঙ্খলার লেশ পাওয়া যায় না। ফলে ধনী-গরিব, আবাল-বৃদ্ধ-বণিতা, শিক্ষিত-অশিক্ষিত কেউ স্বস্তিতে নেই। সবাই অনিশ্চয়তার মধ্যে দিন কাটাচ্ছেন। জীবিকা নির্বাহের জন্য প্রত্যেক মানুষের একটা পরিকল্পনা থাকে। আর স্বাধীনভাবে জীবিকা নির্বাহ করা নাগরিক অধিকার। কিন্তু এখানে কেউ পরিকল্পনা নিয়ে এগোতে পারেন না। উদাহরণস্বরূপ, কেউ যদি পান-বিড়ি-সিগারেটেরও একটা ছোট্ট দোকান করতে চান, তাকে এলাকার কাউকে খুশি করে এগোতে হবে। কাউকে টাকা দিয়ে তার নিজের আয়-উপার্জনের ব্যবস্থা করতে হবে।

মানুষ অনেক কষ্ট করে টাকা খরচ করে পড়াশোনা করে। বিদ্যালয় থেকে উচ্চবিদ্যালয়, উচ্চবিদ্যালয় থেকে বিশ্ববিদ্যালয়ে বিচরণ করে, প্রকৃত জ্ঞান লাভের আশায়। দিনশেষে উদ্দেশ্য হচ্ছে জীবিকা নির্বাহের জন্য কিছু একটা করা। অথচ দুর্ভাগ্যজনক হচ্ছে, এখানে শুধু শিক্ষাগত যোগ্যতা অধিকাংশের জীবিকা অর্জনের জন্য যথেষ্ট নয়। কিছু উপঢৌকন, কিছু মামা-চাচার সুপারিশ লাগবে। অর্থাৎ আপনি যা-ই করবেন, তার জন্য কোনো একটা কোটারি বা গোষ্ঠীকে খুশি করতে হবে। আপনার টাকা দেওয়ার ক্ষমতা না থাকলে আপনাকে ক্ষমতার ছায়াতলে আশ্রয় নিতে হবে।

আবার যারা চাকরি করছেন, সেটা সরকারি বা বেসরকারি যাই হোক, তাদের অফিসের বসকে খুশি করতে হবে। এটার আবার ভালো-মন্দ দুদিক আছে। ভালো দিক হচ্ছে, কেউ যদি নিয়ম মেনে অফিসের কাজকর্ম সম্পাদন করেন এবং বস খুশি হন সেটা ভালো। কিন্তু অনেক ক্ষেত্রে বসরা অন্য কিছু চান। হতে পারে সেটা নিজের কাজ ফেলে রেখে বসের কাজে সহায়তা করা, কিছু উপঢৌকন দেওয়া, কাজের ফাঁকে বসের গুণকীর্তন করা ইত্যাদি। এ পর্যন্ত ঠিক আছে- তাহলেও কিন্তু পার নাও পাওয়া যেতে পারে। এমনও হতে পারে যে, বসকে নিয়মের বাইরে গিয়ে কিছু সহায়তা করার প্রয়োজন হতে পারে। সেক্ষেত্রে বস যাতে কোনো কিছুতেই পাকড়াও না হন, সেদিকে লক্ষ রাখতে হবে, সবরকম ঝুঁকি থেকে বসকে মুক্ত রাখতে হবে। অবশ্য ভালো বসও কিন্তু আছেন।

বিগত দিনে ও বর্তমানে আমাদের আইনশৃঙ্খলার অবস্থা মোটেও জনসাধারণের অনুকূলে ছিল না এবং নেই। ফলে ব্যবসা-বাণিজ্য, অফিস-আদালত সবখানে অস্থিরতা। ইতোমধ্যে বর্তমান সরকার তাদের এক বছরের অধিক সময় পার করেছে। কোনো সরকারই আমাদের ভালো রাখছে না বা ভালো রাখতে পারছে না। কেন পারছে না, তা নিয়ে গবেষণা হওয়া দরকার। প্রকৃত কারণ বের করে তার সমাধান খোঁজা দরকার। এতে করে একটু একটু করে হলেও আমরা সামনের দিকে এগিয়ে যাব।

উদাহরণস্বরূপ, আমাদের দেশে রাস্তায় নামলে মনে হবে না যে এখানে কোনো শাসন আছে। সর্বত্র ময়লা পূতিগন্ধময় পরিবেশ, যেন সম্পূর্ণ রাস্তাঘাট একটা শৌচাগার। প্রতিদিন আমি একটা জায়গা থেকে রিকশাযোগে পল্লবীর মেট্রোরেল স্টেশনের এক জায়গায় নামি। সেটা যেন একটা অঘোষিত রিকশা স্ট্যান্ড। আর রিকশাচালকরা যেখানে যাত্রী নামায়, ঠিক সেখানেই মূত্র ত্যাগ করে। ফলে নাকে হাত চাপা দিয়েও রক্ষা পাওয়া দুষ্কর। আমাদের দেশের অধিকাংশ এলাকার অবস্থা এমনই, অথচ দেখার যেন কেউ নেই।

আবার রয়েছে রাস্তাঘাটে নানা ধরনের যানবাহনের অবাধ বিচরণ। আপনি গাড়ি নিয়ে বের হলেন, কোনো অটো অথবা রিকশাচালক যদি অনিয়মতান্ত্রিকভাবে আপনার গাড়ি চালানোতে বাধা দেয়, আপনাকে শুনতে হবে, আপনি নিয়ম মেনে গাড়ি চালান কিনা। এখানে রিকশা-অটোরিকশাও আবার নানা কিসিমের, বাস-মিনিবাস, সরকারি বেসরকারি যানবাহন তাও নানা কিসিমের। এখানে সিগন্যাল বাতির কোনো বালাই নেই, নেই কোনো লেন অনুসরণের বাধ্যবাধকতা। অবস্থাদৃষ্টে মনে হবে, বিগত ৫৪ বছরে এটা আমাদের অর্জন! আমাদের দেশে ট্রাফিক পুলিশ স্বাধীনতার পরদিন থেকে একটা লাঠি নিয়ে দায়িত্ব পালন শুরু করেছে, যা আজও চলমান। বিভিন্ন জায়গায় মাঝেমধ্যে সিগন্যাল বাতির ব্যবস্থা করা হলেও অল্পদিনের মধ্যে তা অচল হয়ে যায়। অতএব, ট্রাফিক পুলিশের হাতে আবার সেই লাঠি।

বর্তমান অন্তর্বর্তী সরকারের দায়িত্ব নেওয়ার পর থেকে একদিনও যায়নি যেদিন শাহবাগ, প্রেসক্লাব, নিউমার্কেটসহ দেশের বিভিন্ন স্থানে মিটিং, মিছিল, আন্দোলন হয়নি। নানাবিধ দাবি-দাওয়া নিয়ে এমন কোনো গোষ্ঠী নেই যারা আন্দোলন করেনি। সরকারি-বেসরকারি বিভিন্ন শ্রেণিপেশার মানুষ প্রতিনিয়ত আন্দোলন করেছে এবং এখনো করে যাচ্ছে। প্রতিটি আন্দোলন চলে আসে রাস্তায়, আন্দোলনকারীরা রাস্তা আটকিয়ে জনদুর্ভোগ সৃষ্টি করে। যেন তাদের দাবি-দাওয়া না মানার জন্য জনগণ দায়ী। এরপর ২৬ পৃষ্ঠায়



আজ ও আগামীর

# "Quran for a Beautiful Life"

**Under this title, Following the remarkable success of Season 1 and 2, the holy Quran Telawat competition RTV Alokito Quran USA is returns with Season 3 for people living in North America.**

GOLDEN AGE HOME CARE | আজকাল

PRESENTS

## Alokito Quran USA SEASON 3

Powered By utshob.com — YOUR ULTIMATE ONLINE SHOPPING EXPERIENCE



## Thank you

**to all participants who have registered for RTV Alokito Quran USA Season 3. Your enthusiasm, dedication, and love for the Holy Quran truly inspire us. We truly appreciate your interest and love for the Holy Quran.**

**The primary selected candidates will be informed very soon Insha Allah and Those who are selected will receive an official invitation to join the audition round.**

GOLD SPONSOR

GFB GROUP OF INDUSTRIES | Moin Choudhury, Attorney at Law | KR SHERA INC — WHERE POWER MEETS PURPOSE | SOHID - NESA HOME CARE, LLC | New Hope HOME CARE | SNS

SUPPORTED BY

HASANUZZAMAN MALIK, ATTONEY AT LAW | B & R PERFUME & COLOGNE | FAISAL AHAMED | GIASH AHMED | KAKATUA | GoRascal, Faheem & Syed Team | EXIT

TRAVELS PARTNER

GLOBAL Tours & Travel

Only On RTV | Organize By: প্রিয়ন্তী USA INC



## জ্যাকসন হাইটস এলাকাবাসী নিয়ে গানের প্রিমিয়ার অনুষ্ঠিত

৬৪ পৃষ্ঠার পর

ছিলেন শিশুসাহিত্যিক হুমায়ুন কবীর ঢালী, জাহিদ শরীফ, আনোয়ার উদ্দীন, নোমান, হামজালসহ আরো অনেকে।
গানটিতে জ্যাকসন হাইটস এলাকাবাসীর বর্তমান সময়ের কিছু চিত্র ও চরিত্র গানের মাধ্যমে ফুটিয়ে তোলার চেষ্টা করা হয়েছে বলে জানিয়েছেন গানের রচয়িতা কথাসাহিত্যিক, সাংবাদিক শিব্বীর আহমেদ। গানটি বর্তমানে ইউটিউবে @তৃষ্ণারগান অথবা @trishnargaan (https://www.youtube.com/ @trishnargaan) চ্যানেলে পাওয়া যাচ্ছে বলে আয়োজকরা জানিয়েছেন।

## কে এই সমতলী হক



৬৪ পৃষ্ঠার পর

ইউনিভার্সিটি অব নিউইয়র্কের অধ্যাপনা করেন। মানবাধিকার কর্মী। অধ্যাপনা শুরুর আগে লেবার এটর্নি হিসেবে কাজ করেছেন। মামদানির মেয়র প্রার্থীতা ঘোষণার পর থেকেই তিনি নির্বাচনী প্রচারনায় ছিলেন। মামদানির সাথে রয়েছে ঘনিষ্ঠ সম্পর্ক ।
ফরহাদ মাজহারের প্রথম পক্ষের স্ত্রীর ঘরে সমতলীর জন্ম। বাংলাদেশ সরকারের উপদেষ্টা ফরিদা আখতার ফরহাদ মাজহারের দ্বিতীয় স্ত্রী। সমতলী হক বিবাহিত। স্বামী পর্তুগিজ। তারা নিউইয়র্কে বসবাস করেন । তাদের ঘরে ১ পুত্র ও ১ কন্যা সন্তান রয়েছে। উল্লেখ্য মামদানির মেয়র হিসেবে দায়িত্ব গ্রহনের ট্রানজিশনাল টিমে আরও ৮ বাংলাদেশি রয়েছেন। তাদের এই নিয়োগে বাংলাদেশি কমিউনিটিতে আনন্দের বন্যা বইছে। বাংলাদেশিরা মামদানির প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন। আগামী ১ জানুয়ারি যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ শহরের মেয়র হিসেবে শপথ নিবেন মুসলিম জোহরান মামদানি। লন্ডনে মুসলিম মেয়র নির্বাচিত হবার পর এবার মেয়র হিসেবে বিশ্বের বানিজ্যিক রাজধানী হিসেবে খ্যাত নিউইয়র্কের মেয়র হয়েছেন একজন মুসলমান ও ডেমোক্র্যাটিক সোশালিস্ট।
প্রবাসের কবি ও সাহিত্যিক কাজি জহুরুল ইসলাম ট্রানজিশন টিমের সদস্য হওয়ায় সমতলী হক ও কাজি ফৌজিয়াকে অভিনন্দন জানিয়েছেন।

## সভাপতি ডা. নাজমুল ও সাধারন সম্পাদক দেলোয়ার

৬৪ পৃষ্ঠার পর

মেয়াদকালে তারা দায়িত্ব পালন করবেন। মুসলিম সেন্টারের নির্বাচন তথা সিলেকশন কমিটি তাদের নির্বাচিত করেছেন। নাজমুল খান পেশায় একজন চিকিৎসক ও কমিউনিটি এক্টিভিস্ট। তিনি এই মসজিদের কল্যাণে দীর্ঘদিন ধরে কাজ করছেন। ফখরুল ইসলাম দেলোয়ার জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ও বাংলাদেশে সোসাইটির ট্রাস্টি বোর্ডের সদস্য। দীর্ঘদিন ধরে তিনি কমিউনিটির সাথে জড়িত।






# আন্তর্জাতিক লোক সংগীত নিউ ইয়র্ক এর সম্মেলন এ পদক পেলেন তারার আলোর প্রেসিডেন্ট মীনা ইসলাম



সাপ্তাহিক আজকাল : নিউ ইয়র্কের আন্তর্জাতিক লোক সংগীত প্রতিষ্ঠান ২৫ বছর পূর্তিতে "ভাবের গান " শীর্ষক এক সম্মেলন এবং সংগীতানুষ্ঠানের আয়োজন করে গত ২২ নভেম্বর শনিবার। জ্যাকসন হাইটস এর জুইস সেন্টারে অনুষ্ঠিত উক্ত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন কাজী সাখওয়াত হোসেন আজম , গেস্ট অব অনার ছিলেন ফাহাদ সোলেয়মান এবং অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মীনা ইসলাম,ড: সবিতা দাস , শক্তি ডি গুপ্তা। বারী হোম কেয়ার এর স্বত্বাধিকারী আসেফ বারী টুটুল এবং মুনমুন টুটুল উপস্থিত থেকে ও ফিতা কেটে উদ্বোধন ঘোষণা করেন। কনভেনার ডাঃ হামিদুজ্জামান ও প্রেসিডেন্ট নুর ইসলাম বর্ষণ সকল অতিথিদের শুভেচ্ছা জানান। সে সাথে সমস্ত অতিথিরা ভাবের গানকে বাঙালিদের প্রাণের আবেগ এবং সকলের প্রিয় গান হিসাবে আখ্যা দেন। উক্ত অনুষ্ঠানে নিউ ইয়র্কের "তারার আলো'র প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট মীনা ইসলামকে প্রবাসে কমুনিটির কল্যানে কাজ করার জন্য এবং বাংলা সংস্কৃতির কল্যানে ও বিকাশে বিশেষ অবদান রাখার জন্য সম্মান সূচক সার্টিফিকেট প্রদান করা হয়।













## নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের শীতবস্ত্র বিতরণ

৬২ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্লাবের সভাপতি লায়ন জেএফএম রাসেল, সাধারণ সম্পাদক লায়ন মো মশিউর রহমান মজুমদার, সদ্য বিদায়ী সভাপতি লায়ন রকি আলিয়ান, প্রতিষ্ঠাতা সভাপতি মতিউর রহমান, কনভেনর লায়ন সেলাল আহমেদ, এবং মেম্বার সেক্রেটারি লায়ন বদরুন্নেছা সাগরসহ লায়ন্স ক্লাবের নির্বাহী সদস্যরা। এছাড়াও লায়ন্স ডিস্ট্রিক্টের বেশ কয়েকজন সিনিয়র ডিস্ট্রিক্ট লিডার উপস্থিত থেকে কর্মসূচিকে আরও প্রাণবন্ত করে তোলেন।

আয়োজকরা জানান, শীতের শুরুতেই স্থানীয় বাসিন্দাদের পাশে দাঁড়ানো এবং মানবিক সহায়তা প্রদান লায়ন্স ক্লাবের অন্যতম দায়িত্ব। এ ধরনের উদ্যোগ কমিউনিটিতে ঐক্য, সাহায্যতা ও পারস্পরিক সহমর্মিতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

লায়ন্স ক্লাবের মূলমন্ত্র 'উইসার্ভ' এই মানবিক কার্যক্রমে তা আরও স্পষ্টভাবে প্রতিফলিত হয়েছে।




## মামদানির কমিটিতে ১২ বাংলাদেশি

৬৪ পৃষ্ঠার পর

পাওয়া ছিল দুরূহ ব্যাপার। নিউইয়র্কের রাজনীতিতে বাংলাদেশিদের কাজের গৌরবজনক ফলাফল পাওয়া গেছে। মার্কিন রাজনীতিতে বাংলাদেশিরা কমিউনিটি হিসেবে এবারই এমন বিরল স্বীকৃতি প্রথমবারের মতো পেয়েছেন। অভিষেক কমিটির ৪০০ জনের অধিক নামের তালিকায় অন্য কোনও বাংলাদেশি থাকলে এ রিপোর্ট লেখা পর্যন্ত তাদের চিহ্নিত করা যায়নি। বাংলাদেশিরা নিজ নিজ যোগ্যতায় ট্রানজিশন টিমের গুরুত্বপূর্ণ কমিটিগুলোতে স্থান পেয়েছেন বলেই দেখা গেছে।

৪০০ জনের তালিকা ধরে বাংলাদেশি ও দক্ষিণ এশীয়দের নাম চিহ্নিত করার চেষ্টা করা হচ্ছে। এরমধ্যে ১২ জন বাংলাদেশি, ১১ জন পাকিস্তানি এবং ১৬ জন ভারতীয়কে চিহ্নিত করা গেছে। ভারতীয় এবং পাকিস্তানিদের মধ্যে রয়েছেন ১০ জন পাঞ্জাবি, ৪ জন ইন্দো-ক্যারিবিয়ান ছাড়াও ইমরান পাশা নামের একজন রয়েছেন।



## ডায়াবেটিস রোগীর কাঁধে ব্যথার কারণ ও প্রতিকার

২০ পৃষ্ঠার পর

ব্যথানাশক ওষুধ পরিহার করা ভালো। তবে মাংসপেশি স্বাভাবিক (রিলাক্স) করতে মাসল রিলাক্সেন্টজাতীয় ওষুধের প্রয়োজন পড়ে। পাশাপাশি প্রয়োজন সঠিক ও সময়োপযোগী ফিজিওথেরাপি। এ রোগের চিকিৎসায় কিছু ইলেকট্রো থেরাপিউটিক এজেন্ট খুব উপকারী। রোগীকে প্রতিদিন কিছু ব্যায়াম করতে হয়। অবশ্যই রক্তের শর্করা নিয়ন্ত্রণে রাখতে হবে। ফ্রোজেন শোল্ডার ধীরে ধীরে সারে। পুরো সারতে কয়েক মাস, এমনকি বছরও লেগে যেতে পারে। ধৈর্য ধরে ফিজিওথেরাপি বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী ব্যায়াম চালিয়ে যেতে হবে।

লেখক : চেয়ারম্যান ও চিফ কনসালট্যান্ট, ঢাকা সিটি ফিজিওথেরাপি হাসপাতাল।

## একদিনে তিনবার ভূমিকম্পে কাঁপলো বাংলাদেশ

১ পৃষ্ঠার পর

অনুভূত হয়। আবহাওয়া অধিদপ্তর জানায়, রিখটার স্কেলে এই ভূমিকম্প ছিল ৩.৬ মাত্রার। এর উৎপত্তিস্থল নরসিংদীর পলাশ উপজেলার ঘোড়াশাল এলাকায়। এর আগে একই দিন ভোরের দিকে সিলেট ও কক্সবাজারের টেকনাফে দুই দফা ভূমিকম্প অনুভূত হয়। আবহাওয়া অধিদপ্তরের ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বলেন, বিকালের ভূমিকম্পটি ছিল মৃদু মাত্রার। এর আগে গত শুক্রবার ও পরদিন শনিবার প্রায় ৩১ ঘণ্টার মধ্যে ঢাকা এবং এর আশপাশে চারবার ভূমিকম্প হয়। গত শুক্রবার সকালে ঢাকা থেকে প্রায় ২৫ কিলোমিটার দূরে রিখটার স্কেলে ৫ দশমিক ৭ মাত্রার ভূমিকম্পটির উৎস ছিল নরসিংদীর মাধবদী। উৎপত্তিস্থলের গভীরতা ছিল ভূপৃষ্ঠ থেকে ১০ কিলোমিটার। শুক্রবারের ভূমিকম্পে ১১ জন নিহত হয়। আহত হয়েছে প্রায় ১ হাজার মানুষ।

# এই সপ্তাহের কবিতা



## বিসিবির বরাহ শাবকেরা
### লুৎফর রহমান রিটন

বরাহ শাবক দেখো মানুষেরই মতো সে,
নারী ক্রিকেটারদের হৃদয়ের ক্ষত সে।
ক্রিকেটার মেয়েদের টার্গেটে রাখে সে,
সুযোগ প্রতীক্ষায় ওঁৎ পেতে থাকে সে।
প্র্যাকটিসে যাকে পায় তাকে দ্রুত ধরে সে
যৌন হ্যারাসমেন্ট নিয়মিত করে সে।
মেয়েদের কাছে তাই জীবন্ত ট্রমা সে,
বিসিবির কাছ থেকে তবু পায় ক্ষমা সে!
অভিযোগ জমা হয় প্রতিকার বাকি রে...
বিসিবির কর্তারা সারমেয় নাকি রে!
প্রেডিটর মঞ্জুর লালসার আগুনে--
মেয়েগুলো পুড়ে মরে ক্রিকেটের ফাগুনে!
কৃতী মেয়ে জাহানারা আমাদের গৌরব,
ক্রিকেটে দুনিয়া জুড়ে তার মেধা সৌরভ।
জাহানারা বর্ণিত মঞ্জুর কাহিনি--
জেনে চুপ বিসিবির আটকুঁড়ে বাহিনি!!
মঞ্জুর লোলুপতা কী যে লোম হর্ষক!
বিসিবির শেল্টারে প্রেডিটর ধর্ষক!
মঞ্জু ও তৌহিদ ও ফায়েজরা রয়েছে,
যাদের হিংস্র থাবা জাহানারা সয়েছে!
ফের চাপা পড়ে যাবে প্রতিবাদ-বন্যা?
ক্রিকেটের মেয়েগুলো আমাদেরই কন্যা...
যৌন সন্ত্রাসীরা পার পায় কী করে?!!!
জবাব লুকিয়ে আছে বিসিবির শিকড়ে.

লেখক: ছড়াকার, টরেন্টো, কানাডা।



## এমন চললে
### সুজন দাশ

এক পরিবারে চার পাঁচ ভাই
মিলেমিশে সবে থাকতো,
ছিল মজবুত ঐক্যের ভিত
আগামীর ছবি আঁকতো।
পরস্পরের বিশ্বাস ছিল
ছিল প্রীতি প্রেম সঙ্গে,
ছিল ভালোবাসা শ্রদ্ধা ও স্নেহ
সবার অঙ্গে অঙ্গে।

পরিবারে ওই কর্তাকে সবে
বাঘের মতোই মানতো,
যে যার কর্মে সৎ থেকে সবে
মিলনে সবারে টানতো।
আপন পরের থাকত না ভেদ
শিখে যেত শিশু ঐক্য,
সমাজের সাথে বেড়ে উঠে তারা
শিখতও বেশ সখ্য।

আজকাল জানি পরিবার মানে
টোনাটুনি আর সন্তান,
ছিঁড়ে গেছে তাই প্রীতির তারটি
ভুলে গেছে লোকে দিতে মান।
ছোট থেকে শিশু শিখছে হিংসা
জমা হয় মনে যত ক্লেশ,
করে ব্যবধান টাকার মূল্যে
বাড়ছে লালসা ঘৃণা ও দ্বেষ।

শিখছে না শিশু আদর্শ নীতি
হচ্ছে ভীতির পরিবেশ,
এমন চললে পৃথিবী থেকেই
মানবতা বুঝি হবে শেষ?
মূল্যবোধের থাকবে না কিছু
মানুষরা হবে বন্য,
পৌঁছাবে সবে ধ্বংসের দ্বারে
হবেনা মানুষে গন্য।

লেখক: কবি, আটলান্টিক সিটি, নিউজার্সি।



## হেমন্তের প্রতীক্ষা
### আসাদুজ্জামান খান মুকুল

তুমি আসবে বলে হেমন্তের রূপ নেমে এসেছে
নিস্তব্ধ প্রান্তরে, ঝরাপাতার মৃদু শব্দে সাজিয়ে।
হেমন্তের বিকেল ধানের খড়ের সোনালি আভায়
আলোকিত হয়েছে পথঘাট,

তোমার পদধ্বনি ছুঁয়ে যাবে বলে।
শুকনো পাতার মর্মর ধ্বনি নির্জনে করেছে ফিসফাস।
শিউলি-সুগন্ধ ভেসে আসে তোমার খোঁপায় গুঁজে দেওয়ার স্বপ্নে।
আমিও বসেছিলাম নদীতীরের নির্জন বাঁকে,

ভেবেছিলাম- তুমি আসবে হেমন্তের অপরূপ বেশে।
পাশে বসে বলব দুজনে বুকের গভীরে লুকানো কথামালা।
সহস্র জন্মের অগোচর কথারা।
সন্ধ্যা নেমে এল, কুয়াশার চাদর ঘিরে ধরে চারদিক;
মনে হয়েছিল দুজনে ডুব দেব প্রণয়ের উষ্ণ সাগরে।
শেষে তুমি এলে না প্রিয়া।
নিরুপায় হয়ে হেমন্তের কষ্টু শীত আর বুকের দহন নিয়ে,
ফিরে এলাম নীরব নীড়ে,
তোমার অগম্যতার গভীর শূন্যতা বুকের ভেতর বাজিয়ে।



## পোড়া সময়ের শোকে
### শাহজালাল সুজন

খাদে তরেছে এই জীবন নদীর বিষন্নতায়
ঢেউ খেলে ছায়া হয়ে নিস্তব্ধ তমশা,
আলো থমকে গেছে এক প্রগাঢ় আঁধারে
মৃত্যুর চেয়েও কঠিন এই বেঁচে থাকা।

তুমিহীনা একাকীত্ব বোধ এক ধারালো ফলক,
আঘাতে করেছে অলক হৃদপিণ্ড,
কাঁদি না শুধু পাথর হয়ে চেয়ে থাকি সর্বদায়
স্মৃতির ফ্রেমে বাঁধা মুক্তির পথও ফাঁকি।

প্রেম বসন্ত জড়িয়েছে হেমন্তের শুভ্র কুহেলিকায়
শূন্যতার এই বুনা নিয়ে আজও দাঁড়িয়ে,
অভিশাপের খরতাপে এ জীবন অভিশপ্ত হলো
তবুও খুঁজি তোমায় পোড়া সময়ের শোকে।



## প্রিয়জন
### মহসিন আলম মুহিন

খটকা লাগে বুঝি না কিছু-
আমি কি তোমার প্রিয়জন।
নাকি মিছেই নিলাম পিছু,
আমায় শুধুই প্রয়োজন।।

তোমার মনে দাওনি ঠাঁই,
ওটা আমার জানা।
ভালবাসার দাম নাহি পাই
কেমনে তাহা মানা।।

জীবন তোমার ভালোই চলে,
শুধু আমায় দিলে ছাই।
লাভের ভাগ সবই নিলে,
ক্ষতির বোঝা দিলে তাই।।

ভাবছো অনেক চতুর তুমি,
মনে করো, অনেক বেশি ধূর্ত।
আসল কথা তা নও তুমি,
নিজের জন্য-নিজেই করো গর্ত।।

কেন তুমি এমন করো,
যে তোমার প্রিয়জন।
আসল রেখে নকল ধরো
ভাবো কেন দুশমন।।



## হেমন্তরাতের তারা
### আহম্মদ হোসেন বাবু

রক্তাক্ত শহরে হেমন্তরাতের তারা জেগেছে স্লোগানে
মফস্বলের নদীটি এখন ভাঙন আগ্রাসী
হেমন্তের বাতাসে কালাগ্নি হু-হু করে জ্বলে
ইস্পাত-কাঠিন্যে শ্রমিকের উত্তোলিত মুষ্টিবদ্ধ হাত রুখে দিতে-
থেকে থেকে বেজে ওঠে অভ্রভেদী বিকট হুইসেল!
চারিদিকে হুলাহুলি, কালিদহে আটকে আছে কালান্তর।

জাফরান রঙের বিকেলে মানুষ প্রতিবাদী হয়ে ওঠে
মহাতোলপাড় রাস্তার মোড়ে মোড়ে
সংঘবদ্ধ প্রতিজ্ঞায় মানুষ ডানায় ভর করে উড়তে থাকে
স্লোগানের গলা কাটতে দৌড়ে আসে হায়েনার দল
বুলডোজার দিয়ে গুঁড়িয়ে দেয় মুক্তিযোদ্ধার শরীর
সারি সারি লাশের স্তূপের উপরে দাঁড়িয়ে
হেমন্তের মাঠে সোনালি ধান খেত মাড়িয়ে
জলপাই রঙের গাড়ি থেকে গুলি হতে থাকে
হুড়মুড় করে পড়ে যেতে থাকে হেমন্তের কালশশী!

হঠাৎ চমক লাগে শুকনো মুখে, চোখের তারায় বিদ্যুৎ খেলে যায়
কাফনের কাপড় শরীরে জড়িয়ে এ কী আত্মাহুতি!
দু'উরুর মধ্যখানে অশ্বশক্তির ক্ষীপ্রতা বাড়ে
হাতের-পায়ের আঙুলগুলো যেন রাইফেলের বেয়োনেট!
কামলা-কিষেণ হাতের কোদাল, দা-খুরপি ফেলে-
ভাঙা দেহ তুলে স্থির দাঁড়িয়ে পতাকা হাতে নিয়ে-
বিষণ্ণ অপুষ্টি ভরা মুখে টাটকা বিজয়ের গান ধরে!
শিরদাঁড়া বেয়ে তির-তির করে উঠে আসে অভ্যুদয়!
মাথার খুলির নিচে মগজের ভেতরে ঝা-ঝা-ঝিন-ঝিন শব্দে
ধুলোময় রুক্ষ চোখে-মুখে লাল সবুজের গানে
ফুটন্ত শরীরে ফোঁস-ফোঁস শ্বাসে বিজয়োল্লাসে
ফিনিক্স পাখির মতো ছুটে আসে হেমন্তের হিমে আগুনের ফুলকি!
জানালার পর্দা ভেদ করে ছুটে আসে লকডাউন শাটডাউন
মিছিলের পুরোভাগে মুষলধারে পুষ্পবৃষ্টি চলে অবিরাম
বৃষ্টিস্নাত বাংলাদেশে জেগে ওঠে স্মৃতিসৌধ, শহীদ মিনার,
ধ্বংসস্তূপের ভেতর থেকে সিংহনাদে জেগে ওঠে ধানমণ্ডির বত্রিশ নম্বর
মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত প্রজন্মের পদভারে
জেগে ওঠে রক্তাক্ত সালাম...
জেগে ওঠে নীল আসমান, জেগে ওঠে বাংলা অভিধান
জেগে উঠে সর্বহারা, জেগে ওঠে হেমন্তরাতের তারা।।



## ভুলে ভরা জীবন
### কনক কুমার প্রামানিক

জীবনটা আমার কষ্টময়
শুধুই ভুলে ভরা,
কষ্টে কাটে সারাটি ক্ষণ
সুখের বেলায় খরা।

শুধরানোর তো নেইকো সময়
হাহাকার যে করে,
ভুলে ভুলে জীবনটা শেষ
বেলায় দুঃখ ভরে।

শেষ সময়ে পৌঁছি গেছি
জ্বালায় জ্বলে জ্বলে,
শুধরে নিতে চাই যে আবার
একটু সুযোগ পেলে।

থাকতে সময় বুঝিনি তাই
করেছি যে ভুলে,
ভাসি আমি পাথারেতে
ফিরবো কবে কূলে?



## বাংলাদেশের পঞ্চাশ বছর কলমে
### মোহাম্মদ সহিদুল আলম

জীবনটা খানিকের,
স্বপ্নের, সুখ-দুঃখ হাসি আনন্দের,
সুন্দর ভাবে বেঁচে থাকার লড়াই বা যুদ্ধের!
এই ছোট্ট জীবনে নিত্য নতুন খেলায় জড়িয়ে পড়ি আমরা।

জীবনের এই খেলাঘরে,
খুঁজে থাকি ভরসা, বিশ্বাস, মায়া-মমতা, শ্রদ্ধা,
সম্মান, স্নেহ-ভালোবাসা।
মানুষ মাত্রই এ চাওয়া।

যদিও মানব জীবনে সকল চাওয়া পূরণ হয় না!
সাধারণ মানুষের জীবন।


বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
BUY - SELL - RENT
20 Years Experience
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুনঃ
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোনঃ 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Federal judge blocks IRS from sharing information to help ICE with deportations

Ajkal Desk

A federal judge on Friday, November 21 blocked the IRS from giving ICE the home addresses of taxpayers who might be undocumented immigrants — dealing a blow to the Trump administration's mass deportation efforts. The ruling is a significant victory for immigrant-rights group and liberal activists who are trying to resist the mass deportations that President Donald Trump has made a top priority for the first year of his second term. The Trump administration can appeal the decision, and it has a decent track record this year of overturning lower-court losses. A separate federal judge in a related case previously declined to block the data-sharing deal between Internal Revenue Service and Immigration and Customs Enforcement.



Court records indicate that the IRS has provided ICE with information about 47,000 potentially undocumented taxpayers so far as part of the controversial data-sharing deal, a fraction of what the Trump administration requested. The Department of Homeland Security has said it wants this information to find people who came to the US illegally and have already been ordered by a judge to leave the country. The IRS rebuffed, and ultimately rejected, attempts to get information on millions of suspected undocumented immigrants with existing deportation orders. These disagreements created months of tension between IRS leadership and the White House, leading to the resignation and ouster of multiple IRS commissioners this year including Billy Long, a Trump loyalist.

CNN has reached out to the IRS and Treasury Department for comment.

District Judge Colleen Kollar-Kotelly said in her 94-page ruling Friday that the data-sharing program was unlawful for several reasons, including because it violated legal requirements to keep sensitive taxpayer information private except for very strict exceptions, regardless of their immigration status.

"Plaintiffs have shown that the IRS's disclosure of confidential taxpayer address information to ICE was contrary to law because it did not comply with certain requirements in (the) Internal Revenue Code," wrote Kollar-Kotelly, a Bill Clinton appointee. An order blocking the program was necessary because undocumented taxpayers were suffering irreparable harm, she said.

The judge rejected many of the Justice Department's arguments for why the program was legal, concluding, among other things, that certain assertions were not credible. For instance, DOJ officials claimed that one single ICE agent was personally overseeing tens of thousands of investigations that might lead to criminal prosecutions and deportations.

"The Court finds it unlikely that a single individual could be 'personally and directly engaged' in approximately 47,000 criminal matters, let alone 1.28 million of them, as ICE represented to the IRS," Kollar-Kotelly wrote.

This case was brought by the Center for Taxpayer Rights, a nonpartisan nonprofit that said the policy was hurting its clients at a low-income clinic, including undocumented immigrants. Millions of undocumented immigrants pay taxes each year — for decades, they have been encouraged to register with the IRS and pay what they owe, with assurances that their private information would stay confidential except for extremely rare cases. Other anti-Trump groups involved in the lawsuit praised the ruling. "This is an important win for millions of people in America whose information has been threatened by the Trump-Vance administration… the privacy laws enacted in the post-Watergate era exist to prevent abuses of power like this and yet leaders in the IRS and ICE launched this effort," Skye Perryman, president of Democracy Forward, said in a statement. *(Source-CNN)*

## Mamdani asks 179 City Hall workers to resign when he takes office



Ajkal Desk

New York City Mayor-elect Zohran Mamdani has asked some City Hall employees to resign from their positions when he takes office on Jan. 1, his spokesperson confirmed to PIX11 News on Wednesday. The New York Times reported that the resignations, which will affect 179 workers, will change staffing in political offices, including those overseen by deputy mayors. "As is standard practice for a mayoral transition, the Mayor-elect and his transition team are working to build their City Hall plan, which includes new staff in key roles to ensure they can deliver effectively on their agenda," a spokesperson for Mamdani told PIX11 News in a statement. Mamdani recently announced he's appointed more than 400 city leaders to 17 transition committees, which "will be tasked with not only making personnel recommendations but policy recommendations." His direct transition team includes alums of both the de Blasio and Adams administrations. Mamdani also plans to keep NYPD Commissioner Jessica Tisch in her role, citing the sharp decrease in crime since she took the helm. His chief of staff is Elle Bisgaard-Church, who managed his own primary campaign, and former first deputy mayor for de Blasio, Dean Fuleihan, will serve the same position in Mamdani's City Hall. *(Source-PIX 11)*

## The US Raising Immigration Fees Effective January 1, 2026

Ajkal Desk

USCIS and U.S. Customs and Border Protection (CBP) are implementing inflation-based fee adjustments for certain immigration-related forms and services effective January 1, 2026. These changes are mandated by the "One Big Beautiful Bill Act" (H.R. 1) and primarily impact applications related to asylum, Temporary Protected Status (TPS), and parole. Any benefit request postmarked on or after January 1, 2026, must include the new fee to avoid rejection. The most up-to-date fee information is available on the official USCIS Fee Schedule and related agency websites.




**Key Fee Changes Effective January 1, 2026**

Several fees are being adjusted based on inflation between July 2024 and July 2025. Examples of these increases include the Annual Asylum Application Fee (from $100 to $102, though this fee is currently under a court-ordered stay) and fees for certain Forms I-765 (Employment Authorization Document), I-131 (Application for Travel Document), and I-821 (TPS Application). Additionally, fees for Parole into the U.S., ESTA authorization, and EVUS enrollment processed by CBP will also increase.




## Alexandria Ocasio-Cortez and City Harvest hosted a food distribution

Ajkal Desk

U.S. Rep. Alexandria Ocasio-Cortez joined City Harvest on Saturday, Nov. 1, to host a food distribution for Transportation Security Administration (TSA) workers from LaGuardia Airport at Vaughn College in East Elhurst Over 260 federal workers participated, and more than 9,300 pounds of food were distributed at the Vaughn campus, located across the Grand Central Parkway from LaGuardia.

"This weekend, I partnered with City Harvest to distribute fresh groceries to our TSA workers at LaGuardia Airport who have not received a paycheck in over a month because Republicans have halted negotiations to reopen the government," Ocasio-Cortez said. "While millions of federal workers are missing paychecks, the White House has chosen to play politics with SNAP and risk plunging families across the country into hunger."

On Tuesday, the Senate failed to advance a House-passed continuing resolution to end the government shutdown for a 14th time, which matched the longest shutdown in U.S. history at 35 days. The vote was 54 to 44, falling short of the 60 votes needed to advance, and no new Democrats voted in favor of advancing the funding bill.

"While we fight to fully fund SNAP and reopen the government, I am grateful for the leadership, volunteers, and everyday people contributing to our food banks and ensuring our neighbors can still feed their families," Ocasio-Cortez said.

More than 40 years ago, City Harvest helped to start the food rescue movement. This year, the organization will rescue more than 86 million pounds of high-quality food from local and national sources that would otherwise go to waste and deliver it, free of charge, to hundreds of food pantries and soup kitchens across the five boroughs.

"Even before the government shutdown, visits to New York City soup kitchens and food pantries were at a record high," City Harvest CEO Jilly Stephens said. "Now that federal workers are missing paychecks and SNAP benefits are delayed and will not be paid in full as a result of the shutdown, even more of our fellow New Yorkers will need help putting food on the table. City Harvest is stepping up to provide as much food as possible for our neighbors in need at this critical moment." Vaughn College President Sharon DeVivo said the school is a proud partner with City Harvest to support its neighbors during such a challenging time.

"Their dedication to feeding families affected by the government shutdown reflects the heart of New York—compassionate, resilient and united," DeVivo said. "Vaugh College is honored to serve as a hub for this vital effort, and we thank City Harvest for their unwavering commitment to our community."

# Trump, Mamdani make love-not war

Shah Nawaz

A high-stakes White House meeting between President Donald Trump and mayor-elect Zohran Mamdani turned into a lovefest — with both men heaping populist praise on each other for pursuing ways to address the cost of living.

Mamdani, a 34-year-old democratic socialist, needed to avoid the mercurial Republican president using the might of the federal government to cut New York City's aid or send in the National Guard. Trump allies wanted the president to show he would prevent the Big Apple from being bankrupted by socialism. But Mamdani appeared — at least for the time being — to neutralize those threats during the closed-door tête-à-tête by sticking to a strategy of staying laser-focused on issues of affordability, according to a top aide who sat in on the talk. After they emerged from the private meeting, Trump even told reporters that Mamdani had played up their unlikely political similarities: Mamdani "said a lot of my voters actually voted for him," said the evidently pleased president. Mamdani noted that he often spoke with those voters — a point that elicited a grin from the president sitting behind the Resolute Desk. The meeting was dominated by presidential compliments for Mamdani's upstart campaign, a focus on blue-collar people and Trump's interest in helping enact aspects of the new mayor's agenda, like an expansion of much-needed housing.



"We had some interesting conversation, and some of his ideas really are the same ideas I have," Trump said. "The new word is affordability." The meeting between two leading populist avatars operating from differing ends of the political spectrum arrived as affordability has become a crucial watchword for campaigns. The president, struggling to get costs down, has begrudgingly returned to focusing on pocketbook concerns after his popularity began to suffer. Mamdani, who is viewed with deep skepticism by New York City's powerful business leaders, has tried to demonstrate he will not upend an economy that is heavily reliant on real estate and Wall Street. Yet the two New Yorkers share similarities. Both men launched their electoral careers amid low expectations from establishment party leaders. They have an instinctive feel for their political bases and the concerns of their ardent supporters. And they understand how to leverage social media in a digital campaign age. Trump, though, appeared to go beyond simply agreeing with the mayor on broad issues. He was practically smitten by the Queens state assemblymember, who was a virtual unknown a year ago. "We had a meeting today that actually surprised me," Trump told reporters during the extraordinary public portion of the get together.

Indeed, the interaction between Mamdani and the voluble president shocked the political world.

It was a surreal scene: The president, who belittled Mamdani as "my little communist," and the incoming New York City mayor, who blasted Trump in his election night victory speech as a fascist, smiling together, occasionally patting each other on the elbow.

"I think this mayor is going to be doing some things that are really great," Trump said.

The president marveled at the interest, too, musing at one point, "The press has eaten this thing up. For some reason the press has found this to be a very interesting meeting. The biggest people from all over the world come here, nobody cares."

Mamdani insisted they both shared the goal of addressing the cost of living to help "working class people" in a deeply expensive city. "What we're looking to do is put those people right back at the heart of our politics," he said. Papering over their deep differences on crime, immigration and Israel underscored the political imperative to address rising costs. Former Trump White House adviser Steve Bannon told POLITICO Magazine this month that Republicans underestimate Mamdani at their peril and that the mayor-elect's victory should be a "wake-up call."

One Trump administration official, who requested anonymity to discuss the president's thinking, said the meeting was "more normal than not" given the interest in New York City's success.

"I think making this about who charmed who is a mistake," the official said. "One on one the president is a reasonable guy who loves the city. Frankly they both can be charming."

New York officials, including Democratic Gov. Kathy Hochul, are trying to stave off Trump's incursion into the Empire State's affairs. His threats to deploy the National Guard have led to extensive table-top exercises gaming out possible scenarios. Hochul has dropped her pledge to not raise taxes next year, citing uncertainty in Washington.

The meeting on Friday may only temporarily set those concerns aside. Trump said the city, where he built on his family's business empire, is at a "turning point."

"It can go great, or another direction, I think you have a chance to make it great," Trump said.

A person close to Mamdani's transition team said the strategy going into the meeting was straightforward: Open up a line of communication with the president given the large role the federal government plays in city affairs, focus on issues of affordability and areas of shared agreement and emphasize the mayor-elect's priorities. Elle Bisgaard-Church, Mamdani's newly appointed chief of staff and one of his closest aides, said the mayor-elect also made clear his concerns with federal immigration enforcement tactics. "We certainly were clear about our disagreements in the room," she said during an interview with NY1. "And the mayor-elect made clear that we uphold sanctuary laws in our city and all immigrants will be safe in our city." "We also made very clear that we feel there has been inhumane raids just this week," she added, while noting that Mamdani and Trump agreed on focusing immigration enforcement on individuals who have committed violent crimes.

New York Democrats relished moments, including Trump's encouragement of the mayor-elect — "Okay, you can say it" — when Mamdani was asked if he still believes the president is a fascist. "Pretty sure Zohran just charmed Donald Trump into agreeing that he's a fascist," said New York City Comptroller Brad Lander, a former mayoral candidate who cross-endorsed Mamdani in the June Democratic primary.

And Trump surprisingly came to the defense of Mamdani at points, insisting that the city's first Muslim mayor is not a "jihadist" as Trump ally Rep. Elise Stefanik has labeled him. Stefanik is running for governor next year. "I met with a man who's a very rational person," Trump said. Stefanik, who has rarely broken with the president, responded on X, "We all want NYC to succeed. But we will have to agree to disagree on this one." *(Source-Politico)*



## Trump Loyalist Rep. Marjorie Taylor Greene Resigning From Congress

Ajkal Desk

Rep. Marjorie Taylor Greene of Georgia, a loyal supporter-turned-critic of President Donald Trump who faced his political retribution if she sought reelection, said Friday she is resigning from Congress in January.

Greene, in a more than 10-minute video posted online, explained her decision and said she didn't want her congressional district "to have to endure a hurtful and hateful primary against me by the president we all fought for," she said.

Greene's resignation followed a public falling-out with Trump in recent months, as the congresswoman criticized him for his stance on files related to Jeffrey Epstein, along with foreign policy and health care.

Trump branded her a "traitor" and "wacky" and said he would endorse a challenger against her when she ran for reelection next year.

She said her last day would be Jan. 5, 2026.

The White House did not immediately respond to a message seeking comment Friday night.

In a brief phone call Friday night, Trump told ABC News that Greene's resignation is "great news for the country." He said had no plans to speak with Greene but wishes her well.



## Kachi Khondoker to make his big-screen debut with Mosharraf Karim

Anik Raj

Television director Kachi Khondoker is trading the small screen for the cinema — and he has chosen a familiar collaborator for his first feature. Khondoker announced this week that his debut film, "My Dear Football", will star popular actor Mosharraf Karim and centre on the feverish local football culture of Bangladesh's towns and districts.

Khondoker, who grew up outside the capital and built his reputation as a director of acclaimed television plays, says the film will capture the raw excitement and communal obsession that surrounds grassroots football.

"I've tried to portray the mania for football in the districts," he told The Daily Star. "Shooting should begin in June next year — I deliberately chose June to avoid the rains."

The director said his long creative partnership with Mosharraf Karim made the casting an easy decision. "He has performed in many of the television projects I've directed. We understand each other. I once worked with him on a football project for television that attracted a lot of attention," Khondoker recalled. "This script has several layers, and I cannot imagine making it without him. The story is born of a deep love for football."

# ডায়াবেটিসে যেভাবে হার্ট অ্যাটাকের আশঙ্কা বাড়ে



অধ্যাপক ডা. আব্দুল ওয়াদুদ চৌধুরী



রোগীরা যখন জিজ্ঞেস করেন যে ডায়াবেটিস নিয়ে এত মাথাব্যথা করব কেন? আমি বলি, তাই তোমার যে ডায়াবেটিস হলো, তোমার যে বন্ধুটির ডায়াবেটিস নেই তার থেকে তোমার আয়ু এক্ষুনি ৭ বছর কমে গেল। কী সাংঘাতিক কথা! কেন?

গ্লুকোজ তো আমার দরকার। প্রতিটি কোষ গ্লুকোজ ব্যবহার করে এনার্জি হিসেবে। আমার মস্তিষ্ক প্রায় পুরোপুরি গ্লুকোজের ওপর নির্ভরশীল। সমস্যা হলো এই এসেনশিয়াল ফুয়েলটা যদি আমি ঠিকমতো ব্যবহার করতে না পারি, সেটা আমার ক্ষতি করবে। এটার জন্যই ডায়াবেটিস হয়।

হয় আমার ইনসুলিনটা কমে গেছে (যেটা গ্লুকোজ ব্যবহার করাচ্ছে), অথবা আমার শরীরে প্রচুর ইনসুলিন আছে, কিন্তু নানা কারণে সেটা ঠিকভাবে কাজ করতে পারছে না। তার ফল কী? প্রতিটি কোষ, প্রতিটি ভেসেলে (রক্তনালি) যে এনার্জি ইউটিলাইজেশনের মেকানিজম, সেখানে সমস্যা হচ্ছে।

তার ফলে কী হচ্ছে? ধরো, আমার ভেসেলে যে সেল লাইনিং আছে, সেটা তো প্রোটেকশন দিচ্ছে এবং আরও অনেক কাজ করে, কিছু কেমিক্যাল নিঃসরণ করে, যাতে ধমনি কলাপস না করে ওপেন থাকে, যেন রক্ত জমাট না বাঁধে।

এই সবকিছুর জন্য এনার্জি দরকার। যখন সেটা থাকে না, তখন কী হয়? মেটাবলিজম ঠিকভাবে না হলে শরীরে লিপিড বাড়ে। এ অতিরিক্ত লিপিড ভেসেলের মধ্যে জমতে থাকে, ধমনিগুলো চিকন হয়ে যায়।

এখন আমার ব্রেনে তো অসম্ভব পরিমাণ ব্লাড দরকার, অক্সিজেন দরকার। আমার হৃৎপিণ্ড মায়ের গর্ভ থেকে যেটা নড়াচড়া শুরু এরপর ৩৮ পৃষ্ঠায়



বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএমইউ) ডেন্টাল অনুষদের ডিন ও ওরাল অ্যান্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. সাখাওয়াৎ হোসেন সায়ন্থ

সাক্ষাৎকারে ডা. সাখাওয়াৎ হোসেন সায়ন্থ

## ভাঙা দাঁতের খোঁচা থেকেও হতে পারে মরণব্যাধি ক্যান্সার

বরুণ কুমার দাশ ও আব্দুর রউফ

মুখের ভেতরের ভাঙা বা ধারালো দাঁতের ক্ষতকে অনেকেই গুরুত্ব দেন না। জিহ্বা বা গালে বারবার লাগা এই সামান্য খোঁচা বা ক্ষতটিই দীর্ঘদিন রাখলে এক সময় তা নীরবে ক্যানসারে রূপ নিতে পারে।

এ ছাড়া তামাক ও অ্যালকোহল জাতীয় দ্রব্যের প্রতি আসক্তি এবং সঠিক সময়ে চিকিৎসা না নেওয়ার প্রবণতার কারণে দেশে ওরাল (মুখের ভেতরে) ক্যানসারের ঝুঁকি ও মৃত্যুহার আশঙ্কাজনক হারে বাড়ছে।

বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের (বিএমইউ) ডেন্টাল অনুষদের ডিন ও ওরাল অ্যান্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. সাখাওয়াৎ হোসেন সায়ন্থ দেওয়া এক সাক্ষাৎকারে এসব কথা বলেন।

মুখের ক্ষত ও ক্যানসার প্রতিরোধের উপায় সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, মুখে নানা কারণে ক্ষত বা ঘা হতে পারে। এর মধ্যে সবচেয়ে পরিচিত হলো 'অ্যাপথাস আলসার'।

মানসিক চাপ, দুশ্চিন্তা, ঘুমের ঘাটতি, হরমোনের পরিবর্তন, ভিটামিন ও মিনারেলের অভাব, ব্রাশের খোঁচা বা খাওয়ার সময় অসাবধানতাবশত গাল বা জিহ্বায় কামড় লাগলে এই ঘা হতে পারে। এটি কষ্টদায়ক হলেও এতে ভয়ের কিছু নেই। এই আলসার সাধারণত ৫ থেকে ৭ দিনের মধ্যে কোনো ওষুধ ছাড়াই নিজে থেকেই সেরে যায়। তবে এ সময় সামান্য ব্যথানাশক জেল বা মাউথওয়াশ ব্যবহার করলে স্বস্তি মেলে।'

তবে সব ক্ষত সাধারণ নয় উল্লেখ করে ডা. সাখাওয়াৎ বলেন, 'কিছু ক্ষত শরীরের অন্য কোনো জটিল রোগের লক্ষণ হিসেবে প্রকাশ পায়। যেমন, যক্ষ্মা রোগীদের ক্ষেত্রে 'টিউবারকুলাস আলসার', সিফিলিস রোগীদের 'সিফিলিটিক আলসার' কিংবা হারপিস সিমপ্লেক্স ভাইরাসের সংক্রমণে জ্বরঠোসা বা ফোসকা থেকেও মুখে ঘা হতে পারে। এর বাইরে কিছু ক্ষত আছে যাকে 'প্রি-ম্যালিগন্যান্ট লেসন' বা ক্যানসারের পূর্বাবস্থার ক্ষত বলা হয়। সঠিক সময়ে চিকিৎসা না করালে এবং জীবনযাপন পদ্ধতি পরিবর্তন না করলে এগুলো ক্যানসারে রূপ নেয়। এর মধ্যে লিউকোপ্লাকিয়া এরপর ৩৮ পৃষ্ঠায়

## কিডনি নষ্ট হওয়ার প্রধান কারণ এখন ডায়াবেটিস

অধ্যাপক ডা. শামীম আহমেদ



বড় সমস্যাটা হলো রোগীরা যখন আমাদের কাছে আসেন, তখন তাদের কিডনির প্রায় ৯০ শতাংশই ক্ষতিগ্রস্ত। সেই অবস্থায় শুধু ওষুধ দিয়ে আর কিছু করার থাকে না। তখন প্রয়োজন হয় ডায়ালাইসিস বা কিডনি প্রতিস্থাপনের মতো ব্যয়বহুল চিকিৎসার।

অথচ দেশে খুব অল্প মানুষই নিয়মিত এই চিকিৎসা নিতে পারেন। কেউ কেউ বাঁচার আশায় সব বিক্রি করে চিকিৎসা শুরু করেন, কিন্তু কয়েক মাসের মধ্যেই অর্থের অভাবে থেমে যেতে হয়। পরিবারটাও ভেঙে পড়ে।

এ পরিস্থিতিতে সবচেয়ে কার্যকর উপায় হলো প্রতিরোধ।

প্রথম দিকে কোনো লক্ষণ থাকে না, তৃতীয় পর্যায়ে গিয়ে আমরা রোগটি পরীক্ষার মাধ্যমে ধরতে পারি। এ পর্যায়ে ধরা গেলে ক্ষতি অনেক সময় থামিয়ে দেওয়া যায়, এমনকি ফিরে আসাও সম্ভব। কিন্তু শেষ ধাপে গেলে আর কিছু করার থাকে না।

রোগীরা প্রায়ই বলেন, 'স্যার, ডায়াবেটিসের ওষুধ দিলেন, প্রেশারের ওষুধ দিলেন, রক্তশূন্যতার জন্য দিলেন, আবার ভিটামিন-ক্যালসিয়ামও দিচ্ছেনএত কিছু কেন?'

কারণ, ডায়াবেটিসজনিত কিডনির রোগ ধীরে ধীরে বাড়ে। এর পেছনে শুধু সুগার বা প্রেশার নয়, শরীরের ভেতরের প্রদাহও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এরপর ৩৮ পৃষ্ঠায়

## শীতে শরীর ব্যথার আগাম প্রস্তুতি কেমন হবে?

ডা. মো. আহিদ ইকবাল



**প্রশ্ন:** শীতকালে আমার মায়ের সারা শরীরে তীব্র ব্যথা হয়। গরমের সময় অন্য সমস্যা থাকলেও ব্যথার সমস্যায় খুব একটা ভোগেন না। মায়ের বয়স এখন ৬৫ বছরের মতো। বেশি ঠান্ডা পড়লে বিছানা থেকেও নামতে পারেন না। আগাম প্রস্তুতি হিসেবে কী করতে পারি?

**পরামর্শ:** এই বয়সে বিভিন্ন কারণে শরীরে ব্যথা হতে পারে। বিশেষ করে আর্থ্রাইটিস বা বাত রোগ, ভিটামিন ডি ঘাটতিজনিত সমস্যা। হাড়ের ঘনত্ব কমে যাওয়ার কারণেও হাড় ও মাংসপেশিতে তীব্র ব্যথা হয়। তবে কিছু সচেতনতা অবলম্বন করলে শীতকালে এই ব্যথার সমস্যাকে অনেকটাই সহনীয় করে তোলা সম্ভব। প্রথমেই ব্যথার সঠিক কারণ নির্ণয় করা জরুরি। তাই যত দ্রুত সম্ভব আপনার মাকে নিয়ে একজন বিশেষজ্ঞ চিকিৎসকের শরণাপন্ন হোন। চিকিৎসকের পরামর্শে ভিটামিন ডি এবং হাড়ের ঘনত্ব পরীক্ষা করিয়ে নিন। ভিটামিন ডির অভাব থাকলে কিংবা হাড়ের ঘনত্ব কমে গেলে চিকিৎসকের নির্দেশনায় ক্যালসিয়াম, ভিটামিন ডি ও অন্যান্য প্রয়োজনীয় ওষুধ নিশ্চিত করুন। বাতজনিত ব্যথা, অস্টিওআর্থ্রাইটিস কিংবা রিউমাটয়েড আর্থ্রাইটিস হলে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধ এবং প্রয়োজনীয় থেরাপি দেওয়ার ব্যবস্থা করুন।

খাদ্যতালিকায় পুষ্টিকর এবং ভিটামিন ডিসমৃদ্ধ খাবার রাখুন। আপনার মাকে গরম পোশাক ও গরম পরিবেশে রাখার চেষ্টা করুন। ঘর গরম রাখতে দরজা-জানালা বন্ধ রাখুন। খুব শক্ত বা খুব নরম বিছানা পরিহার করুন। ব্যথার জায়গায় কুসুম গরম পানি বা হিটিং প্যাড দিয়ে সেঁক দিতে পারেন। এরপর ৩৮ পৃষ্ঠায়

## ডায়াবেটিস রোগীর কাঁধে ব্যথার কারণ ও প্রতিকার



এম ইয়াছিন আলী

বয়স ৪০ পার হলে হাড়ের ক্ষয় শুরু হয়। এ সময় অস্থিসন্ধির (জয়েন্ট) অভ্যন্তরীণ সাইনোভিয়াল ফ্লুইড কমে যেতে থাকে। এ কারণে যেকোনো অস্থিসন্ধির সমস্যা দেখা দিতে পারে। বিশেষ করে ডায়াবেটিস থাকলে কাঁধের সন্ধিতে ব্যথা দেখা দেয় বেশি।

ডায়াবেটিসে আক্রান্ত ব্যক্তিরা অন্যদের তুলনায় বেশি কাঁধের ব্যথায় ভোগেন। এর কারণ, অ্যাডহেসিভ ক্যাপসুলাইটিস বা ফ্রোজেন শোল্ডার। ডায়াবেটিস অনিয়ন্ত্রিত থাকলে এটি বেশি হয়।

এর ফলে ব্যথার পাশাপাশি কাঁধের সংযোগস্থল শক্ত হয়ে পড়ে। পর্যায়ক্রমে রোগী হাত ওপরে ওঠাতে পারেন না, পিঠের দিকে নিতে পারেন না, পোশাকও পরতে পারেন না। এমনকি চিরুনি দিয়ে চুল আঁচড়াতেও কষ্ট হয়।



### কারণ কী

আগেই বলা হয়েছে, রক্তে অনিয়ন্ত্রিত শর্করা ফ্রোজেন শোল্ডারের অন্যতম কারণ। এ ছাড়া হাত দিয়ে ভারী কিছু ওঠাতে গিয়ে আগে কখনো ব্যথা পেয়েছিলেন, কিন্তু গুরুত্ব দেননি; তা থেকেও ব্যথা হতে পারে। এ ছাড়া স্ট্রোকের (মস্তিষ্কে রক্তক্ষরণ) পরও এমন সমস্যা হতে পারে।

সার্ভিক্যাল স্পন্ডিলোসিস রোগে ঘাড় ও বাহুর ব্যথার কারণে রোগী হাতের নড়াচড়া কমিয়ে দেন। এতে ক্রমেই কাঁধের সংযোগস্থল শক্ত হয়ে যেতে পারে। চালক হঠাৎ কষে ব্রেক করলে গাড়ির যাত্রীরা নিজেদের রক্ষার জন্য হাতল বা কোনো কিছু শক্ত করে ধরে ফেলেন বা ধরার চেষ্টা করেন। এতে অনেকে ব্যথা পেয়ে থাকেন, যা পরে কাঁধব্যথার কারণ হয়ে দাঁড়ায়।

কাঁধে খুব ব্যথা না হলে এরপর ১৫ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে, ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাদেশস্থ যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন নাহ্হামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফিয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারূন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের নিরিখে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রথমে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের নবীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় যেন না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সম্মত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের পছন্দের হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন রচয়িতা লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে পরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম. এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব সলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথার কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযূর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযূর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা [illegible] বিষয়কে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযূর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাইদুল্লাহপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিঊন। হুযূর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

**347-659-8842**

**7 DAYS OPEN**

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA

POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

## নিউজার্সির আটলান্টিক সিটিতে ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা

৬২ পৃষ্ঠার পর

কর্মকর্তা মো. গোলাম মোর্শেদ, পারসোনাল অফিসার আবদুল আওয়াল ও মো. আসাদুজ্জামান, অফিস সহকারী নওরীন জাহান, শফিকুল ইসলাম, মোকছেদুর রহমানসহ অন্যরা।

ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবার আওতায় বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশি সহজেই মেশিন রিডেবল পাসপোর্ট গ্রহণ ও পাসপোর্ট নবায়নসহ বিভিন্ন সেবা গ্রহণের সুযোগ পান। এ ছাড়া যুক্তরাষ্ট্রের পাসপোর্টধারী বাংলাদেশিরা তাঁদের পাসপোর্টে নো ভিসা রিকোয়ার্ড সিলসহ অন্যান্য সেবা নেন।

বিএএসজের সভাপতি জহিরুল ইসলাম বাবুল, সাধারণ সম্পাদক জাকিরুল ইসলাম খোকা ও ট্রাস্টি বোর্ডের সভাপতি আব্দুর রফিক বাংলাদেশ কনস্যুলেটের কর্মকর্তাদের ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও তাদের সহযোগ পাওয়ার আশাবাদ ব্যক্ত করেন।

নির্দিষ্ট সময়ের অনেক আগেই ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা গ্রহণের জন্য প্রবাসীরা বাংলাদেশ কমিউনিটি সেন্টারে সমবেত হতে থাকেন। বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সাউথ জার্সির সদস্য গিয়াসউদ্দীন পাঠান, মো. আইউব, শাহরিয়ার আহমেদ, মো. শাহ মাহমুদ, আবদুল জব্বার, কেরামত উদ্দিন, বেলাল হোসেন, সৈয়দ শহীদ, মোঃ মনিরুজ্জামান, মো. রফিকুল ইসলাম, জহিরুল ইসলাম লেন্টু, মহসিন আল মামুন, শাহজালাল, সিরাজ উদ্দীন, মাহাতাব আলী দুলাল, ওবাইদুল লিমন, সেজান তালুকদার, রওশন উদ্দিন প্রমুখের সাদর সম্ভাষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনায় প্রবাসী বাংলাদেশিরা কোনো ধরনের ঝক্কি-ঝামেলা ছাড়াই এই সেবা গ্রহণ করে যারপরনাই খুশি হন।

প্রবাসী বাংলাদেশিরা বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সাউথ জার্সির এই ধরনের আয়োজনের জন্য সংগঠনের কর্মকর্তাদের ধন্যবাদ জানান এবং ভবিষ্যতেও এই ধরনের সেবামূলক কার্যক্রম অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

## তিন বছর পর বাংলাদেশকে হারিয়ে মালয়েশিয়ার 'প্রতিশোধ'

৫২ পৃষ্ঠার পর

১-০ গোলে হেরে মাঠ ছেড়েছে পিটার বাটলারের দল।

বুধবার ঢাকার জাতীয় স্টেডিয়ামে শুরু থেকে ছিল বাংলাদেশের দাপট। প্রায় হাফ লাইনের ওপরে থেকে মালয়েশিয়াকে চাপে রাখার চেষ্টা ছিল স্বাগতিকদের। হাইলাইন ডিফেন্স করে খেলে গোল করার সুযোগ মিললেও ঋতুপর্ণা-শামসুন্নাহাররা জাল কাঁপাতে পারেননি। উল্টো প্রতি আক্রমণ থেকে নিজেদের ভুলে মালয়েশিয়া এক গোল আদায় করে বিরতিতে গেছে।

২০১২ সালের পর এই প্রথম বুধবার ঢাকার জাতীয় স্টেডিয়ামে প্রতিযোগিতামূলক ম্যাচ খেলছে মেয়েরা। সবশেষ ২০১৩ সালের ২৫ মে ফিলিপাইনের বিপক্ষে এশিয়ান কাপ বাছাইয়ের ম্যাচে এই মাঠে মুখোমুখি হয়েছিল। আর ফিফা র‍্যাঙ্কিংয়ের ৯২তম অবস্থানে থাকা মালয়েশিয়ার বিপক্ষে বাংলাদেশ সর্বশেষ খেলেছে তিন বছর আগে। কমলাপুর স্টেডিয়ামে প্রথম ম্যাচে বাংলাদেশ ৬-০ গোলে জিতলেও গোলশূন্য ড্র করেছিল দ্বিতীয় ম্যাচ। ৭ মিনিটে গোছানো আক্রমণে দারুণ সুযোগ তৈরি হয়। লাল সবুজের জার্সিতে অভিষেক হওয়া সুলতানার রক্ষণ চেরা পাস ধরে ডান দিক থেকে বক্সে আড়াআড়ি ক্রস বাড়িয়েছিলেন শামসুন্নাহার জুনিয়র। ছুটে গিয়ে লাফিয়ে হেড করতে চেয়েছিলেন মনিকা চাকমা, কিন্তু পাননি বলের নাগাল। একটু পর ঋতুপর্ণার কর্নার থেকে শামসুন্নাহার জুনিয়রের হেডে বল চলে যায় বাইরে।

১২ মিনিটে পায়ের ব্যথায় খুঁড়িয়ে চলতে দেখা যায় মনিকাকে। তবে দুটি নারী সাফ জয়ী এই মিডফিল্ডার মাঠ ছেড়ে যাননি। খেলা চালিয়ে গেছেন।

২৯ মিনিটে খেলার ধারার বিপরীতে পাল্টা আক্রমণ থেকে গোল হজম করে বসে বাংলাদেশ। সতীর্থের লং পাস নুর আইনসাহ বিনতে মুরাদ নিয়ন্ত্রণে নেওয়ার সময় তার পাশেই ছিলেন ডিফেন্ডার কোহাতি কিসকু। প্রতিরোধ গড়ার মূল দায়িত্বও ছিল তার, কিন্তু একই সময়ে রুপনা চাকমা পোস্ট ছেড়ে ক্লিয়ার করতে বেরিয়ে আসায় দুজনের মধ্যে কিছুটা ভুল বোঝাবুঝি হয়। সে সুযোগে রুপনাকে ফাঁকি দিয়ে বল বের করে নিয়ে বাম পায়ের কোনাকুনি শটে লক্ষ্যভেদ করেন নুর।

শুরুতে দুই পরিবর্তন নিয়ে মাঠে নেমেছিল বাংলাদেশ। থাইল্যান্ডের বিপক্ষে অক্টোবরে খেলা সর্বশেষ ম্যাচের একাদশ থেকে বাদ পড়েছেন ফরোয়ার্ড তহুরা খাতুন ও ডিফেন্ডার সাবিরণ খাতুন। সুলতানার সঙ্গে একাদশে জায়গা পেয়েছেন মিডফিল্ডার মুনকি আক্তার। বিরতির পর মুনকি, শামসুন্নাহার জুনিয়র ও সুলতানার জায়গা হয় বেঞ্চে। তাদের জায়গায় নামেন স্বপ্না রানী, তহুরা ও সাগরিকা। তাতেও খেলাতে তেমন পরিবর্তন হয়নি। উল্টো রক্ষণের খোলস ছেড়ে বেরিয়ে এসে মালয়েশিয়া শুরু থেকে তিনটি সুযোগ পেয়ে স্বাগতিকদের মেনে কাঁপন ধরিয়ে দিয়েছিল।

দ্বিতীয়ার্ধের শুরুতে রক্ষণে তালগোল পাকিয়ে বল হারিয়ে বিপদ ডেকে এনেছিলেন শিউলি আজিম। তবে জেনেরিটা জাস্টিনের দুর্বল শট সোজা রুপনার তালুতে জমা পড়ে। ৫৭ ও ৬২ মিনিটে নুর নাজওয়ার শট গোলকিপার প্রতিহত করেন। ৬ মিনিট পর সমতায় ফেরার দারুণ সুযোগ নষ্ট করে বাংলাদেশ। তহুরার সঙ্গে দেওয়া নেওয়া করে বক্সে ক্রস বাড়ান ঋতুপর্ণা। কিন্তু ফাঁকায় থাকা সাগরিকার হেড হতাশা বাড়িয়ে চলে যায় পোস্টের বাইরে। পরের মিনিটে মালয়েশিয়া সুযোগ পেয়েও রুপনাকে পরাস্ত করতে পারেনি।

৭৬ মিনিটে ঋতুপর্ণা ও শামসুন্নাহার সিনিয়র উঠে যান। মামনি চাকমা ও জয়নব বিবি নামেন। তিন মিনিট পর মালয়েশিয়ার আইনসাহ বক্সে ঢুকে পড়লে শট নেওয়ার আগেই শিউলি পেছন থেকে এসে নিখুঁত ট্যাকল করে বল ক্লিয়ার করেন। ৮৫ মিনিটে তহুরা শট নিলেও সেটা জমা পড়ে গোলকিপারের গ্লাভসে।

যোগ করা সময়ে বদলি কুরুকজিরার ৬ গজের সামনে থেকে নেওয়া শট রুপনা ডান দিকে ঝাঁপিয়ে ফিরিয়ে দিয়ে হারের ব্যবধান বাড়াতে দেননি। মনিকারাও চেষ্টা করে পারেননি সমতাসূচক গোল করতে।

আগামী মঙ্গলবার আজারবাইজানের বিপক্ষে দ্বিতীয় ম্যাচ খেলবে বাংলাদেশ।

## বাংলাদেশ সীমান্তে ভারতের কারফিউ জারি

৬২ পৃষ্ঠার পর

জন্য জিরো লাইনের কাছে রাতের বেলা প্রচুর সংখ্যায় জড়ো হওয়ার চেষ্টা করতে পারে', এতে বলা হয়েছে।

আদেশে বলা হয়েছে, কারফিউ চলাকালীন সময়ে, বাংলাদেশ অতিক্রম করে বা অবৈধভাবে ভারতীয় ভূখণ্ডে প্রবেশের চেষ্টা করা ব্যক্তিদের যে কোনও গতিবিধি কঠোরভাবে নিষিদ্ধ করা হলো।

পাঁচ বা ততোধিক লোকের বেআইনি সমাবেশ, অস্ত্র হিসাবে কাজ করতে পারে এমন অস্ত্র বা বস্তু বহন এবং 'গবাদি পশু, নিষিদ্ধ পণ্য, সুপারি, পান, শুকনো মাছ, সিগারেট এবং চা পাতা চোরাচালানসহ সমস্ত অবৈধ কার্যকলাপ' নিষিদ্ধ করা হয়েছে।

মেঘালয় বাংলাদেশ সীমান্তে ভারত সরকারের নতুন কোন পরিকল্পনা নিয়ে কাজ চলছে বলে স্থানীয়রা ধারণা করছেন। সন্ধ্যা থেকে রাতের বেলায় সীমান্ত এলাকায় লোকসমাগম কমাবার উদ্দেশ্যেই এই পদক্ষেপ বলে তারা মনে করছেন।

## প্রবাহ'র সাহিত্য সভায় শিশু সাহিত্যে নৈতিকতা শিক্ষার গুরুত্বারোপ

৬২ পৃষ্ঠার পর

আলোকপাত করেন। তিনি লেখার ক্ষেত্রে স্বকীয়তা, কবিতা রচনায় চিত্রকল্প, প্রকরণগত দিক, কবিতার কাঠামোসহ বিভিন্ন দিক খেয়াল রাখার গুরুত্ব দেন। ইতিমধ্যে কবির বাংলাদেশ সফরের কিছু কথা, সাহিত্য অঙ্গনের খবরাখবর ও কয়েকটি ভিভি আনুষ্ঠানে অংশগ্রহণের কথা উল্লেখ করেন।

সভায় বিশিষ্ট বাচিক শিল্পী ও উপস্থাপক জি. এম. ফারুক খান বাংলা উচ্চারণ এর উপর কিছু আলোকপাত করেন ও কবি আবুল হাসানের স্মরণে একটি কবিতা পড়েন। কবি- প্রাবন্ধিক এস. এম. মোজাম্মেল হক, কবি সৈয়দ হাসমত আলী, সোহেল হামিদ নিজের রচিত কবিতা পাঠ করেন।

তাছাড়া প্রবাহকে নিয়ে ও সাহিত্যের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন অবসর প্রাপ্ত প্রফেসর সৈয়দ আহমেদ, শাহ আলম, লিয়াকত এলাহী ও জাকির হাওলাদার।

## ডাক্তার অরুপ রতন চৌধুরীকে জালালাবাদের ফুলেল শুভেচ্ছা

৬২ পৃষ্ঠার পর

ছিলেন এডভোকেট জয়জিৎ আচার্য, সাংস্কৃতিক শিল্পী দুতিপা চৌধুরী, ডা. অরুপরতন চৌধুরীর সহধর্মিণী গৌরী চৌধুরী ও এডভোকেট হায়াদ আহমেদ।

ডাক্তার অরুপ রতন চৌধুরী বিশ্বব্যাপী মাদক প্রতিরোধ আন্দোলন চালিয়ে যাচ্ছেন। মাদক প্রতিরোধের উপায় নিয়ে তার লিখিত কয়েকটি বই রয়েছে। তিনি গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশনের একজন নিবেদিত সমর্থক ও সংগঠক গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশনের প্রথম আন্তর্জাতিক উৎসবে ২০২৩ মার্চ মাসে লন্ডনে অংশগ্রহণ করেন। গ্লোবাল জালালাবাদের প্রতিটি কার্যক্রমে তার অংশগ্রহণ ও সক্রিয় ভূমিকা রয়েছে। ২০২৪ সালে ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত ২য় আন্তর্জাতিক জালালাবাদ সম্মেলনে তাকে গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশনের পক্ষ থেকে আজীবন সম্মাননা প্রদান করা হয়। তিনি গ্লোবাল জালালাবাদ এসোসিয়েশনের আন্তর্জাতিক এম্বাসেডর হিসেবে বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা সিলেটবাসীর সাথে যোগাযোগের সেতুবন্ধন হিসেবে কাজ করে যাচ্ছেন।

ডাক্তার অরুপরতন চৌধুরীর আদি নিবাস সিলেটের বিশ্বনাথে, তিনি এক ঐতিহ্যবাহী পরিবারের সন্তান, তার মা ড. মঞ্জুশ্রী চৌধুরী, যাই স্কুলের পাঠ্য বইয়ে তার লিখা রয়েছে।

## সব্যসাচী লেখক কবি জুলি রহমান পরিচালিত মাসিক চা চক্র

৬২ পৃষ্ঠার পর

হয় বাচিক শিল্পীদের কবিতা চয়ন। বাচিকতা করেন নিউইয়র্কের প্রথিত যশা উচ্চ শিক্ষিত মেধাবী সম্পন্ন মনিকা মন্ডল। তিনি তাঁর কণ্ঠে তুলে নিলেন কবি জুলি রহমান এর অতি সামান্য কবিতাটি। বাচিকতা শেষে তিনি কাব্যালোচনা করেন কবির কাব্য নিয়ে। রেজা আব্দুল্লাহর আমন্ত্রণে মঞ্চে আসেন বিজয় সাহা। তিনি কবি জুলি রহমান এর একটি গান এর শেষ অন্তেবাসী সঞ্চারি নিয়ে দীর্ঘক্ষণ আলোচনা করেন এবং তিনি যেনো গানে একটি প্রবন্ধাকারের সমালোচনা পাঠ করেন। জুলি রহমান পরিচালিত নাট্যরূপে উঠে আসেন লিয়াকত আলী। তিনি বাচিকতা করেন কবি জুলি রহমান এর একটি কবিতা। বাচিকতা করেন কাউসার লিমন পর পর দুটি কবিতা। মনিকা মন্ডল কবি শক্তি চট্টোপাধ্যায়ের আরেকটি কবিতার বাচিকতা করেন। সর্বশেষ সব্যসাচী কবি ও লেখক জুলি রহমান স্বরচিত কবিতা পাঠ করেন।

শুরু হয় গানের পর্ব। প্রথমেই গান করেন শিল্পী নাসরীন চৌধুরী, মান্নাদের দুটি গান করেন সৈয়দ আহমেদ বাবলা। এরপর শাকিলা বাবলা পর পর দুটি গান করেন। গানে আসেন প্রবীন শিক্ষক হীরালাল।

কাউসার লিমন এর গানে গানে সংস্কৃতির পর্বটির সমাপ্তি হয়। চা পর্বে আরো ছিলেন অতিথি জামাল হোসেন, প্রবীণ কলেজ প্রিন্সিপাল রতন ঘোষ, কাজী আহিয়ান মুবিন। সমাপ্তি বক্তব্য রাখেন অনুষ্ঠানের উপস্থাপক রেজা আব্দুল্লাহ।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিস্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# মোমিনের মর্যাদা ও পুরস্কার

জুবায়ের আহমেদ



পৃথিবীতে মানুষকে সমাজের সঙ্গে বসবাস করতে হয়। সমাজ ছাড়া একাকী জীবন কাটানো সম্ভব নয়। আর কয়েকজন মানুষ একত্র হলেই সেখানে প্রয়োজন হয় ঐক্য ও একতার, একজনের নেতৃত্বে বাকিদের একতাবদ্ধতার। মহান আল্লাহ সংঘবদ্ধতায় বিশেষ বরকত রেখেছেন।

দেখা যায়, কয়েকজন মানুষ একত্রে কোনো কাজ করলে তাতে অনেক বরকত হয়। আল্লাহর সাহায্যও থাকে এর মধ্যে। নবীজি (সা.) বলেছেন, 'সংঘবদ্ধ লোকের ওপর আল্লাহর হাত রয়েছে।' (তিরমিজি : ২১৬৭)। এ জন্য সামাজিক ও সংঘবদ্ধ জীবনযাপন না করে আলাদা হয়ে চলা পছন্দনীয় নয়। জাতির সর্দার তাদের জিম্মাদার হন।

জাতির কল্যাণ কামনা, সব রকমের প্রয়োজনের প্রতি সুদৃষ্টি রাখা এবং এর উৎকর্ষতার ফিকির করা শুধু তার দায়িত্বই নয়; বরং কতক্ষে আইন বা অবশ্য কর্তব্য। এর অনুভূতি একান্ত জরুরি। আমানত আল্লাহর হোক আর মানুষের হোক, অঙ্গীকারও আল্লাহর হোক বা মানুষের হোক এর খেয়াল রাখা মুমিনের গুণ। দায়িত্ব গ্রহণ করাও আল্লাহ ও মানুষের সঙ্গে অঙ্গীকার করার মতো।

নবীজি (সা.) বলেন, 'যে আমানত রক্ষা করে না তার ঈমানের দাবি যথাযথ নয় এবং যে অঙ্গীকার পূরণ করে না তার দ্বীন যথাযথ নয়।' (মুসনাদে আহমদ : ১৩১৯৯)। হজরত আলি (রা.) বলেন, কোনো ব্যক্তির কদর ও মূল্যায়ন অনুমিত হয় তার দায়িত্বশীলতার অনুভূতির মধ্য দিয়ে। প্রজ্ঞাপূর্ণ এই উক্তিটি নিয়ে যতই চিন্তা-ফিকির করা হবে সেটা কম হবে।

ইসলাম মানুষকে দায়িত্ব পালনে আমানতদার হওয়ার নির্দেশ দেয়। অর্পিত দায়িত্বে অবহেলা ও অসচেতনতা প্রদর্শন করার কারণে জবাবদিহিতার সম্মুখীন হতে হবে হাশরের মাঠে। ব্যক্তি, বয়স ও যোগ্যতা হিসেবে মানুষের এরপর ২৮ পৃষ্ঠায়

## দিনের শুরুতেই হয় রিজিক বণ্টন

নুকমান হাসান

সবকিছুর শুরুতে বিশেষ কল্যাণ থাকে। দিনের শুরুতেও রয়েছে অনেক কল্যাণ। তবে অনেকেই সকালবেলা ঘুমিয়ে থাকেন। অনেকে রাতে বেশ দেরি করে ঘুমিয়ে সকাল ৯টা-১০টায় উঠেন। আবার অনেকে ফজরের নামাজের জন্য উঠলেও নামাজ পড়েই ঘুমিয়ে যান।

মোটকথা, সকালের ঘুম যেন প্রিয় ও আরামদায়ক আমলে পরিণত হয়েছে অনেকের কাছেই। অথচ আমরা কি কখনও খেয়াল করেছি, সকালের ঘুমে আমাদের কী ক্ষতি হচ্ছে? মহান আল্লাহ ঘুমকে বানিয়েছেন শারীরিক ও মানসিক প্রশান্তির জন্য। আর রাতকে দিয়েছেন ঘুমের উপযোগী পরিবেশ। দিন দিয়েছেন কর্মব্যস্ততার জন্য। পবিত্র কোরআনে বর্ণিত হয়েছে, 'আমি তোমাদের নিদ্রাকে আরামের উপকরণ করেছি। রাতকে আবরণের (ঘুমের উপযোগী) বস্ত্র বানিয়েছি। আর দিনকে জীবিকা উপার্জনের সময় করেছি।' (সুরা নাবা : ৯-১১)।

আল্লাহ প্রদত্ত এই কর্ম ও বিশ্রামনীতিই মানুষের মন-মস্তিষ্ক ও শরীরের জন্য নিরাপত্তাব্যবস্থা। গবেষণায় দেখা গেছে, যারা আল্লাহ প্রদত্ত এ সিস্টেম লঙ্ঘন করে রাতে দেরি করে ঘুমান, তাদের শরীরে নানা সময় নানা রকম রোগ বাসা বাঁধে। এমন মানুষদের মানসিক ও শারীরিক রোগ বৃদ্ধি পায়। মেজাজ খিটখিটে হয়ে যায়। অল্প বয়সে চুল পাকে এরপর ২৮ পৃষ্ঠায়



## ইহকাল-পরকালের নিরাপত্তায় তাওবার গুরুত্ব



ফারিহান হাসনাত

মহান আল্লাহকে খুশি করার অন্যতম মাধ্যম তাওবা। তাওবার অর্থ হলো আল্লাহর দিকে ফিরে আসা। অর্থাৎ বাহ্যিকভাবে ও অভ্যন্তরীণভাবে আল্লাহ যে কাজ ভালোবাসেন তা পালন করা এবং বাহ্যিকভাবে ও অভ্যন্তরীণভাবে আল্লাহ যে কাজ অপছন্দ করেন তা ত্যাগ করা। তাই তাওবা শুধু গুনাহ ছেড়ে দেওয়ার নাম নয়।

কারণ গুনাহ ত্যাগ করা তাওবার একটি অংশ হলেও তাওবা পূর্ণতা পায় তখনই, যখন বান্দা আল্লাহর পছন্দের কাজগুলোতে আত্মনিয়োগ করে। পবিত্র কোরআনে তাওবা শব্দটি অনেক অর্থে ব্যবহৃত হয়েছে। কখনো ক্ষমা অর্থে; যেমন পবিত্র কোরআনে মহান আল্লাহ বলেছেন, 'এটি তোমাদের জন্য তোমাদের সৃষ্টিকর্তার নিকট উত্তম। অতঃপর আল্লাহ তোমাদের তাওবা কবুল করলেন। নিশ্চয়ই তিনি তাওবা কবুলকারী, পরম দয়ালু।' (সুরা : বাকারাহ, আয়াত : ৫৪)। এই আয়াতের উচ্চারণে 'ফাতাবা আলাইকুম' এর স্থলে মহান আল্লাহ তাওবা ক্ষমা অর্থে ব্যবহার করেছেন।

অন্য আয়াতে আবার এই একই শব্দ ফিরে আসার অর্থেও ব্যবহৃত হয়েছে, মহান আল্লাহ বলেন, 'হে ঈমানদাররা, তোমরা আল্লাহর কাছে তাওবা করো, খাঁটি তাওবা; আশা করা যায়, তোমাদের রব তোমাদের পাপগুলো মোচন করবেন এবং তোমাদের এমন জান্নাতগুলোতে প্রবেশ করাবেন, যার পাদদেশে নহরসমূহ প্রবাহিত, নবী ও তার সঙ্গে যারা ঈমান এনেছে তাদেরকে সেদিন আল্লাহ লাঞ্ছিত করবেন না। তাদের আলো তাদের সামনে ও ডানে ধাবিত হবে। তারা বলবে, হে আমাদের রব, আমাদের জন্য আমাদের আলো পূর্ণ করে দিন এবং আমাদেরকে ক্ষমা এরপর ২৮ পৃষ্ঠায়



## সদকার যত কল্যাণ

রফিকুল ইসলাম আমীনী

দান-সদকা একটি মহান ইবাদত। সদকা দাতার ইহ-পরকালীন সম্মান ও গৌরব বৃদ্ধি করে। বিপদাপদ দূর করে। হায়াত বৃদ্ধি করে। যেসব ইবাদতের অসংখ্য পুরস্কারের কথা কোরআন-হাদিসে উল্লেখ রয়েছে, দান-সদকা তার অন্যতম। শুধু বিপুল সওয়াব প্রাপ্তিই নয়, দানের উপকারিতা নানামুখী।

দানে সম্পদ কমে না : রাসুলুল্লাহ (সা.) বলেন, 'দান-সদকা সম্পদ বৃদ্ধি করে, কমায় না।' (মুসলিম : ২৫৮৮)।

সদকা ধন-সম্পদ বাড়ায় : আল্লাহতায়ালা বলেন, 'আল্লাহ সুদকে নিশ্চিহ্ন করেন এবং দান-খয়রাতকে বর্ধিত করেন। আল্লাহ কোনো অবিশ্বাসী পাপীকে পছন্দ করেন না।' (সুরা বাকারা : ২৭৬)।

দান না করলে ধন বাড়ে না : আসমা (রা.) সূত্রে বর্ণিত; তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) আমাকে বললেন, 'তুমি (সম্পদ কমে যাওয়ার ভয়ে) সদকা দেওয়া বন্ধ করবে না। অন্যথায় তোমার এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City নভে-ডিসে ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 28 | 5:37 | 6:58 | 11:44 | 2:11 | 4:30 | 5:51 |
| 29 | 5:38 | 6:59 | 11:44 | 2:11 | 4:30 | 5:50 |
| 30 | 5:39 | 7:00 | 11:45 | 2:11 | 4:29 | 5:50 |
| 01 | 5:40 | 7:01 | 11:45 | 2:11 | 4:29 | 5:50 |
| 02 | 5:41 | 7:02 | 11:46 | 2:10 | 4:29 | 5:50 |
| 03 | 5:42 | 7:03 | 11:46 | 2:10 | 4:29 | 5:50 |
| 04 | 5:43 | 7:04 | 11:46 | 2:10 | 4:29 | 5:50 |

source: salahtimes.com

## আসন্ন নির্বাচন ও সেনাবাহিনীর ভূমিকা

৬ পৃষ্ঠার পর

বাংলাদেশের ফৌজদারি কার্যবিধির ১৪টি ধারায় সেনা কর্মকর্তারা তাদের ম্যাজিস্ট্রেসি ক্ষমতা প্রয়োগ করতে পারবেন। সাধারণত আইনশৃঙ্খলা বাহিনীগুলোর তল্লাশি, অভিযান, সন্দেহভাজনদের আটক করার ক্ষমতা থাকে। কিন্তু কাউকে গ্রেফতার দেখানো, সাজা দেওয়া বা পরিস্থিতি নিয়ন্ত্রণে গুলি চালানোর মতো নির্দেশ দিতে ম্যাজিস্ট্রেসি পাওয়ার থাকতে হয়। ফৌজদারি কার্যবিধির এসব ধারা অনুযায়ী, নির্বাহী ম্যাজিস্ট্রেটের দায়িত্ব পাওয়ায় এখন থেকে সেনা কর্মকর্তাদের সামনে কেউ অপরাধ করলে অপরাধীদের সরাসরি গ্রেফতার করতে পারবেন, দিতে পারবেন কারাদণ্ড বা জরিমানাও।

স্বাভাবিক পরিস্থিতিতে সেনাবাহিনীর সাধারণত কাউকে অ্যারেস্ট করার ক্ষমতা নাই। কিন্তু যখন সেনাবাহিনীর ম্যাজিস্ট্রেসি পাওয়ার থাকে তখন শুধু আটকই নয়, তাৎক্ষণিক বিচার করে একমাসের জন্য জেলেও পাঠাতে পারে। বিশেষ পরিস্থিতিতে এমন পদক্ষেপ নেওয়ার দরকার হয়। যদি এই বিচারিক ক্ষমতা সেনাবাহিনীর হাতে না থাকে তাহলে তখন স্থানীয় প্রশাসনের জন্য অপেক্ষা করতে হয়। জটিল ও স্পর্শকাতর পরিস্থিতি দ্রুততার সঙ্গে সামলানোর জন্যই মূলত ম্যাজিস্ট্রেসি পাওয়ার দেওয়া হয়ে থাকে।

সাধারণত কমিশন্ড সেনা কর্মকর্তাদের নির্দেশেই এই বিচারিক ক্ষমতার প্রয়োগ করা যায়। এই বিচারিক ক্ষমতা পাওয়ার পর কোনও ধরনের ব্যবস্থা নিতে সেনাবাহিনীকে প্রশাসনের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জন্য অপেক্ষা করতে হয় না। অপেক্ষার অবসরে রাজনৈতিক বা অন্যবিধ চাপ তৈরিও করা যায় না। ফলে সমস্যাটি দ্রুত নিষ্পত্তি হয়।

পরিবর্তিত পরিস্থিতিতে সশস্ত্র বাহিনীকে আইনশৃঙ্খলা বাহিনীর সংজ্ঞায় যুক্ত করায় নির্বাচনের সময় তাদের বিচারিক ক্ষমতা থাকবে কিনা, সেটাও আরও স্পষ্ট করতে হবে। বর্তমানে চলমান এই ক্ষমতা অব্যাহত রাখা হলে হয়ত নতুন করে ক্ষমতা দেওয়ার দরকার হবে না। কিংবা আইনের স্বচ্ছতার জন্য বিষয়টি আরও স্পষ্টভাবে উল্লেখ করা যেতে পারে। একটি সুষ্ঠু, শান্তিপূর্ণ, অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের জন্য বর্তমান সরকার ও নির্বাচন কমিশন নিশ্চয় প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। তবে, এক্ষেত্রে যাবতীয় কার্যক্রম পরিচালিত হওয়া দরকার অত্যন্ত সুচিন্তিত সিদ্ধান্ত ও পদক্ষেপের ভিত্তিতে। কারণ, নির্বাচন খুবই নাজুক ও স্পর্শকাতর একটি ইস্যু। এতে সেনাবাহিনীর ভূমিকা ও দায়িত্ব পালনের বিষয়টি সকল প্রকার বিতর্ক, বিতণ্ডা, সন্দেহ বা ভুল বোঝাবুঝির ঊর্ধ্বে রেখে সম্পন্ন করতে হবে। এতে রাজনৈতিক দলগুলো ও জনগণের পক্ষ থেকে ইতিবাচক মনোভাব দেখানো হলে এবং সরকারের পক্ষ থেকে গণতান্ত্রিক রূপান্তর ও জাতীয় স্বার্থের বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে স্বচ্ছভাবে উপস্থাপন করা হলে অহেতুক বিতর্ক ও ভুল বোঝাবুঝির অবকাশ থাকবে না।

লেখক: প্রফেসর ড. মাহফুজ পারভেজ, চেয়ারম্যান, রাজনীতি বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

## টার্মিনাল নির্মাণ : বিদেশি বিনিয়োগ কতটা উদ্বেগজনক

১২ পৃষ্ঠার পর

বছরে ২ কোটি ৪০ লাখ একক কনটেইনার উঠানো-নামানো হতে পারে। এতে বন্দরের আয় হতে পারে ৫০ কোটি ৪০ লাখ ডলার। এর বাইরে বহির্নোঙরে জাহাজ আসার পর থেকে টার্মিনালে ভেড়ানো পর্যন্ত যত মাশুল আছে, তা পাবে বন্দর। হিসাব করে দেখা গেছে, সব মিলিয়ে বন্দরের আয় ৩০ বছরে ৭০ কোটি ডলার ছাড়িয়ে যাবে। মেয়াদ শেষে বন্দর লালদিয়া টার্মিনালের অবকাঠামোসহ ফেরত পাবে।

এপিএম টার্মিনালের বিনিয়োগ উঠতে শুরু করবে বাণিজ্যিক পরিচালন কার্যক্রম শুরুর পর। টার্মিনালের প্রধান আয় জাহাজ থেকে কনটেইনার উঠানো-নামানো ও কনটেইনার রাখা বাবদ মাশুল। বিশ্বব্যাংকের সহযোগী প্রতিষ্ঠান আইএফসির সমীক্ষা ও বন্দরের মাশুল বৃদ্ধির হিসাব করে দেখা যায়, এ দুই খাতে প্রতি বক্স কনটেইনারে (২০ ফুট ও ৪০ ফুট কনটেইনার একটি ধরে) সম্ভাব্য মাশুল আয় হতে পারে ১৭৩.৬৬ ডলার। এপিএম টার্মিনাল ৮ লাখ একক কনটেইনার ওঠানামা করলে। বন্দরের হিসাবে ৮ লাখ একক কনটেইনারে দাঁড়ায় ৫ লাখ ৪ হাজার ৪২৬ বক্স কনটেইনার (প্রতি বক্স কনটেইনারে ১.৫৮ একক কনটেইনার)। এ হিসাবে এপিএমটির বছরে সম্ভাব্য আয় হতে পারে ৮ কোটি ৭৫ লাখ ডলার, ৩০ বছরে দাঁড়াবে ২৬৩ কোটি ডলারে। এর বাইরে কনটেইনার খুলে পণ্য সরবরাহের নানা সেবা ব্যবহার বাবদ আয় করবে টার্মিনালের বিদেশি অপারেটর। এ আয় থেকে বিনিয়োগ ও পরিচালন ব্যয়ের খরচের পর মুনাফা তুলতে হবে এপিএমটিকে। পরিচালন ব্যয়ের মধ্যে এপিএমটির ব্যয়ের একটি অংশ পাবেন বাংলাদেশি কর্মীরা। এটাই হলো বাংলাদেশিদের কর্মসংস্থানজনিত উপযোগ।

বাংলাদেশে বন্দর খাতে এটি ২য় কনসেশন চুক্তি। এর আগে আওয়ামী লীগ আমলে বন্দর খাতে পতেঙ্গা কনটেইনার টার্মিনাল পরিচালনায় সৌদি কোম্পানি রেড সি গেটওয়ে টার্মিনালের সঙ্গে চুক্তি হয়। আওয়ামী লীগ আমলে করা ওই চুক্তিরও বিস্তারিত কিছু প্রকাশ করা হয়নি। সে সময় ওই চুক্তি নিয়ে অনেককে সরব হতে দেখা যায়নি।

বিজিএমইএ'র সভাপতি মাহমুদ হাসান খান প্রথম আলোকে বলেছেন, 'মায়েরস্ক গ্রুপের এপিএম টার্মিনালস বিশ্বখ্যাত। এ কাজে তাদের দক্ষতা আছে। ফলে তা দক্ষভাবে টার্মিনাল চালালে পণ্য রপ্তানিতে সময় কমবে। চুক্তিতে রাষ্ট্রবিরোধী কিছু না থাকলে এবং ব্যবসার খরচ না বাড়লে এ চুক্তিকে আমরা ইতিবাচক হিসাবেই দেখছি।'

চট্টগ্রাম বন্দর নিয়ে আমাদের অভিজ্ঞতা তিক্ত। এ বন্দরটিকে মাফিয়াগোষ্ঠী নিয়ন্ত্রণে রেখে অভাবনীয় দুর্নীতিতে লিপ্ত। এমন অপকর্ম না হলে চট্টগ্রাম বন্দরের আয় অন্তত দ্বিগুণ হতো। বিশেষ বিশেষ রাজনীতিসংশ্লিষ্ট মাফিয়াগোষ্ঠী এ বন্দরটিকে তাদের অবাধ চারণক্ষেত্রে পরিণত করেছে। এসব গোষ্ঠী জাতীয় অর্থনীতির উন্নতিকে চরমভাবে বাধাগ্রস্ত করছে। একটি বন্দরের দক্ষতা বোঝার জন্য যে সূচক ব্যবহার করা হয়, তা হলো টার্ন এরাউন্ড টাইম বা টিএটি। চট্টগ্রাম বন্দরে কনটেইনার জট লেগেই থাকে। কনটেইনার নামানো-উঠানোতে অতিরিক্ত সময় লেগে যায়। এর ফলে জেটিআই বিবেচনায় বিশ্বের অনেক বন্দর থেকে পিছিয়ে আছে, যে কারণে জাতীয় অর্থনীতির রক্তক্ষরণ হচ্ছে। কেউ কেউ প্রশ্ন তোলেন, চট্টগ্রাম বন্দরের অব্যবস্থাপনা ও অদক্ষতার যদি লালদিয়া কনটেইনার টার্মিনাল বিদেশি কোম্পানির কাছে ছেড়ে দিতে হয়, তাহলে বাংলাদেশের শিক্ষা ও স্বাস্থ্য খাতসহ অনেক অনেক খাত বিদেশিদের হাতে ছেড়ে দিতে হবে। ব্যাপারটি কিন্তু এমন নয়। বিদেশিরা এসব খাতের ব্যাপারে উৎসাহী হয় না। এমনিতেই বাংলাদেশে বিদেশি বিনিয়োগ খুবই কম এবং স্থবির। এ থেকেই বোঝা যায়, সম্ভাবনা থাকলেও এখন পর্যন্ত বাংলাদেশ বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে পারছে না।

বাংলাদেশের জন্য বিদেশি বিনিয়োগ অতি প্রয়োজনীয়। ট্রাম্পের পাল্টা শুল্ক নীতি মোকাবিলা এবং এলডিসি থেকে উত্তরণের পরিপ্রেক্ষিতে বিদেশি বিনিয়োগের প্রয়োজনীয়তা তীব্র হয়ে উঠেছে। বিশেষ কোনো বাধা না থাকলে বিদেশি বিনিয়োগের শর্তগুলো জনসম্মুখে স্বচ্ছভাবে তুলে ধরা প্রয়োজন।

এ ছাড়া নির্বাচন সামনে রেখে এমন একটি গুরুত্বপূর্ণ চুক্তি কেন করা হচ্ছে, তা নিয়েও প্রশ্ন উঠেছে। চুক্তিটির বিভিন্ন শর্ত সম্পর্কে যতটুকু জানা গেছে, তাতে এই চুক্তিকে দেশবিরোধী বলার সুযোগ নেই। আমার উদ্বেগের বিষয় হলো এ চুক্তি ব্যবহার করে যদি কোনো রকমের রাষ্ট্রবিরোধী তৎপরতা হয়, তা প্রতিরোধের জন্য রাষ্ট্র ও সরকারকে যথোপযুক্ত শক্তি ও সামর্থ্য অর্জন করতে হবে।

ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

## উত্তর নেই, প্রশ্নের পাহাড়

১০ পৃষ্ঠার পর

সরকার আদেশে বিএনপি এবং জামায়াতকে ভাগ দিয়েছে। জনগণকে কিছু দেয়নি। আর রাষ্ট্রপতিকে দিয়ে সই করিয়ে আদেশকে অপবিত্র করেছে।

দলগুলো জুলাই সনদ বাস্তবায়নে আদেশ নিয়ে নিজ নিজ রাজনৈতিক অবস্থান থেকে মুখে সমালোচনা করলেও কোনো কর্মসূচিতে যায়নি। বিশেষ করে জামায়াত সংসদ নির্বাচনের আগে গণভোটের দাবিতে বেশ কিছুদিন কর্মসূচি পালন করলেও সনদ বাস্তবায়ন আদেশ জারির পর থেকে এখন পর্যন্ত কোনো কর্মসূচি ঘোষণা দেয়নি। জুলাই সনদ ও বাস্তবায়ন আদেশের বিরুদ্ধে কোনো দল কোনো ধরনের কর্মসূচি না দেওয়ায় অন্তর্বর্তী হয়তো স্বস্তিবোধ করছে।

জাতীয় নির্বাচনের দিন গণভোট হলে অর্থ ও সময় সাশ্রয় হবে, এ কথা ঠিক। তবে চারটি ইস্যুর ওপর একটি মাত্র প্রশ্নে 'হ্যাঁ' বা 'না' ভোট জটিলতার সৃষ্টি করবে। এমনিতেই গণভোটের বিষয়ে সাধারণ মানুষের আগ্রহ কম। যে ৩০টি প্রস্তাবে জুলাই জাতীয় সনদে রাজনৈতিক দলগুলোর ঐকমত্য হয়েছে, সেগুলো সম্পর্কে ভোটারদের অধিকাংশ অবগত নন। গণভোটের ক্ষেত্রে একটি বড় ধরনের ঝুঁকি রয়েছে। আর তা হচ্ছে, কোনো কারণে যদি 'না' ভোট বেশি পড়ে, সে ক্ষেত্রে কী হবে? এ বিষয়ে কিছু বলা নেই জুলাই সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশে। প্রধান রাজনৈতিক দল বিএনপি মনে করে, সংবিধান সংস্কারের নামে অনেক কিছুই তাদের ওপর চাপিয়ে দেওয়া হয়েছে। বিএনপি সমর্থক ভোটাররা 'না' ভোট দিলে 'হ্যাঁ' জিততে পারবে কি না, এ প্রশ্নও জোরেশোরে উঠেছে। এ ছাড়া ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের সমর্থকরা ভোট দেওয়ার সুযোগ পেলে জুলাই সনদের বিরুদ্ধে অবস্থান নেবে, এটা বলাই যায়। ফলে গণভোটের পরিণতি কী হবে, তা নিশ্চিত করে বলা যাবে না।

পত্রিকান্তরের প্রধান শিরোনামে বলা হয়েছে, 'হ্যাঁ' 'না' নিয়ে দ্বিধায় বিএনপি, প্রশ্নের পরিবর্তন চায়। গণভোটের প্রশ্নের পর বিষয়বস্তুর মধ্যে কোনো এক বা একাধিক প্রশ্নে দ্বিমত থাকলে ভোটার কীভাবে মতামত জানাবে, তা পরিষ্কার নয় বিএনপির কাছে। এ অবস্থায় যেসব বিষয়ে জুলাই সনদে ঐকমত্য হয়েছে, সেসব বিষয় গণভোট আয়োজনের জন্য শিগগিরই সরকারের কাছে দাবি জানানোর সিদ্ধান্ত নিয়েছে দলটি (সমকাল, ১৬ নভেম্বর)। কালবেলা 'গণভোটের চার প্রশ্নের একটির উত্তর নিয়ে' শিরোনামে খবর প্রকাশ করেছে (১৬ নভেম্বর)। খবরে বলা হয়েছে, বহুল আলোচিত জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে স্বাগত জানালেও এ প্রশ্নমালা এবং প্রক্রিয়া নিয়ে রাজনৈতিক মহলে নানা প্রশ্ন ও বিতর্ক তৈরি হয়েছে। জাতির উদ্দেশে প্রধান উপদেষ্টার দেওয়া ভাষণে গণভোটের উল্লিখিত চারটি প্রশ্নের কোনোটিতে 'হ্যাঁ' আবার কোনোটিতে আলাদা করে 'না' বলার কোনো সুযোগ রাখা হয়নি। একসঙ্গে চারটি বিষয়ে 'হ্যাঁ' অথবা 'না' ভোট দিতে হবে ভোটারদের। এ ক্ষেত্রে ভোটারদের মতপ্রকাশের স্বাধীনতা রক্ষা হবে না বলে মত বিশেষজ্ঞদের। কালবেলার খবরে আরও বলা হয়েছে, এ ছাড়া নিরক্ষর ভোটারদের ক্ষেত্রে চারটি বিষয়ের একটি মাত্র ভোট প্রয়োগে জটিলতা তৈরি হতে পারে-এমন শঙ্কার কথাও জানান তারা (কালবেলা, ১৬ নভেম্বর)।

ফেব্রুয়ারি প্রথমার্ধকে সামনে রেখে রাজনৈতিক দলগুলো ক্রমে নির্বাচনমুখী হবে। বিএনপি এরই মধ্যে ২৩৬ আসনে প্রার্থী মনোনয়ন ঘোষণা করেছে। দলের বেশ কিছু আসনের মনোনয়ন নিয়ে বিরোধ-কোন্দল প্রকাশ্যে এসেছে। মনোনয়ন পরিবর্তনের দাবিতে কয়েকটি আসনে বঞ্চিত প্রার্থীদের সমর্থকরা বিক্ষোভ, সড়ক অবরোধসহ নানা ধরনের কর্মসূচি পালন করছে। দলটি অঘোষিত ৬৩ আসনে মনোনয়নের বিষয়ে চূড়ান্ত সেরে চলতি মাসেই। মিত্রদের আসন ছাড়ার বিষয়েও ফয়সালা সহসাই হবে বলে গণমাধ্যমের খবরে বলা হয়েছে। জামায়াত অনেক আগেই তিনশ আসনে প্রার্থী ঘোষণা করেছে। এনসিপি কিছু আসনে প্রার্থী ঘোষণা করলেও বড় দুটি দলের সঙ্গে আসন ভাগাভাগি নিয়ে সমঝোতার চেষ্টা করছে।

দলগুলোর ক্রমেই নির্বাচনমুখী হওয়া, নির্বাচন কমিশন ও প্রশাসনের প্রস্তুতিতে আগামী মাস থেকে ভোটের হাওয়া জোরেশোরেই বইতে শুরু করবে। তবে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের পলাতক নেতাদের অনলাইনে দেওয়া বিভিন্ন কর্মসূচি কোনো ধরনের অস্থিরতা তৈরি করবে কি না, তা দেখার বিষয়। রাজনৈতিক অস্থিরতার আশঙ্কায় জনমনে উদ্বেগ-উৎকণ্ঠা রয়েছে। মানবতাবিরোধী অপরাধের ঘটনায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার মামলার রায় ঘোষণার আগে রোববার রাতে দেশের বিভিন্ন স্থানে নাশকতার ঘটনা ঘটে। জনমনে সৃষ্টি হয় আতঙ্ক। রাজধানীতে উদ্বিগ্ন অভিভাবকরা সন্তানদের স্কুলে পাঠাতে ভয় পান। সারা দেশে বিরাজ করে চাপা উত্তেজনা। নির্বাচনের ঠিক আগে দেশের পরিস্থিতি কী দাঁড়াবে, একটি ভালো নির্বাচন করা কতখানি সম্ভব হবে-এ প্রশ্নের জবাব মিলবে কি?

লেখক: সাংবাদিক ও রাজনীতি বিশ্লেষক।

## তত্ত্বাবধায়ক ভালো, কিন্তু এখনই নয়!

১০ পৃষ্ঠার পর

থেকেই তত্ত্বাবধায়ক সরকারের দাবিটি তুলছে না? রায়ের পর বিএনপি বা জামায়াতপন্থী সব আইনজীবীকেই দেখা গেছে, পাঁচ বছর পর থেকে চালুর বিষয়টি অত্যন্ত আনন্দের সঙ্গে মেনে নিয়েছেন। এটা আমার কাছে কিছুটা বিস্ময়কর ঠেকেছে। মনে হয়েছে, তাঁরা একটা স্বার্থপর হতে পারেন। তাঁদের কাছে ক্ষমতাটাই আসল, জনগণ কী চায় বা না চায়, সেটা গুরুত্বপূর্ণ নয়। তাঁরা মনে করছেন, বর্তমান সরকারই তাঁদের ক্ষমতায় পৌঁছে দিতে পারবে। তাই তাঁরা সরকারকে চটাতে চান না। কিন্তু জনগণের মতামত বা চাহিদার দিকে কেউই ফিরেও তাকাচ্ছেন না।

মানুষ কিন্তু হতাশ। অন্তত আমি আমার নিজের কথা বলতে পারি। আমার কেন যেন মনে হয়, এবারই তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন না হলে, ভবিষ্যতে আর কোনোদিন এমন সরকারের অধীনে ভোট দেওয়ার সুযোগ আর না-ও পেতে পারি। সামনে কোন সরকার আসবে, তাদের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা থাকলে তারাও আওয়ামী লীগ সরকারের মতো এ ব্যবস্থাকে বাতিল করে দেবে কি না, কে জানে। দীর্ঘ ১৪ বছর যে তত্ত্বাবধায়কের জন্য তারা এত ব্যাকুল ছিল, সেটা পাওয়ার পরও পাঁচ বছর পর থেকে বাস্তবায়নের বিষয়টি তারা এত সহজে কীভাবে মেনে নেয়, সেটিও আমার বুঝে আসে না।

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক।

## প্রবাস জীবনে সাংবাদিকতায় টিকে থাকার যুদ্ধ

৫ পৃষ্ঠার পর

অফিসার ছুটির দিনে সিকিউরিটি জব করেন। বড় বড় পুলিশ অফিসাররা এই কমিউনিটিতেই হোম কেয়ার ব্যবসার সাথে জড়িত রয়েছেন। কাজ করে খাওয়াতে ছোট হবার কিছু নয়। অনেক সাংবাদিক উবার চালান। তারাও সাংবাদিকতাকে ধারণ করেই পেশায় রয়েছেন। অনলাইন পত্রিকা বের করছেন। পেশা ও মেধার চর্চায় নিয়োজিত আছেন। বরং গর্ববোধ হয়, আমাদের সহকর্মীরা দীর্ঘ পরিশ্রম শেষে সাংবাদিকতার আলোকবর্তিকা নিয়ে এখনও কাজ করছেন। সময় পেলেই একটি লেখা লিখছেন। টিভিতে গিয়ে টক শো'তে অংশ নিচ্ছেন। প্রবাস তথা নিউইয়র্কে এই বাস্তবতা নিয়েই সাংবাদিকতা চলছে। অনেকে অন্য একটি জব করেও ঢাকার বিভিন্ন পত্রিকা ও টিভিতে সংবাদ প্রেরণ করছেন। তাদের এই পরিশ্রম অহংকারের। গর্বের। মাথা উঁচু করে বলবার। অথচ এই পেশাটিকে নিয়ে বাজে বাজে নানা কটাক্ষ করছেন। নিজের বা নিজেদের অতীত অপকর্ম ঢাকবার জন্য মধ্যরাতে বাক্যবাকুম করছেন। তা আবার নিজের আয়নায় নিজেকে না দেখেই। বাক্যবাকুমদের ইতিহাস কমিউনিটিতে তুলে ধরার প্রত্যাশা আগামীতে রইলো। মনে রাখা উচিত, সাংবাদিক কখনো সাবেক হন না। সাংবাদিকের কলম বহমান স্রোতের মতো।

নিউইয়র্কের বাস্তবতায় আমরা সাংবাদিকতা করছি। সম্প্রতি এই সাংবাদিকতা নিয়ে সাংবাদিক নামধারী দু-একজন চুলকানি দিচ্ছেন। নিজেকে কিংবদন্তী সাংবাদিক হিসেবে দাবিদার এই সাংবাদিকরা নিজের দিকে তাকিয়ে কথা বলছেন না। এই পেশাকে নিউইয়র্কে বেছে নিয়ে অনেকে নির্যাতিত হয়েছেন। অনেকের হাতে নিগৃহিত হয়েছেন। এই ধরনের অন্যায়ের প্রতিবাদ সবার করা উচিত। সাংবাদিকতা করতে গিয়ে কাউকে উচ্ছিষ্ট হিসেবে দেখতে চায় না কেউ। প্যারাসাইট হয়ে সাংবাদিকতা করার চেয়ে সরকারি বেনিফিট খেয়ে ঘরে বসে অবসর জীবনযাপন শ্রেয়। সাংবাদিকতার নামে সমাজে পঙ্ক ছড়াবার সুযোগ নেই। তবে এটাও মনে রাখতে হবে, কমিউনিটি সাংবাদিকতা মানে হাত পেতে চলা নয়। কারও দয়া দাক্ষিণ্যে পেশায় থাকা নয়। নিজেকে কথিত 'সার্বজনিক সাংবাদিক' দাবি করে করুণা পাবার প্রত্যাশা নয়। আসুন যতটুকু পারি, আমরা আত্মমর্যাদার সাথে টিকে থাকি।

অনেকেই এখন কথায় কথায় পত্রিকাগুলোর মালিকানা ব্যবসায়ীদের হাতে চলে যাবার অভিযোগ তোলার চেষ্টা করেন। এটা মনে রাখতে হবে, এই মিডিয়া মালিকেরাই তুলনামূলকভাবে সাংবাদিকদের ভালো ও নিয়মিত বেতন দিচ্ছেন। এইসব মালিকদের অন্যদের মতো বিজ্ঞাপনের জন্য ধর্ণা দিতে হয়ে হয় না। আত্মসম্মান বিসর্জন দিয়ে পত্রিকা বের করতে হয় না। বাংলাদেশে একাধিক মিডিয়া প্রতিষ্ঠানের মালিক হয়েছেন শিল্পপতিরা। সংবাদের আহমেদুল কবির, ইত্তেফাকের আনোয়ার হোসেন মঞ্জু, জনকণ্ঠের আতিকুল্লাহ খান মাসুদ, প্রথম আলোর লতিফুর রহমানসহ অনেকেই। ব্যবসায়ীদের পত্রিকা কিংবা টিভির মালিক হওয়া দোষের নয়। তারা সাংবাদিকদের মর্যাদার সাথে কাজ করার কতটুকু সুযোগ করে দিচ্ছেন সেটাই বড় কথা।

লেখক: কন্ট্রিবিউটিং এডিটর, সাপ্তাহিক আজকাল।

## মামদানি যেভাবে ট্রাম্পকে ট্রাম্পকার্ড দেখিয়ে দিলেন

৭ পৃষ্ঠার পর

করতে চান।

আরেকজন বিশ্লেষক বলেন, ট্রাম্প এমন নেতাদেরই পছন্দ করেন, যাঁদের তিনি 'শক্তিশালী' মনে করেন। পাকিস্তানের সেনাপ্রধান বা বিশ্বের আরও কিছু নেতার ক্ষেত্রে ট্রাম্পের এই মনোভাব দেখা গেছে। জাপানের নতুন প্রধানমন্ত্রীও তাঁর ওই তালিকায় আছেন।

বিশ্লেষকের মতে, মামদানিও এখন সেই শ্রেণিতে পড়ে, কারণ তিনি রিপাবলিকান পার্টি পুরোটা এবং ডেমোক্র্যাট দলের প্রতিষ্ঠিত গোষ্ঠীর বিরুদ্ধে লড়ে অসম প্রতিকূলতার মাঝেই জিতেছেন।

রাজনৈতিক বিশ্লেষকদের মধ্যে আরেকটি বিষয়ও আলোচনায় আছে। সেটি হলো, মামদানির দরজায় দরজায় প্রচারণার জন্য যে বিশাল স্বেচ্ছাসেবক বাহিনী কাজ করেছে, তা সবাইকে বিস্মিত করেছে। তাঁর মিডিয়া টিমও প্রথমবার ভোট দিতে আসা তরুণদের লক্ষ্য করে চমৎকার সামাজিক মাধ্যম বার্তা তৈরি করেছে।

পাশাপাশি মূলধারার গণমাধ্যমে সাক্ষাৎকার ও বিজ্ঞাপনের মাধ্যমে সাধারণ মানুষের কাছেও তাঁর বার্তা পৌঁছে দিয়েছে।

তবে ওভাল অফিসে যে উষ্ণ সম্পর্ক দেখা গেল, তা ব্যাখ্যা করতে গিয়ে মিডিয়াতে একটি বিষয় প্রায় অনুপস্থিত ছিল। সেটি হলো-ট্রাম্পের নীতি ও আচরণ প্রায়ই 'লেনদেননির্ভর'। তিনি ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির প্রতি খুব কঠোর, কারণ জেলেনস্কি তাঁর চোখে 'করুণাপ্রার্থী' বা 'নির্ভরশীল'।

কিন্তু মামদানি তেমন নন। তিনি ট্রাম্পের ওপর নির্ভরশীল তো ননই, বরং কিছু ক্ষেত্রে ট্রাম্প তাঁর কাছে সহায়তা চাওয়ার মতো অবস্থানে আছেন।

ট্রাম্প, তাঁর ঘনিষ্ঠ বন্ধু ও বিশেষ দূত স্টিভ উইটকফ, এবং জামাই জ্যারেড কুশনার-এঁদের সবারই নিউইয়র্ক সিটিতে কোটি কোটি ডলারের রিয়েল এস্টেট ব্যবসা আছে। এ বিষয়টিও হয়তো মামদানিকে ট্রাম্পের তোয়াজ করার পেছনে ভূমিকা রেখেছে। কারণ, নিউইয়র্ক সিটিতে রিয়েল এস্টেট খাত নিয়ন্ত্রণ (যেমন জোনিং, অগ্নি ও নিরাপত্তা বিধি, বিল্ডিং পারমিট দেওয়া, এমনকি সামাজিক আবাসন প্রকল্পের ঠিকাদারি) সবশেষে গিয়ে সিটি হলের সিদ্ধান্তের ওপর নির্ভর করে। আর সিটি হল কার্যত মেয়রের নিয়ন্ত্রণেই থাকে।

তাই কুশনার, উইটকফ, তাঁদের পরিবার-বন্ধু-ব্যবসায়িক অংশীদাররা এবং ট্রাম্প নিজেও বুঝে গেছেন-সিটি হলের সঙ্গে ভালো সম্পর্ক রাখা কত জরুরি। রাজনৈতিক বক্তব্য বা দলীয় তর্ক এখানে তত গুরুত্বপূর্ণ নয়।

আব্বাস নাসির ডন-এর সাবেক সম্পাদক

*(ডন থেকে নেওয়া, ইংরেজি থেকে অনুবাদ: সারফুদ্দিন আহমেদ)*

## সমস্যার সমাধান আইনের শাসনেই

১২ পৃষ্ঠার পর

বাস্তবিক অর্থে যে কেউ যে কোনো সময়ে যে কোনো দাবি-দাওয়া নিয়ে মাঠে হাজির হতে পারে। সরকারের কাছে দাবি-দাওয়া উপস্থাপনের নিয়ম আছে এবং দাবি-দাওয়া সেসব অনুসরণ করে পেশ করতে হবে। আর বিভিন্ন দপ্তরে এ ধরনের আবেদন নিষ্পত্তি করারও লোকজন আছেন, যারা নিয়মের মধ্যে থেকে উদ্ভূত দাবি-দাওয়া নিষ্পত্তি করবেন। এতে কেউ সন্তুষ্ট না হলে তিনি বা তারা পরবর্তী ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে যাবেন। সেখানেও কিছু না হলে আইনের আশ্রয় নিতে আদালতে যাবেন। সবখানে ব্যর্থ হলে মনে করতে হবে যে তার বা তাদের দাবি-দাওয়া আইনসঙ্গত ছিল না। অথচ বর্তমান সরকারের আমলে আইনশৃঙ্খলা বাহিনীর একটা অংশও আন্দোলনে নেমেছিল, জানা যায়!

এই যে আন্দোলন আন্দোলন মহড়া, এটা কার স্বার্থে, তা খতিয়ে দেখা দরকার। আরও খতিয়ে দেখা দরকার, এ আন্দোলনের পেছনে কে কলকাঠি নাড়ছে, কে দিচ্ছে অর্থের জোগান। বিশেষ করে এখানে অন্য কোনো দুষ্টচক্র আছে কিনা, সেটাও দেখা অতি জরুরি। না থাকলে ভালো, তবে যদি অন্য কোনো গোষ্ঠী বা চক্রের সন্ধান পাওয়া যায়, তা হবে দেশ ও জাতির জন্য ভয়ংকর। এগুলো দেখার জন্য সরকারের বিভিন্ন দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর দায়িত্বপ্রাপ্ত। তারা সঠিকভাবে দায়িত্ব পালন করলে তো আন্দোলন হওয়ার কথা না। অতএব, যাদের কারণে এসব আন্দোলন, দাবি-দাওয়া, তাদের কারণে যদি জনদুর্ভোগ হয়, তাহলে ওইসব দুর্ভোগ সৃষ্টিকারীকেও আইনের আওতায় আনতে হবে। সরকারি-বেসরকারি চাকুরেদের একটাই চাওয়া-মাস শেষে বেতন পাওয়া আর একটা নির্দিষ্ট সময় অন্তর বেতন বৃদ্ধি হওয়া। কারণ এখানে প্রতিনিয়ত নিত্যপণ্যের দাম বাড়ে। এদেশে দ্রব্যমূল্য কখনো সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকে না। বিভিন্ন কারণে জিনিসপত্রের দাম বাড়ে, আর একবার বাড়লে তা আর কখনো কমে না। বিশেষ করে আমাদের দেশে খাদ্যদ্রব্যের দাম নিয়ন্ত্রণ করে এক ধরনের মধ্যস্বত্বভোগী আর সিন্ডিকেট। গত ৫৪ বছর ধরে এভাবেই চলে আসছে। সত্যিকার অর্থে কেউ তদারকি করলে এসব মধ্যস্বত্বভোগী আর সিন্ডিকেটের মূল উপড়ে ফেলা সম্ভব হতো।

দেশের শিক্ষা, স্বাস্থ্যসহ সব প্রতিষ্ঠানে একই চিত্র। বর্তমান শিক্ষাব্যবস্থায় কেউ দায়িত্ববান হয়ে গড়ে ওঠেন কিনা সন্দেহ। দু-একজন পারিবারিক শিক্ষার কারণে দায়িত্বশীল হয়ে উঠলেও উঠতে পারেন। আর স্বাস্থ্যক্ষেত্রের দুরবস্থা যে কতটা মারাত্মক, তা বিভিন্ন সরকারি হাসপাতালের দিকে তাকালে বোঝা যায়। বিভিন্ন দালালি আর দালাল চক্রের আক্রমণে যে কোনো সুস্থ লোক সেখানে অসুস্থ হয়ে যাবেন। ফলে সামর্থ্যবানরা ছোটেন বেসরকারি হাসপাতালের দিকে আর আর্থিকভাবে হন নিষ্পেষিত। পাশাপাশি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের দায়িত্ব পালনে ব্যর্থতা আর অব্যবস্থাপনার কারণে বাংলাদেশ ঘনবসতিপূর্ণ দেশগুলোর শীর্ষে।

এসব অব্যবস্থাপনার একটাই কারণ-জবাবদিহির অভাব, আইনের শাসনের অনুপস্থিতি। তাই ওঠে দেশ নিয়ে চক্রান্ত-ষড়যন্ত্রের প্রশ্ন। অতীতের সরকারগুলো যখন কোনো সমস্যা সমাধানে ব্যর্থ হয়েছে, তখন তারা বিরোধী দল, জঙ্গিগোষ্ঠী, দেশি-বিদেশি চক্রান্ত/ষড়যন্ত্রের দোহাই দিয়ে বৈতরণী পার হওয়ার চেষ্টা করেছে। এতে করে প্রকৃত দুষ্টচক্র ধরাছোঁয়ার বাইরে থেকে গেছে। পরবর্তীকালে তারা আবার দ্বিগুণ দর্পে আরও অধিক অপকর্মে নেমেছে। অথচ সরকার আর সরকারের লোকজন সচেতন/দায়িত্বশীল হলে এমন হওয়ার কথা না।

অতএব, যে যেভাবেই দেখি না কেন, আমাদের দেশে আইনের শাসন প্রতিষ্ঠা করা অতি জরুরি। দায়িত্বশীল সবাই যার যার অবস্থানে থেকে দায়িত্ব পালন করবেন, জবাবদিহির মধ্যে থাকবেন। রাষ্ট্র ও সমাজের প্রতি ক্ষেত্রে আইনের শাসন প্রতিষ্ঠা করতে হবে। এদিকে-সেদিকে আঙুল তুলে পার পাওয়ার দিন শেষ। আমার কাজ না করে আত্মতুষ্টি লাভেরও অবসান হতে হবে। পারলে স্বপদে বহাল থাকবেন, আর না পারলে চাকরি ছেড়ে চলে যাবেন, শুধু শুধু চেয়ার গরম করা আর নয়। যিনি জনগণের স্বার্থে কাজ করবেন, জনগণের কল্যাণ সাধন করবেন, সরকার শুধু তাকেই বেছে নিয়ে এগিয়ে যাবে। বাকিদের ছেঁটে ফেলতে হবে। আর এভাবেই হবে আইনের শাসন প্রতিষ্ঠা।

লেখক: নৌবাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা।

## ইতিহাস বিকৃতি করার জন্য ডিগ্রী ও শিক্ষা লাগে না, লাগে শুধুমাত্র অজ্ঞতা

৫ পৃষ্ঠার পর

উঠিয়ে দেওয়ার জন্য প্রাণপণে চেষ্টা করছেন। আমরাও একটি জাতি যেখানকার ইঞ্জিনিয়াররা সমান রাস্তা করতে ভুলে গেছে। এখনো সেই ভারতবর্ষের বাদশা শেরশাহের গ্রান্ড ট্রাঙ্ক রাস্তার মতো রাস্তা বানানোর চেষ্টা করছি। আমাদের দেশের কন্ট্রাক্টররা কি রাস্তা সমান করা ভুলে গেছে। দেশ কি আবার ব্রিটিশদের হাতে উঠিয়ে দিতে হবে। এক জায়গায় পড়েছি ব্রিটিশরা ভারতবর্ষ থেকে ৪৫০০০০০ কোটি ডলার নিয়ে গেছে। বর্তমানে ১ কোটি ডলার প্রায় ১২৫ কোটি টাকা। এছাড়া তাদের সৃষ্ট দুর্ভিক্ষের মাধ্যমে প্রায় ৬ কোটি ভারতীয় প্রাণ হারিয়েছে। তারমধ্যে বাংলায় প্রাণ হারিয়েছে প্রায় দেড় কোটি। সুতরাং বর্তমানে যে প্রচেষ্টা চলছে, বিদেশীদের হাতে সব কিছু তুলে দেওয়ার, তা অবশ্যই বন্ধ করতে হবে। শুধু নিউ ইয়র্ক শহরে চাকরির বিজ্ঞাপন দিলে আমার মনে হয় অন্তত হাজার খানেক বাংলাদেশীর আবেদন পত্র পড়বে, একটি সমুদ্র বন্দর চালানোর চাকরির জন্য। আইন শৃঙ্খলা রক্ষা করা এবং ঘুষ বন্ধ করা সরকারের দায়িত্ব, যে সরকারই হোক না কেন। পরিশেষে আমাদের মধ্যে দেশপ্রেম থাকতে হবে এবং দেশের সম্পদ রক্ষা করার জন্য প্রচেষ্টা থাকতে হবে। আর যদি দেশের কোন কিছু বিদেশীদের হাতে উঠিয়ে দিতে হয় সেই অধিকার থাকবে শুধুমাত্র নির্বাচিত সরকারের। সাময়িক ক্ষণস্থায়ী সরকারের নয়।

লেখক: চিকিৎসক, সম্পাদক-সাপ্তাহিক দেশবাংলা।

## মেরি জোবাইদার নির্বাচনী অফিস উদ্বোধন

৩ পৃষ্ঠার পর

মোহাম্মদ চৌধুরী রানা, বাংলাদেশী আমেরিকান এডভোকেসী গ্রুপ (বাগ) সভাপতি জয়নাল আবেদীন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট এবাদ চৌধুরী, শামসুল হক, বাংলাদেশী আমেরিকান সোসাইটির সেক্রেটারি আমিন মেহেদী, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ'র সভাপতি সোহেল আহমেদ ও সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন সহ অন্যান্য কমিউনিটির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে মেরী জোবাইদা তার বক্তব্যে তাকে সার্বিকভাবে সহযোগিতা ও সমর্থন করার জন্য উপস্থিত সবাইকে শুভেচ্ছা এবং অভিনন্দন জানিয়ে বলেন, আমরা ঐক্যবদ্ধভাবে কাজ করলে জয় হবেই। তিনি বলেন, তার নির্বাচনী এলাকায় শুধু বাংলাদেশী কমিউনিটি নয়, অন্যান্য কমিউনিটিও তাকে সমর্থন ও সহযোগিতা দিচ্ছেন। তাই সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টা জয় নিশ্চিত করবে। অনুষ্ঠানে উপস্থিত সকলে দলমত নির্বিশেষে মেরী জোবাইদা-কে সার্বিকভাবে সহযোগিতার আশ্বাস দেন এবং নির্বাচন পরিচালনার জন্য ফান্ড রেইজিং জোরদার করার উপর গুরুত্বারোপ করেন।

এদিকে নিউইয়র্ক স্টেট সিনেটর জন লি শু মেরী জোবাইদা-কে এনডোর্সমেন্ট করেছেন। অপরদিকে মেরী জোবাইদা প্রতিদিনই তার নির্বাচনী এলাকায় গণ সংযোগ চালিয়ে যাচ্ছেন। মসজিদে, গ্রোসারীতে, রাজপথে চলছে লিফলেট বিতরণ।

উল্লেখ্য, অ্যাসেম্বলী ডিস্ট্রিক্ট ৩৬-এর সদস্য জোহরান মামদানী নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচিত হওয়ায় আসনটি শূন্য হওয়ায় এই আসনে মেরী জোবাইদা প্রতিদ্বন্দ্বিতা করছেন।






## দিনের শুরুতেই হয় রিজিক বণ্টন

২৫ পৃষ্ঠার পর

ও পড়ে যায়। স্নায়ুজনিত সমস্যা দেখা দেয়। চেহারা ও শরীরে বার্ধক্যের ছাপ পড়ে। মস্তিষ্কের চেতনা সৃষ্টিকারী অংশের সঙ্গে তার সম্পর্ক কম থাকে। যার ফলে মেধা ও মস্তিষ্ক দুর্বল হয়ে যায়। স্মৃতিভ্রম রোগ দেখা দেয়। সহজেই অনেক কিছু ভুলে যায়। স্মরণশক্তি কমে যায়।

অপরদিকে রাসুল (সা.)-এর হাদিস থেকেও জানা যায়, সকালবেলা আসমান থেকে রিজিক বণ্টন হয়। রিজিক মানে শুধু খাবার নয়, মানুষের যাপিত জীবনে যা কিছু প্রয়োজন সবই এর অন্তর্ভুক্ত। এ সময় যদি আমরা ঘুমিয়ে থাকি, তা হলে তো উত্তম ও পবিত্র রিজিক থেকে বঞ্চিত হওয়ার সম্ভাবনা সৃষ্টি হয়। হজরত ইবনে আব্বাস (রা.) একবার তার সন্তানকে সকালে ঘুমিয়ে থাকতে দেখে বলেন- 'উঠো, তুমি কি এমন সময় ঘুমিয়ে আছো, যখন রিজিক বণ্টন করা হচ্ছে?' (জাদুল মায়াদ)। আল্লাহতায়ালা সকালের সময়ে ও কাজে বরকত দান করেছেন। সকালে ঘুমিয়ে থাকা মানে দিনভর চলার তেল ও পুঁজি সংগ্রহ করার সুযোগ হারিয়ে ফেলা। আল্লাহর রাসুল (সা.) ভোরবেলায় বরকতের জন্য দোয়া করেছেন।

হজরত ইবনে ওমর ও আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ (সা.) ইরশাদ করেছেন, আমার উম্মতের জন্য প্রত্যুষে বরকত দান করা হয়েছে। তিনি দোয়া করে বলেছেন, 'হে আল্লাহ, আমার উম্মতের জন্য সকালবেলায় বরকত দান করুন। দিনের শুরু অংশকে আমার উম্মতের জন্য কল্যাণ আর বরকতময় করে দিন।' সকালবেলা বরকতের ধারা বর্ষিত হয় বিধায় আল্লাহর রাসুল (সা.) যখন কোনো অভিযানে বাহিনী পাঠাতেন, তখন দিনের শুরুতে পাঠাতেন। সাহাবি হজরত সখর গামেদি (রা.) এই হাদিসের একজন বর্ণনাকারী। তিনি ব্যবসায়ী ছিলেন। তিনি তার ব্যবসায়িক কার্যক্রম দিনের শুরুতে আরম্ভ করতেন। এতে তিনি অনেক লাভবান হন এবং ধনী হয়ে যান। (আবু দাউদ : ২৬০৬)।

## মোমিনের মর্যাদা ও পুরস্কার

২৫ পৃষ্ঠার পর

জবাবদিহিতেও তারতম্য হবে। রাসুল (সা.) বলেন, 'মনে রেখো, তোমরা সবাই দায়িত্বশীল। আর তোমরা প্রত্যেকেই নিজ নিজ দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে। শাসক তার প্রজাদের ওপর দায়িত্বশীল; সে তাদের ব্যাপারে জিজ্ঞাসিত হবে। পুরুষ তার পরিবারের ওপর দায়িত্বশীল; সে তার পরিবার সম্পর্কে জিজ্ঞাসিত হবে। নারী তার স্বামীর পরিবার ও সন্তানের ওপর দায়িত্বশীল; সে তাদের সম্পর্কে জিজ্ঞাসিত হবে। গোলাম তার মনিবের সম্পদের ওপর দায়িত্বশীল; সে এ বিষয়ে জিজ্ঞাসিত হবে। সাবধান, তোমরা প্রত্যেকে দায়িত্বশীল এবং প্রত্যেকে নিজ নিজ দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে।' (বোখারি : ৮৪৪)।

হাসপাতালে চিকিৎসানেওয়া নিতে আসা রোগীর মৃত্যু হয় দায়িত্বে অবহেলার কারণে। অথচ একজন চিকিৎসকের উচিত, তিনি তার পেশায় যথেষ্ট যত্নশীল হবেন। রোগীর অসংযত আচরণে ধৈর্যের পরিচয় দেবেন। কঠোরতা প্রদর্শন না করে কোমল ভাষায় কথা বলবেন। তাকে ভয় না দেখিয়ে অভয় দেবেন। তার প্রতি কল্যাণকামী হবেন। রোগীর জন্য সবচেয়ে উপকারী যে পরামর্শটি তাই দেবেন। রাসুল (সা.) বলেন, 'যখন তোমাদের কেউ তার ভাইয়ের কাছে পরামর্শ চায়, সে যেন তাকে উত্তম পরামর্শ দেয়।' (বোখারি : ৩/৭২)। কিন্তু বর্তমান সমাজে এর পুরোপুরি উল্টো চিত্র পরিলক্ষিত হচ্ছে। বিবেকহীনরা বিবেকবানদের ওপর ঠাঁই করে নিচ্ছে, মানবিক মূল্যবোধ ভূলুণ্ঠিত হচ্ছে, অযোগ্যরা যোগ্যদের স্থান দখল করে নিচ্ছে। একজন চিকিৎসক হয়েও রোগীকে অভয় দেওয়ার পরিবর্তে ভয় দেখিয়ে তাকে মানসিকভাবে আরও দুর্বল করে দিচ্ছে। ফলে অনেক রোগী হার্ট অ্যাটাক করেও মারা যাচ্ছে। রাসুল (সা.) বলেন, 'যে ব্যক্তি কোনো রোগের চিকিৎসা করে, অথচ প্রতিষেধক তার জানা নেই সে দায়ী বলে গণ্য হবে।' (নাসায়ি : ৪৭৩০)। ইসলামে আমানতের পরিধি অনেক বিস্তৃত। কর্মক্ষেত্রে আমাদের ওপর অর্পিত দায়িত্বও আমানতের অন্তর্ভুক্ত। আর একজন চাকরিজীবীর জন্য তার কাজের নির্ধারিত সময়টুকুও আমানত হিসেবে গণ্য। একজন মুমিনের দ্বারা কখনও আমানতের খেয়ানত হবে এটি অকল্পনীয়। কোরআন মাজিদে আল্লাহতায়ালা সফল মুমিনের পরিচয় উল্লেখ করতে গিয়ে বলেন, '(মুমিনদের অনন্য একটি বৈশিষ্ট্য হচ্ছে) তারা তাদের আমানত ও প্রতিশ্রুতি রক্ষা করে।' (সুরা মুমিনুন : ৮)। আল্লাহতায়ালা প্রতিটি মানুষকে দুনিয়াতে নির্দিষ্ট কিছু দায়িত্ব পালনের জন্য পাঠিয়েছেন। এ নির্ধারিত দায়িত্ব যারা সফলতার সঙ্গে, সচেতনতার সঙ্গে পালন করেন তারা সার্থক ও নন্দিত। জনগণের হৃদয়ে তারা শ্রদ্ধাভাজন হিসেবে চিরভাস্বর হয়ে থাকেন।

আর দায়িত্ব পালনে যারা বিফল তারা ব্যর্থ ও নিন্দিত, ক্ষেত্রবিশেষে ঘৃণিতও। যদি প্রত্যেক মানুষ নিজ নিজ দায়িত্ব পালনে সজাগ হয় এবং আখেরাতে জবাবদিহির অনুভূতি নিয়ে আপন দায়িত্ব পালন করে, তা হলে সমাজের নিত্যকার অভিযোগ ও সমস্যা দূর হয়ে যাবে। কারণ মুমিন সবকিছুই আল্লাহর সন্তুষ্টির জন্য করে। আল্লাহর ভয়ে অন্যায় থেকে বিরত থাকে। নিশ্চয় সে জানে যে, 'কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে, তা সে (কেয়ামতের দিন) দেখতে পাবে। আর কেউ অণু পরিমাণ মন্দকর্ম করলে, তাও সে দেখতে পাবে।' (সুরা জিলজাল : ৭-৮)।

## ইহকাল-পরকালের নিরাপত্তায় তাওবার গুরুত্ব

২৫ পৃষ্ঠার পর

করুন; নিশ্চয় আপনি সর্ববিষয়ে সর্বক্ষমতাবান।' (সুরা : তাহরিম, আয়াত : ৮)।

আবার এ শব্দটি নিজেকে শুধরে নেওয়ার অর্থেও ব্যবহার করা হয়। যেমন-কোরআনে ইরশাদ হয়েছে, 'কিন্তু যারা তাওবাহ করে ও সংশোধিত হয় এবং সত্য প্রকাশ করে, বস্তুত আমি তাদের প্রতি ক্ষমা প্রদানকারী, করুণাময়।' (সুরা : বাকারাহ, আয়াত : ১৬০)। তাই নিজেকে ইহকালীন ও পরকালীন শাস্তি থেকে বাঁচাতে প্রকৃত তাওবার বিকল্প নেই। খাঁটি মনে অতীতের গুনাহে অনুতপ্ত হয়ে মহান আল্লাহর কাছে ক্ষমা চেয়ে সামনের দিনগুলোতে নিজের আমল-আখলাক পরিশুদ্ধ করে নেওয়াই বুদ্ধিমানের কাজ। কারণ যারা খাঁটি মনে মহান আল্লাহর কাছে তাওবা করে, মহান আল্লাহ তাদের গুনাহগুলোকে মাফ করে দেন। তাদের পাপকে পুণ্য দ্বারা পরিবর্তন করে দেন। পবিত্র কোরআনে মহান আল্লাহ বলেন, 'তবে যে তাওবা করে, ঈমান আনে এবং সৎকর্ম করে। পরিণামে আল্লাহ তাদের পাপগুলোকে পুণ্য দ্বারা পরিবর্তন করে দেবেন। আল্লাহ অতি ক্ষমাশীল, পরম দয়ালু।' (সুরা : ফুরকান, আয়াত : ৭০)।

সুবহানাল্লাহ, মহান আল্লাহ যেমন মানুষের পাপের কারণে ক্রোধান্বিত হন আবার তারা যখন অনুতপ্ত হয়ে ফিরে আসে, তখন খুশিও হন। হাদিস শরিফে ইরশাদ হয়েছে, আল্লাহ তাআলা তাঁর মুমিন বান্দার তাওবার কারণে ওই ব্যক্তির চেয়েও অধিক আনন্দিত হন, যে লোক ছায়া-পানিহীন আশঙ্কাপূর্ণ বিজন মাঠে ঘুমিয়ে পড়ে এবং তার সঙ্গে থাকে খাদ্য, পানীয়সহ একটি সওয়ারি। এরপর ঘুম থেকে সজাগ হয়ে দেখে যে সওয়ারি কোথায় অদৃশ্য হয়ে গেছে। তারপর সে সেটি খুঁজতে খুঁজতে তৃষ্ণার্ত হয়ে পড়ল এবং বলে, আমি আমার পূর্বের জায়গায় গিয়ে চিরনিদ্রায় আচ্ছন্ন হয়ে মারা যাব। (এ কথা বলে) সে মৃত্যুর জন্য বাহুতে মাথা রাখল। কিছুক্ষণ পর জাগ্রত হয়ে সে দেখল, পানাহারসামগ্রী বহনকারী সওয়ারিটি তার কাছে। (সওয়ারি ও পানাহারসামগ্রী পেয়ে) লোকটি যে পরিমাণ আনন্দিত হয়, মুমিন বান্দার তাওবার কারণে আল্লাহ তার চেয়েও বেশি আনন্দিত হন। (মুসলিম, হাদিস : ৬৮৪৮)।

আর আল্লাহ যখন বান্দার ওপর সন্তুষ্ট হয়ে যায়, তখন তার দুনিয়া ও আখিরাতে কোনো ভয় থাকে না। পবিত্র কোরআনে ইরশাদ হয়েছে (এটা শিক্ষা দেয়) যে তোমরা তোমাদের প্রতিপালকের নিকট ক্ষমা চাও, আর অনুশোচনা ভরে তাঁর দিকেই ফিরে এসো, তাহলে তিনি একটা নির্দিষ্ট কাল পর্যন্ত তোমাদের উত্তম জীবনসামগ্রী ভোগ করতে দেবেন, আর অনুগ্রহ পাওয়ার যোগ্য প্রত্যেক ব্যক্তিকে তিনি তাঁর অনুগ্রহ দানে ধন্য করবেন। আর যদি তোমরা মুখ ফিরিয়ে নাও তাহলে আমি তোমাদের ওপর বড় এক কঠিন দিনের আজাবের আশঙ্কা করছি। (সুরা : হুদ, আয়াত : ৩)।

## সদকার যত কল্যাণ

২৫ পৃষ্ঠার পর

জন্যও আল্লাহ কর্তৃক দান বন্ধ করে দেওয়া হবে।' (বোখারি : ১৪৩৩)।

দানে সম্পদ পবিত্র হয় : রাসুলুল্লাহ (সা.) বলেন, 'হে ব্যবসায়ী সম্প্রদায়! ব্যবসায়িক কাজে বেহুদা কথাবার্তা ও অপ্রয়োজনীয় শপথ হয়ে থাকে। সুতরাং তোমরা ব্যবসার পাশাপাশি সদকা করে তাকে ত্রুটিমুক্ত কর।' (সুনানে আবি দাউদ : ৩৩২৬)।

দানশীলদের জন্য রয়েছে পুরস্কার : আল্লাহতায়ালা বলেন, 'নিশ্চয় দানশীল ব্যক্তি ও দানশীলা নারী, যারা আল্লাহকে উত্তমরূপে ধার দেয়, তাদেরকে দেওয়া হবে বহুগুণ এবং তাদের জন্য রয়েছে সম্মানজনক পুরস্কার।' (সুরা হাদিদ : ১৮)।

দানকারীর জন্য ফেরেশতারা দোয়া করে : রাসুলুল্লাহ (সা.) বলেন, প্রত্যেক বান্দা যখন সকালে ওঠে, দুজন ফেরেশতা অবতীর্ণ হন। তাদের একজন বলেন, 'হে আল্লাহ! খরচকারীর ধন আরও বাড়িয়ে দিন।' দ্বিতীয়জন বলেন, 'হে আল্লাহ! কৃপণকে ধ্বংস করে দিন।' (বোখারি : ১৪৪২)।

সদকা আল্লাহর ক্রোধ প্রশমিত করে : রাসুলুল্লাহ (সা.) বলেন, 'নিশ্চয় সদকা আল্লাহর ক্রোধকে প্রশমিত করে।' (তিরমিজি : ৬৬৪)।

সদকা পাপ মোচন করে : মুয়াজ ইবনে জাবাল (রা.) বলেন, আমি রাসুলুল্লাহ (সা.)-এর সঙ্গে এক সফরে ছিলাম। তিনি বললেন, 'হে মুয়াজ! আমি কি তোমাকে প্রভূত কল্যাণ লাভের পথ বাতলে দেব না?' এরপর রাসুলুল্লাহ (সা.) বললেন, 'সদকা পাপকে মিটিয়ে দেয়, যেভাবে পানি আগুনকে নিভিয়ে দেয়।' (তিরমিজি : ২৬১৬)।

সদকা বিপদাপদ দূর করে : রাসুলুল্লাহ (সা.) বলেন, 'তোমরা অধিক হারে সদকা করো। কেননা, বালা-মুসিবত সদকাকে অতিক্রম করতে পারে না।' (সুনানে বাইহাকি : ৮০৮৩)।

দান রোগ-ব্যাধি নিরাময় করে : রাসুলুল্লাহ (সা.) বলেন, 'তোমরা সদকার মাধ্যমে তোমাদের রোগীদের চিকিৎসার ব্যবস্থা করো। সদকায় বালা-মুসিবত দূর হয়।' (সুনানে বাইহাকি : ৬৫৯৩)।

সদকা আয়ু বাড়ায় : রাসুলুল্লাহ (সা.) বলেন, 'মুসলমান ব্যক্তির সদকা তার হায়াত বৃদ্ধি করে।' (তাবারানি : ৩১)। ইমাম নববি (রহ.) হায়াত বৃদ্ধির উদ্দেশ্য বর্ণনা করতে গিয়ে বলেন, 'আল্লাহ তার জীবনে বরকত দান করবেন। ফলে অল্প সময়েও অধিক ইবাদত-বন্দেগি করার সুযোগ হবে।'

দান কবরের শাস্তি রোধ করবে : রাসুলুল্লাহ (সা.) বলেন, 'নিশ্চয় সদকা দাতাকে কবরের আগুনের উত্তাপ থেকে রক্ষা করবে।' (তাবারানি : ৭৮৮)।

দানকারী আরশের নিচে ছায়া পাবে : রাসুলুল্লাহ (সা.) বলেন, 'যেদিন আল্লাহর আরশের ছায়া ছাড়া আর কোনো ছায়া থাকবে না, সেদিন সাত শ্রেণির মানুষকে আল্লাহ আরশের নিচে ছায়া দেবেন। তাদের এক শ্রেণি হচ্ছে ওই ব্যক্তি, যে এমনভাবে গোপনে দান করেছে যে, তার বাম হাত জানতে পারেনি, তার ডান হাত কী দান করেছে।' (বোখারি : ৬৬০)।

## যাচ্ছি কোথায়, আদর্শের রাজনীতিতে ত্যাগে না উচ্ছিষ্ট ভোগে!

৬ পৃষ্ঠার পর

বাস্তবতা আজ হতাশাজনক। সংগ্রামের সাহসী তরুণ আজ পৌজামিলের রাজনীতিতে হাবুডুবু খাচ্ছে।

আমাদের উত্তরাধিকাররা ব্যক্তিগত লোভ-লালসার ঊর্ধ্বে উঠে সততার বলে বলীয়ান হয়ে এগিয়ে যাক। বাংলাদেশের মাটি ও মানুষের নিজস্ব স্বাতন্ত্র্য, মূল্যবোধ ও স্বার্থকে সর্বাগ্রে অগ্রাধিকার দিয়ে আগামীর বাংলাদেশ হোক দূরদৃষ্টিসম্পন্ন মেধাবী মানুষের রাজনীতি, অর্থনীতি ও সমাজনীতির চারণভূমি। তরুণরা ফিরে পাক তাদের জন্য লাগসই পথরেখা।

## স্বামীর বিরুদ্ধে নির্যাতনের অভিযোগ নিয়ে মুখ খুললেন অভিনেত্রী

৪৬ পৃষ্ঠার পর

তখন উঠে দাঁড়াতে হবে। আমার হৃদয় ভাঙলেও এই লড়াই চালিয়ে যেতে হবে। আমার প্রতি অবিচার করা হলে কোনো করুণা না দেখানোই আমার ধর্ম। অসম্ভব মনে হলেও আমাকে বেঁচে থাকতেই হবে বলে জানান সেলিনা জেটলি।

আমার সবচেয়ে অন্ধকার সময়ে, আমার মর্যাদা এবং অধিকারের জন্য লড়াইয়ের সময় যারা আমার ঢাল হয়ে দাঁড়িয়েছেন, তাদের প্রতি আমি কৃতজ্ঞতা জানিয়েছেন অভিনেত্রী।

## বিমানবন্দরে ধরা মালাইকা

৪৬ পৃষ্ঠার পর

বন্ধুত্ব শুরু হয় ফিটনেস কুইন অভিনেত্রী মালাইকা অরোরার। মাসখানেক ধরে তারা একে অপরের সঙ্গে ডেট করছেন নিয়মিতই। সম্প্রতি মুম্বাইয়ে এনরিক ইগলেসিয়াসের একটি কনসার্টে মালাইকাকে দেখা গেছে। এরপর থেকেই শুরু হয় সামাজিক মাধ্যমে নেটিজেনদের মাঝে শুরু হয় গুঞ্জন।

সেই তরুণ যুবক হীরা ব্যবসায়ী। এই কনসার্টের পর থেকেই তাদের প্রেমের খবর ছড়াতে থাকে। এবার সেই গুঞ্জন আরও জোরালো হলো মুম্বাই বিমানবন্দরে তাদের একসঙ্গে দেখে। যদিও অভিনেত্রী এবং তার কথিত প্রেমিক একসঙ্গে ক্যামেরার সামনে ধরা দিতে চাননি, তবে শেষ রক্ষা হয়নি।

বুধবার (২৬ নভেম্বর) বিকালে মালাইকা ও হর্ষ মেহেতা প্রায় একই সময়ে একই টার্মিনালে উপস্থিত হন। মালাইকা কিছুটা এগিয়ে ছিলেন, আর হর্ষকে ক্যাজুয়াল পোশাকে মাস্ক পরে তার পিছু নিতে দেখা যায়। পার্কিং এরিয়ায় পৌঁছে দুজনকে একই গাড়িতে উঠতে দেখা যায়। অভিনেত্রী আগে গাড়িতে বসেন এবং কয়েক সেকেন্ড পরেই হর্ষ মেহেতা একই গাড়িতে প্রবেশ করেন। এই দৃশ্য তাদের সম্পর্ক নিয়ে নতুন করে সামাজিক মাধ্যমে নেটিজেনদের মাঝে আলোচনার জন্ম দিয়েছে।

## নব্বই দশকে নায়িকারা কে কোথায়

৪৬ পৃষ্ঠার পর

অভিনয় নিয়ে ব্যস্ত থাকতে হতো। তিনবার জাতীয় চলচ্চিত্র পুরস্কারসহ অসংখ্য জনপ্রিয় ছবিতে অভিনয় করে তিনি দর্শকের মন জয় করেন।

পপি ২০২০ সালে সর্বশেষ 'ভাইরেক্ট অ্যাকশন' নামের একটি সিনেমার শুটিং করেন। এরপর একেবারে আড়ালে চলে যান। পাঁচ বছর আড়াল জীবনযাপনের পর এ বছরের ফেব্রুয়ারিতে প্রকাশ্যে আসেন তিনি। আড়াল ভাঙার পর জানা যায়, পপি বিয়ে করে পুরোদস্তুর সংসারী। তিনি এক পুত্রসন্তানের মা।

জেবা : তুমি চাঁদের জোছনা নও, ফুলের উপমা নও/ নও কোন পাহাড়ি ঝরনা, তুমি হৃদয়ের আয়না...এই গান সব শ্রেণির দর্শকের মন কেড়েছিল। ১৯৯৭ সালে মুক্তি পাওয়া 'হৃদয়ের আয়না' ছবির গানটির কথা অনেকেরই মনে আছে। প্রেমের গল্পের এই ছবিতে অভিনয় করেছিলেন ওই সময়ের জনপ্রিয় নায়ক রিয়াজ।

ছবিটিতে রিয়াজের বিপরীতে অভিনয় করেছিলেন নবাগতা জেবা, আসল নাম জেবা হলেও চলচ্চিত্রে আয়না নামেই পরিচিত ছিলেন তিনি। 'হৃদয়ের আয়না' ছবিতে অভিনয়ের পর আয়না নামেই পরিচিতি পান।

'আয়না' চরিত্রে অভিনয় করে প্রশংসা পেয়েছিলেন তিনি। ওই এক ছবি করার পরই হারিয়ে যান এই নায়িকা। আর কোনো ছবিতে দেখা যায়নি তাঁকে। নুরুল ইসলাম পারভেজ পরিচালিত এই ছবিটির পরিচালক মোস্তাফিজুর রহমান। জানা গেছে, প্রবাসে স্বামী সন্তান নিয়ে থাকে এই চিত্রনায়িকা।

ইরিন : সোহানুর রহমান সোহানের হাত ধরে 'কেয়ামত থেকে কেয়ামত' ছবির মাধ্যমে সিনেমায় অভিষেক ঘটে চিত্রনায়িকা মৌসুমীর। একই পরিচালকের সিনেমা অনন্ত ভালোবাসা দিয়ে ঢালিউডে অভিষেক ঘটে তাঁরই ছোট বোন চিত্রনায়িকা ইরিন জামানের। এই সিনেমা দিয়ে ঢালিউডে অভিষেক ঘটে শাকিব খানেরও।

১৯৯৯ সালে মুক্তি পাওয়া এই ছবি দিয়ে আলোচনায় আসেন ইরিন। এরপর বেশ কয়েকটি ছবিতে তাঁকে দেখা গেলেও নজর কাড়তে পারেননি পরিচালক, প্রযোজক বা দর্শকদের। অভিনয়ের পাশাপাশি গায়িকা হিসেবে তাঁকে মাঝেমধ্যে পাওয়া গেছে। ২০১৪ সালের এপ্রিলে 'মধুরাত' ও 'তোমায় দেখবো ছুঁয়ে' নামের দুটি অ্যালবাম মুক্তি পায় তাঁর। এরপর থেকে খবরে নেই এই নায়িকা-গায়িকার। স্বামী-সন্তান নিয়ে থিতু হয়েছেন যুক্তরাষ্ট্রের নিউজার্সিতে।

সিমলা : ঢালিউডে অভিষেক সিনেমায় 'ফুলি' এবং 'সিমলা' নামের দুটি চরিত্রে অভিনয় করে জিতে নিয়েছিলেন 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার'। ১৯৯৯ সালে শহিদুল ইসলাম খোকন পরিচালিত সেই ছবিতে সিমলার অভিনয় দেখে, অনেক চলচ্চিত্র বোদ্ধাই তাঁকে নিয়ে নানা ভবিষ্যদ্বাণী করেছিলেন। কিন্তু পরবর্তী সময়ে আর আলো ছড়াতে পারেননি এই নায়িকা। বরং জড়িয়েছেন সমালোচনায়। ২০১৫ সালে 'নিষিদ্ধ প্রেমের গল্প' নামের একটি ছবিতে ১৫ বছরের এক বালকের নায়িকার চরিত্রে অভিনয় করে সমালোচিত হন তিনি।

'ম্যাডাম ফুলি' ছবির পর আর কোনো ছবিতেই সাফল্যের দেখা পাননি তিনি। তবে 'ম্যাডাম ফুলি টু' নিয়ে তিনি চলচ্চিত্রে ফিরে আসবেন বলে শোনা গেলেও, আর ফিরে আসেননি। এদিকে কয়েক বছর আগে আবারও নতুন করে সমালোচনার শিকার হন এই নায়িকা।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com


NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025
NYI
NY INSURANCE BROKERAGE


NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718 727 4444
NY
CAR & LIMO
SERVICES INC.
BO2902


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
ABC-1234
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR


বাংলাদেশি প্রফেশনালস
BANGLADESHI PROFESSIONALS
BANGLADESHI PROFESSIONALS
INAUGURATION EVENT
GRAND SPONSOR
GOLDEN AGE
HOME CARE
SPONSOR
BISMILLAH
Halal Live Poultry, Meat, Fish & Groceries
উপস্থাপনায়
নওশীন নেহরিন মৌ
পারভেজ সাজ্জাদ | রন্টি দাস | গাজী সালাহউদ্দিন
NOVEMBER 29TH, 2025
Starts at 06 PM • Saturday
At Gulshan Terrace
59-15 37th Ave,
Woodside, NY 11377.
More info:
www.bangladeshiprofessionals.com
www.bpnewsusa.com
BangladeshiProfessionalsNews
সঙ্গীতায়োজনে
সারগাম ব্যান্ড
SHEIKH ENAMUL KABIR
PRESIDENT
+1 917-916-4104
SAYED M ALAM
VICE PRESIDENT
+1718-688-4355
ELECTRONIC MEDIA PARTNERS
CHANNEL i
TIME television
PRINT MEDIA PARTNERS
ঠিকানা আজকাল
SOUND, LIGHTING AND LED
SOUND GEAR

GOLDEN A
HOME CA

GOLDEN AGE HOME CARE

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
ARE
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
সাথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নের সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com



# কমিউনিটিতে উৎসবের আমেজে থ্যাংকসগিভিং পার্টি

৬৪ পৃষ্ঠার পর

কেউও জানে না । তবে বেশির ভাগ আমেরিকানরা মনে করেন প্রথম পালন করা হয় ১৬২১ সালে ছোট শহর নর্থ আমেরিকা পিলিমাউতে এবং আব্রাহাম লিংকনের সময় অন্য রুপ দেয়া হয়। অর্থাৎ জাতীয় ন্যাশনাল হলিডে হিসেবে চিহ্নিত করা হয়। দেখা যায় ৪৬.৩ মিলিয়ন আমেরিকান ৫০ মাইল অথবা তারও বেশি ট্রাভেল করে বন্ধু বা পরিবারের সাথে ডিনার করতে










যায়। বছরের অন্য দিনের চেয়ে থ্যাঙ্কস গিভিং ডে তে বেশি খাবারের ব্যবস্থা করা হয় এবং খাবারের প্রধান আকর্ষণ থাকে টার্কি। সময়ের সাথে সাথে বাংলাদেশীদের মাঝেও থ্যাঙ্কস গিভিং ডে পালন ব্যাপক উৎসবের রুপ নিয়েছে। নিউইয়র্কে গত ২৬ নভেম্বর বুধবার এমনই একটি থ্যাংকস গিভিং পার্টিং অনুষ্ঠিত হলো উডসাইডের কুইন্স প্যালেসে। সাপ্তাহিক ইনকিলাব ও নিউইয়র্ক এভার্গ্ট কেয়ার প্রেজেন্ট এ অনুষ্ঠানের আয়োজক ছিলেন মো. জাহিদ আলম। কমিউনিটির সাংস্কৃতিক কর্মি আজাহারুল ইসলাম নাদিম অনুষ্ঠানের সংগঠক হিসেবে দায়িত্ব পালন করেন। অনুষ্ঠানের মধ্যমনি ছিলেন গোল্ডেন এজ হোম











কেয়ারের প্রেসিডেন্ট শাহ নেওয়াজ ও ভাইস প্রেসিডেন্ট রানো নেওয়াজ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আতাউর রহমান সেলিম, মোহাম্মদ আলী, মহিউদ্দীন দেওয়ান,নুরুল আজিম, ড. আবু জুবায়ের দারা, ফাহাদ সোলায়মান,আরসালান হাবিব,গীতিকার মাহফুজুর রহমান, ইশতিয়াক রুমি, হাসান জিলানী, ও আব্দুর রশিদ বাবু। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সোনিয়া। পুরো অনুষ্ঠান উৎসবমুখর করে রেখেছিলেন স্থানীয় শিল্পীরা। তাদের মধ্যে ছিলেন রানো নেওয়াজ, অনিক রাজ, প্রেমা রহমান ও অংকন শাদমিন।



# এই প্রথম বুটেক্স এলামনাই ইউএসএ আত্মপ্রকাশ

৬২ পৃষ্ঠার পর

আয়োজিত প্রথম ভার্চুয়াল এবং সশরীরে উপস্থিত সদস্যদের অংশগ্রহণে এক মিলনমেলা । সভার শুরুতে বুটেক্স এলামনাই ইউএসএ ,এই নামে সংগঠনের উদ্দেশ্য আদর্শ ও ভবিষ্যৎ পরিকল্পনা তুলে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন ইঞ্জিনিয়ার ফারুক হোসেন। প্রাণবন্ত অনুষ্ঠানটি পরিচালনা করেন ইঞ্জিনিয়ার ড. মোঃ মজিবুর রহমান খান এবং অনুষ্ঠানটি টেকনিক্যাল সাপোর্টে ছিলেন ইঞ্জিনিয়ার ড. ইমরানুল ইসলাম। এরপরে ইঞ্জিনিয়ার মোঃ তারিকুল ইসলাম (তারিক) এর সংক্ষিপ্ত বক্তব্যের মধ্য দিয়ে শুরু হয় সভার মূল কার্যক্রম। প্রথম পর্বে সভায় উপস্থিত সকল সদস্যদের এবং ভার্চুয়াল উপস্থিতি সবার পরিচিতি তুলে ধরা হয়। দ্বিতীয় ধাপে সবার সম্মতিতে ২০২৬-২০২৭ বছরের জন্য একটি একত্রিশ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি এবং উপদেষ্টা কমিটি গঠন করা হয় । উপস্থিত সকল সদস্যদের সম্মতিতে সংগঠনের সভাপতি পদে ইঞ্জিনিয়ার মোঃ তারিকুল ইসলাম (তারিক), সিনিয়র সহ-সভাপতি পদে ইঞ্জিনিয়ার ফারুক হোসেন এবং সহ-সভাপতি পদে ইনিজিনিয়ার আনোয়ারুল হক নির্বাচিত হন। সংগঠনের সাধারণ সম্পাদক পদে ইঞ্জিনিয়ার ড. মোঃ মজিবুর রহমান খান ও ইঞ্জিনিয়ার ফরহাদ আকন্দকে সহ সাধারণ সম্পাদক নির্বাচিত হন । সাংগঠনিক সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন ইঞ্জিনিয়ার লিটন খান এবং সহসাংগঠনিক সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন ইঞ্জিনিয়ার রাজিউল হাসান । অর্থ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন ইঞ্জিনিয়ার ড. ইমরানুল ইসলাম এবং সহ অর্থ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন ইঞ্জিনিয়ার নাফিউল মজিদ ।

অন্যান্য পদে যারা নির্বাচিত হয়েছেন তারা হলেন সামাজিক উন্নয়ন ও আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক সম্পাদক- ইঞ্জিনিয়ার আহসানুল হক জালাল, সহ সামাজিক উন্নয়ন ও আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক সম্পাদক- ইঞ্জিনিয়ার ড. শহীদুল কাদের, শিক্ষা ও ছাত্র বিষয়ক সম্পাদক- ইঞ্জিনিয়ার মীর সালাউদ্দিন রুবিন, সহ শিক্ষা ও ছাত্র বিষয়ক সম্পাদক- ইঞ্জিনিয়ার মোঃ আব্দুল শহীদ সজল, ক্রীড়া সম্পাদক- ইঞ্জিনিয়ার শেখ মোহাম্মাদ হাসান মিথুন, সহ ক্রীড়া সম্পাদক- ইঞ্জিনিয়ার ড. তানজীম হোসেন সানী, সাংস্কৃতিক সম্পাদক- ইঞ্জিনিয়ার অবনী কুন্ড, সহ সাংস্কৃতিক সম্পাদক- ইঞ্জিনিয়ার সোলাইমান, মহিলা বিষয়ক সম্পাদক- ইঞ্জিনিয়ার ড. ফারহানা মমতাজ দিপা, সহ মহিলা বিষয়ক সম্পাদক- ইঞ্জিনিয়ার উম্মে হানি বর্ষা । কার্যকরী কমিটির সদস্যরা হলেন- ১. ইঞ্জিনিয়ার আবদুল সালাম ২. ইঞ্জিনিয়ার খোরশেদ আলম ৩. ইঞ্জিনিয়ার ড. মাহফুজুল হক ৪. ইঞ্জিনিয়ার জিল্লুর রহমান ৫. ইঞ্জিনিয়ার প্রদীপ বিশ্বাস ৬. ইঞ্জিনিয়ার সুমন সাহিল ৭. ইঞ্জিনিয়ার মাইন মোঃ খাইরুল আক্তার ৮. ইঞ্জিনিয়ার আহমেদ সাকিব সিনা ৯. ইঞ্জিনিয়ার এনামুল হাসান ১০. ইঞ্জিনিয়ার আহমেদ সাবাব সারেক উপদেষ্টা কমিটির সদস্যরা হলেন ১. ইঞ্জিনিয়ার ড. আলী আহমেদ ( প্রধান উপদেষ্টা) ২. ইঞ্জিনিয়ার জিয়াউর রহমান ৩. ইঞ্জিনিয়ার লিয়াকত সরদার ৪. ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন ৫. ইঞ্জিনিয়ার আবুল কালাম আজাদ ৬. ইঞ্জিনিয়ার বদরুল আলম বাদল ৭. ইঞ্জিনিয়ার মোঃ হালিম জাহাঙ্গীর ৮. ইঞ্জিনিয়ার রাকিব করিম টুটু ৯. ইঞ্জিনিয়ার কামরুল হাসান ১০. ইঞ্জিনিয়ার নাসিমুর রহমান ১১. ইঞ্জিনিয়ার ড. জসিমুল আইয়ুব লিটন ১২. ইঞ্জিনিয়ার এস এম শাখাওয়াত হোসেন ১৩. ইঞ্জিনিয়ার নাহিদুল ইসলাম ১৪. ইঞ্জিনিয়ার মোস্তাফিজুর রহমান জন ১৫. ইঞ্জিনিয়ার ড. মোঃ রুহুল কুদ্দুস নাইক ১৬. ইঞ্জিনিয়ার ড. আবদুল আওয়াল অনুষ্ঠানের তৃতীয় ধাপে সংগঠনের জন্য একাধিক সদস্যের তৈরিকৃত লোগো তুলে ধরা হয় এবং বেশিরভাগ সদস্যের মতামতের ভিত্তিতে একটি সুন্দর ও অর্থবহ লোগো গৃহীত হয়। অনুষ্ঠানটি নিউইয়র্ক এর কুইন্স এ অবস্থিত স্থানীয় একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়েছে।


Organized by:
MUSIC BANGLA
Utshob Group
Presents
FLIGHT OF THE PHOENIX
aurthohin
THE USA CHAPTER
New York Concert
Tanzir
Tuhin
ex Sironamhin
&
RAFI
ALAM
Enjoy the Concert & Win a Dinner with BassBaba Sumon & Aurthohin!
Enter the Raffle Draw at The Venue From Utshob Group
Date- 30th November, 2025 at 6 PM
THIS EVENT IS PROUDLY ORGANIZED BY MUSIC BANGLA
143-09 Holly Avenue, Flushing, NY 11355
Scan for ticket
GET SET ROCK

## এবার ঐশ্বরিয়ার পথেই হাঁটলেন শিল্পা শেঠি

৪৬ পৃষ্ঠার পর

অপরাধ। আমরা আদালতের কাছে আবেদন করেছি যেন এই অপব্যবহার বন্ধ হয় এবং শিল্পার ব্যক্তিত্ব সুরক্ষিত থাকে।
উল্লেখ্য, এর আগেও অনুমতি ছাড়া নাম-ছবি বাণিজ্যিকভাবে ব্যবহার ও বিকৃত কনটেন্ট ছড়ানোর অভিযোগে আদালতের দ্বারস্থ হয়েছিলেন অভিনেত্রী ঐশ্বরিয়া রায় ও তার স্বামী অভিষেক বচ্চন।

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই'র অভিষেক অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

মোহাম্মদ নাসিরুল্লাহ, পিন্টু আলম, নুরজে মাকসুদ নবনী এবং তামান্না শবনম পাপড়ি। যুগ্ম সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন আক্সোদিতি পাল্লা, আশিষ ঘোষ ও রনি ভৌমিক। নির্বাচিত অন্যান্য কর্মকর্তারা হলেন সাংগঠনিক সম্পাদক -হন মুব্রত পাল , প্রচার সম্পাদক -তানজিল মাহমুদ, তথ্য ও যোগাযোগ বিষয়ক সম্পাদক- রাবেয়া ভূঁইয়া, কোষাধ্যক্ষ- জোবায়ের হোসেন ফাহাদ এবং এসোসিয়েট কোষাধ্যক্ষ- রাজেশ রায়, সাংস্কৃতিক সম্পাদক- শারমিন আক্তার রেজোনা এবং সহ সাংস্কৃতিক সম্পাদক- মিফাত নাহার নির্বাচিত হন, প্ল্যানিং এন্ড ইভেন্ট কো-অরডিনেটর - জিজিয়া ফারহানা খান এবং নাসির উদ্দিন ভূঁইয়া, ক্রীড়া সম্পাদক- শাহরিয়ার কবির, সহযোগী ক্রীড়া সম্পাদক- ইব্রাহীম রাকিব বাবু, সাহিত্য সম্পাদক রুহুল আমিন এবং সহযোগী সাহিত্য সম্পাদক- ফাহিমা রহমান জুঁই নির্বাচিত হন।
কার্যকরী সদস্য নির্বাচিত হন যথাক্রমে মারীস্টেলা আহমেদ শ্যামলী, শমিত মন্ডল, শামীম আরা বেগম, বদিউজ্জামান রনি, নাফিজা নওয়াজ সিমকি, মোস্তফা শারমিন, রাফিয়া খান সুনি, জেরিন রাফিয়া শশী , জান্নাত আরা সনি এবং সৌরভ কাপালি। উপদেষ্টা পরিষদের সদস্য মনোনীত হন যথাক্রমে একরামুল করিম, মোহাম্মদ মনিরুজ্জামান, আশুতোষ সাহা, আকতার আহমেদ রাশা, খালেদ মনির জোয়ারদার, মিল্টন ক্ষান্তি, সুজিত পাল এবং হাবিব রহমান।
গত ২২ নভেম্বর প্রবাসে জাবিয়ান এলামনাইদের সংগঠন জাহাঙ্গীরনগর এলামনাই এসোসিয়েশন অব আমেরিকা নিউইয়র্কের একটি একটি পার্টি হলে আয়োজন করে ক্যাম্পাস জীবনের স্মৃতি বিজড়িত পার্কন থিম উৎসব -"হিমেল হাওয়ায় একদিন"। এই অনুষ্ঠানেই নতুন কমিটি অভিষিক্ত হয়। শীতের আগমনী বার্তা নিয়ে শুরু হয় এই আয়োজন সাথে সম্মিলিত সঙ্গীত। বাহারি রকমের শীতের পিঠা পায়েশের সমাহার বসে যেন এই থিম উৎসবে। শুরুতেই বিশিষ্ট অঙ্কন শিল্পী আকতার আহমেদ রাশা প্রজন্মদের নিয়ে আনন্দে আলপনার ওয়ার্কশপ শুরু করেন, সাথে ছিল টেপা পুতুল বানানো, মেয়েদের জন্য সুই সুতা দিয়ে হাতের কারুশিল্প আর প্রজন্মদের আর্ট প্রদর্শনী ছিল খুবই আকর্ষণীয়।


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
আমরা ওমরার প্যাকেজ করে থাকি
আমাদের প্যাকেজ বিবরণ
ওমরা ভিসা
এয়ার টিকেট
১ দিন মক্কায় ট্যুর
১ দিন মদিনা ট্যুর
মক্কা থেকে মদিনা গাড়িতে
এয়ারপোর্ট থেকে হোটেল
(4 Star Hotel with Breakfast.)
মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ
(একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)
* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।
NAFS TRAVEL INC.
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)




## লেখকের অঙ্গনের গ্রন্থালোচনা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

চে গুয়েভারা' যার অনুবাদ হাসান খুরশীদ রুমী। এখানে দরিদ্র-সর্বহারা এবং বঞ্চিত মানুষের বোবা কান্না উপলব্ধি করতে খুবই সহায়ক এ গ্রন্থের লেখাগুলো। শাহনাজ মুন্নীর বাছাই করা ৫০টিরও বেশি গল্প নিয়ে প্রকাশিত 'নির্বাচিত গল্প' নিয়ে আলোচনা করেন শশি শাহিদা। সর্বশেষ আলোচক বিশিষ্ট কবি ও সাহিত্যিক এ, বি এম সালেহ উদ্দিন। তিনি চমৎকারভাবে আহমাদ মাযহার এর বই 'মুক্তিযুদ্ধ ও মুক্ত বুদ্ধি' এর উপর আলোচনা করেন।
আলোচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট কবি ও লেখক শামস আল মমিন, আহমাদ মাযহার, আবেদীন কাদের, সাহিত্য একাডেমির পরিচালক মোশাররফ হোসেন প্রমুখ।
পরিশেষে পরিচালক নীরা কাদরী কুইন্স পাবলিক লাইব্রেরির সহকারী ম্যানেজার সেলিনা শারমিন, লাইব্রেরি কর্তৃপক্ষকে এবং উপস্থিত গ্রন্থালোচকদের ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

## ব্রঙ্কসে আলী হায়দারের মতবিনিময় সভা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

আহমেদ জিতু, সাবেক ছাত্রনেতা আব্দুল মুহিত, বাংলাদেশ সোসাইটির সাবেক যুগ্ম সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ, বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, মহিবুর রহমান মোস্তার, শাহীন হাসনাত, সৈয়দ রুমান, রবিন আহমেদ, রিটন সরকার প্রমুখ।
সভার শুরুতে যুক্তরাজ্যে সম্প্রতি মৃত্যুবরণকারী সাবেক ছাত্রনেতা মো. নজরুলের মাগফেরাত কামনায় এক মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়। পরে অতিথিকে ফুল দিয়ে বরণ করেন আয়োজকরা।
অনুষ্ঠানে নিউইয়র্কে বসবাসকারী মৌলভীবাজার জেলার বিভিন্ন এলাকার বিপুলসংখ্যক প্রবাসীরা উপস্থিত ছিলেন।
সাবেক ছাত্রনেতা আলী হায়দার উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

## ব্যাটিং ব্যর্থতায় সিরিজের প্রথম ম্যাচে হেরেছে বাংলাদেশ

৫২ পৃষ্ঠার পর

ছিলেন মূল হন্তারক। ১৩ রানে ৪ উইকেট নিয়ে ম্যাচসেরা তিনি। ২৩ রানে ৩টি নেন ব্যারি ম্যাকার্থি। ২৩ রানে দুটি নেন মার্ক অ্যাডায়ার।

**শরিফুলের আউটে পড়লো নবম উইকেট :** ৭৪ রানে পতন হয় বাংলাদেশের অষ্টম উইকেটের। তার পরেও একপ্রান্তে থেকে লড়াই করে গেছেন তাওহীদ হৃদয়। তুলে নিয়েছেন পঞ্চম ফিফটি। এই সময় নবম উইকেটে শরিফুল ইসলামকে নিয়ে ৩১ বলে যোগ করেন ৪৮ রান। এই জুটিতে ব্যবধান কমতে থাকে। দলের ১৮তম ওভারে শরিফুলকে (১২) ক্যাচ আউট করে জুটি ভেঙেছেন ম্যাকার্থি। বাংলাদেশ নবম উইকেট হারায় ১২২ রানে।

**এক ওভারেই পড়লো ৩ উইকেট, ৮ উইকেট নেই বাংলাদেশের :** জাকের আলীর বিদায়ের পর পুরোপুরি ধসে পড়ে ইনিংস। ১৩তম ওভারে বামহাতি হামফ্রিজের ঘূর্ণিতে আউট হন তানজিম (৫), রিশাদ (০) ও নাসুম (০)। প্রথম বলে বড় শট খেলতে গিয়ে বাউন্ডারি লাইনে ক্যাচ হন তানজিম। চতুর্থ বলে এলবিডব্লিউ হন রিশাদ। পরের বলে স্টাম্পড হয়েছেন নাসুম। তাতে ৭৪ রানে পতন হয় অষ্টম উইকেটের।

**জাকের আলীর বিদায়ে ভাঙলো ৪৮ রানের জুটি :** ১৮ রানে ৪ উইকেট হারিয়ে ভীষণ বিপদে পড়ে যায় বাংলাদেশ। সেখান থেকে দলকে টেনে তোলার চেষ্টা করছিলেন জাকের আলী ও তাওহীদ হৃদয়। ৩৪ বলে ৪৮ রান যোগ করেন তারা। ১২তম ওভারে ম্যাকার্থির বল ঠিকমতো ব্যাটে সংযোগ ঘটাতে পারেননি জাকের আলী। ক্যাচ উঠলে ১৬ বলে ২৩ রানে ফিরতে হয় তাকে। তাতে ছিল মাত্র একটি ছয়। বাংলাদেশ পঞ্চম উইকেট হারায় ৬৬ রানে।

**পাওয়ার প্লেতেই ৪ উইকেট নেই বাংলাদেশের**

১৮২ রানের লক্ষ্যে খেলতে নেমে শুরুতেই আইরিশ বোলিংয়ে খেই হারিয়েছে বাংলাদেশের ইনিংস। ৫ রানের মধ্যে ফিরেছেন টপের তিন ব্যাটার। প্রথম ওভারে হামফ্রিজের বলে তালুবন্দি হন তানজিদ। পরের ওভারে অধিনায়ক লিটন দাস (১) মার্ক অ্যাডায়ারের বলে উইকেট বিলিয়ে দিলে পতন হয় দ্বিতীয় উইকেটের। দলের পাঁচ রানের মধ্যে অ্যাডায়ারের তৃতীয় শিকার হন পারভেজ হোসেন। বিপদ আরও বাড়ে ষষ্ঠ ওভারে সাইফ হাসান (৬) ম্যাকার্থির বলে বোল্ড হলে। শুরুতেই ধাক্কা খাওয়ায় পাওয়ার প্লেতে স্বাগতিকরা ৪ উইকেটে সংগ্রহ করেছে মাত্র ২৩ রান।

**বাংলাদেশকে ১৮২ রানের লক্ষ্য দিয়েছে আয়ারল্যান্ড**

চট্টগ্রামে সিরিজের প্রথম টি-টোয়েন্টিতে টস হেরে ব্যাট করেও বাংলাদেশকে ১৮২ রানের লক্ষ্য দিয়েছে আয়ারল্যান্ড। ৪ উইকেটে ১৮১ রান সংগ্রহ করেছে তারা। ৪৫ বলে ৬৯* রানের বিস্ফোরক ইনিংসে বড় স্কোরের মঞ্চ গড়েছেন হ্যারি টেক্টর। টস হারলেও ইনিংসের শুরুতেই আক্রমণাত্মক মেজাজে ব্যাট করেছে আয়ারল্যান্ড। প্রথম ওভারে দুই বাউন্ডারি মেরে ইনিংসের গতি নির্ধারণ করেন পল স্টার্লিং। তৃতীয় ওভারে শরিফুল ইসলামের বলে টিম টেক্টর চারটি বাউন্ডারি মেরে আরও চাপ বাড়ান। শেষ পর্যন্ত ৪০ রানের ওপেনিং জুটিতে আঘাত হানেন তানজিম হাসান সাকিব। তুলে নেন স্টার্লিংয়ের উইকেট।
তবু পাওয়ারপ্লেতে এক উইকেটে আয়ারল্যান্ড পায় ৪৮ রান। এরপর ১৯ বলে ৩২ রান করা টিম টেক্টর রিশাদ হোসেনের ঘূর্ণিতে বড় শট খেলতে গিয়ে লং অনে ক্যাচ তুলে ফেরেন। হ্যারি টেক্টর ও কার্টিস ক্যাম্ফার তার পর গড়ে তোলেন ৪৪ রানের জুটি। দলকে দেড়শর কাছে নেওয়া এই জুটি ভাঙে ক্যাম্ফার আউট হলে। কিন্তু হ্যারি টেক্টর-ই ছিলেন পুরো ইনিংসের মূল চালিকাশক্তি। ৪৫ বলে অপরাজিত ৬৯ রানের ইনিংসে তুলে নেন নিজের সপ্তম টি-টোয়েন্টি আন্তর্জাতিক ফিফটি। শেষ ওভারে তার ঝড়ো ব্যাটিংয়েই আসে আরও ১৭ রান! তার সঙ্গে ৭ বলে ১২ রানে অপরাজিত থাকেন ডকরেল। বাংলাদেশের হয়ে ৪১ রানে দুটি উইকেট নেন তানজিম হাসান। ৩৪ রানে একটি নিয়েছেন রিশাদ হোসেন, ৪২ রানে একটি নেন শরিফুল ইসলামও।

**ক্যাম্ফারের আউটে ভাঙলো ৪৪ রানের জুটি**

তৃতীয় উইকেট পতনের পর ঝড়ো গতিতে ইনিংসের সবচেয়ে বড় জুটি গড়েন কার্টিস ক্যাম্ফার ও হ্যারি টেক্টর। ২৯ বলে ৪৪ রান যোগ করেন তারা। দলের ১৪৯ রানে তানজিম হাসানের বলে দারুণ এক ক্যাচে ক্যাম্ফার (২৪) আউট হলে ভাঙে জুটি। এই সময় সপ্তম টি-টোয়েন্টি ফিফটি তুলে নেন হ্যারি টেক্টর।

**হাফসেঞ্চুরিতে টাকারকে ফেরালেন শরিফুল**

নাসুমের ১২তম ওভারে একটি চার ও একটি ছক্কা মেরে জোর একপশ হাড়াতে ভূমিকা রাখেন লরকান টাকার। ক্রিজে থেকে কার্যকরী ব্যাটিংয়ে স্কোরবোর্ড সমৃদ্ধ করছিলেন তিনি। পরের ওভারে এসে টাকারকে ফেরান শরিফুল। স্ট্রোক খেলতে গিয়ে আইরিশ ব্যাটার ১৪ বলে ১৮ রানে ক্যাচ আউট হয়েছেন। তার ইনিংসে ছিল ২টি চার ও ১টি ছয়।

**টেক্টর ভাইদের জুটি ভাঙলেন রিশাদ**

৪০ রানে প্রথম উইকেট পতনের পর ঝড়ো গতিতে রান তুলছিলেন টেক্টর ভাইদ্বয়। তাদের মধ্যে টিম টেক্টরই ছিলেন বেশি আগ্রাসী। ১৯ বলে ৬টি চার মেরে ৩২ রান তুলেছেন তিনি। দলের ৭১ রানে তাকে বাউন্ডারি লাইনে তালুবন্দি করিয়েছেন রিশাদ হোসেন। দ্বিতীয় উইকেটে টেক্টর ভাইরা যোগ করেছেন ২৪ বলে ৩১ রান।

**পাওয়ার প্লেতে আয়ারল্যান্ডের ৪৮**

পঞ্চম ওভারে ৪০ রানে পড়ে আইরিশদের প্রথম উইকেট। তার পর অবশ্য ৬ ওভারে পাওয়ার প্লেতে এক উইকেটে ৪৮ রান যোগ করেছে সফরকারীরা।

**বোলিংয়ে এসেই স্টার্লিংকে ফেরালেন তানজিম**

টস ব্যাট করতে নেমে শুরুটা খারাপ ছিল না আয়ারল্যান্ডের। মেরে খেলছিলেন অধিনায়ক পল স্টার্লিং ও টিম টেক্টর। ৪.২ ওভারে স্কোর হয়ে যায় ৪০ রান। এই ওভারে বোলিংয়ে এসেই স্টার্লিংকে ২১ রানে সাইফের ক্যাচ বানিয়েছেন তানজিম হাসান। আইরিশ ব্যাটারের ১৮ বলের ইনিংসে ছিল ৪টি চার।

**টস জিতে ফিল্ডিংয়ে বাংলাদেশ**

আয়ারল্যান্ডের বিপক্ষে ২-০ ব্যবধানে টেস্ট সিরিজ জয়ের পর টি-টোয়েন্টিতেও ফেভারিট হিসেবে মাঠে নামছে বাংলাদেশ। চট্টগ্রামে আজ সিরিজের প্রথম ম্যাচে টস জিতে বোলিং নিয়েছেন স্বাগতিক অধিনায়ক লিটন দাস। চট্টগ্রামের বীরশ্রেষ্ঠ শহীদ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান স্টেডিয়ামে শুরুতে ব্যাট করবে আয়ারল্যান্ড।
ঘরের মাঠে সর্বশেষ টি-টোয়েন্টি সিরিজে ওয়েস্ট ইন্ডিজের কাছে ৩-০ ব্যবধানে হোয়াইটওয়াশের লজ্জা পেতে হয়েছে বাংলাদেশের। তবে এই ফরম্যাটে আয়ারল্যান্ডের বিপক্ষে বাংলাদেশ বেশ এগিয়ে। দুই দল এখন পর্যন্ত ৮ বার মুখোমুখি হয়েছে, পাঁচটি জিতেছে বাংলাদেশ, দুটি আয়ারল্যান্ড এবং একটি ম্যাচ পরিত্যক্ত হয়েছে। দুই বছর আগে বাংলাদেশের মাটিতে অনুষ্ঠিত শেষ টি-টোয়েন্টি সিরিজে আয়ারল্যান্ড শেষ ম্যাচ জিতে হোয়াইটওয়াশ এড়িয়েছিল। সেটিতে বাংলাদেশ জেতে ২-১ ব্যবধানে।

**একাদশে কারা**

শামীম হোসেনকে বাদ দিয়ে মাহিদুল ইসলামকে দলে নেওয়া হলেও একাদশে জায়গা হয়নি তার। বাংলাদেশ ৫ বোলার নিয়ে একাদশ সাজিয়েছে। তানজিম হাসান ৭ নম্বরে ব্যাট করবেন।
বাংলাদেশ একাদশ: তানজিদ হাসান তামিম, পারভেজ হোসেন, সাইফ হাসান, লিটন দাস (অধিনায়ক ও উইকেটরক্ষক), তাওহীদ হৃদয়, জাকের আলী, তানজিম হাসান, রিশাদ হোসেন, নাসুম আহমেদ, মোস্তাফিজুর রহমান ও শরিফুল ইসলাম।
আয়ারল্যান্ড একাদশ: পল স্টার্লিং (অধিনায়ক), টিম টেক্টর, হ্যারি টেক্টর, লরকান টাকার (উইকেটরক্ষক), কার্টিস ক্যাম্ফার, জর্জ ডকরেল, গ্যারেথ ডেলানি, মার্ক অ্যাডায়ার, ব্যারি ম্যাকার্থি, ম্যাথু হামফ্রিজ ও জশ লিটল।




MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters
Address:
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com

আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি



ZAM ZAM
TRAVEL US

আমাদের সার্ভিস সমূহ

- এয়ার টিকেটিং
- হজ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার
- হোটেল বুকিং
- ভিসা প্রোসেসিং
- ওমরাহ্ প্যাকেজ সার্ভিস প্রোভাইডার

কেন আমাদের সার্ভিস নিবেন ?

- ✓ বিশেষজ্ঞ দল
- ✓ যাচাইকৃত ভিসা চেকলিস্ট
- ✓ প্রিমিয়াম সহায়তা
- ✓ নিখুঁত ভিসা আবেদন পরিষেবা

ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير ITHRAA ALKHAIR

এয়ার লাইন সমূহ

SAUDIA | QATAR AIRWAYS | Emirates | TURKISH AIRLINES

ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh

নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus

www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## শীতে শরীর ব্যথার আগাম প্রস্তুতি কেমন হবে?

২০ পৃষ্ঠার পর

বাতজ্বরজনিত ব্যথা রাতে ও সকালে বেশি অনুভূত হয়। হাঁটাচলায় কিছুটা কমে। দীর্ঘ সময় শুয়ে-বসে থাকলে তা আরও বেড়ে যায়। শীতকালে রাত দীর্ঘ হওয়ায় বাত রোগীরা ব্যথা ও জড়তা বেশি অনুভব করেন। এ ক্ষেত্রে প্রতিদিন হালকা ব্যায়াম কিংবা কিছু সময় হাঁটাহাঁটির অভ্যাস গড়ে তুললে, ১৫-২০ মিনিট রোদে থাকলে উপকার পাবেন।

আশা করি, এই বিষয়গুলো মেনে চললে এই শীতে আপনার মায়ের ব্যথার সমস্যা অনেকাংশে কমে যাবে।

**লেখক: কনসালট্যান্ট, কোমর ব্যথা, হাড় ক্ষয় ও বাতরোগ (রিউমাটোলজি) বিশেষজ্ঞ ও ন্যাশনাল হাসপাতালে আইকনিকের (কলাবাগান)।**

## কিডনি নষ্ট হওয়ার প্রধান কারণ এখন ডায়াবেটিস

২০ পৃষ্ঠার পর

এই প্রদাহ শুধু কিডনিই নয়, হৃৎপিণ্ড ও মস্তিষ্কেরও ক্ষতি করে। তবে আগেভাগে রোগ ধরা পড়লে; ডায়াবেটিস ও রক্তচাপ নিয়ন্ত্রণে থাকলে; নিয়মশৃঙ্খলা বজায় থাকলে কিডনি বহু বছর সুস্থ রাখা সম্ভব।

অনেক ডায়াবেটিক রোগী সারা জীবন কোনো কিডনি জটিলতা ছাড়াই বাঁচেন, শুধু নিয়মশৃঙ্খলা ও চিকিৎসকের নির্দেশ মেনে। এখন ডায়াবেটিসের এমন কিছু আধুনিক ওষুধ এসেছে, যা শুধু রক্তে সুগার কমায় না, বরং কিডনিকে সুরক্ষা দেয়, এমনকি ওজন নিয়ন্ত্রণেও সাহায্য করে।

যাদের পরিবারে ডায়াবেটিস আছে, তাদের ঝুঁকি একটু বেশি। কিন্তু জীবনযাপনে শৃঙ্খলা থাকলে, নিয়মিত চেকআপ করলে এবং চিকিৎসকের কথামতো চললে এই রোগ নিয়ন্ত্রণে রাখা সম্ভব। অবহেলা করলে কিডনি রক্ষা করা যায় না, কিন্তু সচেতন থাকলে ও নিয়ম মানলে ভালো থাকা সম্ভব।

**লেখক: সদস্য উপদেষ্টা পরিষদ, ডায়াবেটিস সেন্টার, অধ্যাপক কিডনি বিভাগ, কিডনি ফাউন্ডেশন হাসপাতাল।**

## ডায়াবেটিসে যেভাবে হার্ট অ্যাটাকের আশঙ্কা বাড়ে

২০ পৃষ্ঠার পর

করেছে, যা মৃত্যু পর্যন্ত চলবে। তার অসম্ভব রকম এনার্জি দরকার। সেটা আসবে রক্ত দিয়ে।

কিন্তু যেসব ধমনি চিকন হয়ে গেল সেগুলো দিয়ে সঠিকভাবে খাবার অক্সিজেন না এলেই অর্গানগুলো ড্যামেজ হতে থাকে। সবচেয়ে বেশি ক্ষতি হয় ব্রেন, চোখ, হার্ট, কিডনি ও হাত-পায়ের ধমনিগুলো।

এরপর কী হয়? অনেক ঝুঁকি বেড়ে যায়। ডেটা বলছে, ৭৫-৮০ শতাংশ ডায়াবেটিক রোগীর মৃত্যুর কারণ হলো কার্ডিওভাসকুলার ডিজিজ অথবা স্ট্রোক। কী মারাত্মক কথা! তাই আমি বলি, ডায়াবেটিস হওয়া মানেই তুমি হার্টের রোগী। আজ অথবা আগামীকাল, সেটা যেকোনো সময় আসতে পারে। তোমার কাজ হলো সেটা যেন না আসে। তার জন্য জীবনযাপন পরিবর্তন করা, নিয়ম মেনে খাওয়া, সুগার নিয়ন্ত্রণ করা দরকার। আর হার্টকে বাঁচাতে তিনটা 'ডি' দরকার ডায়েট, ডিসিপ্লিন ও ড্রাগ।

ডিসিপ্লিন মানে কী? চলাফেরায় ডিসিপ্লিন, হাঁটাহাঁটিতে ডিসিপ্লিন, ঘুমে ডিসিপ্লিন। মনকে ভালো রাখা, আনন্দে থাকা এগুলোও জরুরি। প্রতিটি অর্গানকে শান্তি দেওয়ার ব্যবস্থা করতে হবে। তৃতীয়টি হলো ড্রাগ, ওষুধ।

ডাক্তার যে ওষুধ দিয়েছেন, সেটা খাব। রোগীরা খুব বিরক্ত হয় যে সারা জীবন ওষুধ খেতে হবে? এটা কী কথা? আমি বলি ভাই, তুমি কি ভেবেছ দুনিয়ার সবচেয়ে বড় রোগ কোনটা? ক্ষুধা। জন্মের পরই বাচ্চা খাওয়ার জন্য কাঁদে, মৃত্যু পর্যন্ত খেতেই থাকে। খাওয়া না হলে কষ্ট হয় মানে ক্ষুধাও একটা রোগ।

কিছু রোগ আছে, যেমন নিউমোনিয়া বা টিবি নির্দিষ্ট সময় ওষুধ খেলেই ভালো হয়ে যায়। কিন্তু কিছু রোগ আছে যেগুলো নিয়ন্ত্রণ করা যায়, পুরোপুরি ভালো করা যায় না। সেটা নিয়ে মাথাব্যথা না করে নিয়ন্ত্রণে রাখতে হয়।

ডায়াবেটিস হলে বুদ্ধিবৃত্তিক অবনতি ঘটে। হার্ট অ্যাটাকের আশঙ্কা ২৫ শতাংশ বাড়ে। স্ট্রোকের আশঙ্কা চার গুণ বেড়ে যায়। সঙ্গে যদি কিডনির রোগ থাকে তাহলে আরও বাড়ে। ধূমপানের অভ্যাস থাকলে তো কথাই নেই।

ডায়াবেটিস প্রতিটি কোষে আঘাত করার ক্ষমতা রাখে। এ জন্য একে নিয়ন্ত্রণ করা জরুরি। তাই ডায়াবেটিসে ভালো থাকতে চাওয়া আমার দায়িত্ব। আমি হার্ট অ্যাটাক চাই না। হার্ট ফেইলিউর চাই না। স্ট্রোক চাই না। কিডনি ডিজিজ চাই না। চোখের অন্ধত্ব চাই না। ডায়াবেটিস থাকতে পারে কিন্তু আমি ভালো থাকব, সেটা আমার প্রতিজ্ঞা করতে হবে।

**লেখক: পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল।**

## ভাঙা দাঁতের খোঁচা থেকেও হতে পারে মরণব্যাধি ক্যান্সার

২০ পৃষ্ঠার পর

(সাদা ঘা), এরিথ্রোপ্লাকিয়া (লালচে ঘা), লাইকেন প্লানাস (এলপি) এবং ওরাল সাবমিউকাস ফাইব্রোসিস (ওএসএমএফ) অন্যতম।'

ওরাল সাবমিউকাস ফাইব্রোসিস (ওএসএমএফ) সম্পর্কে বিশেষ গুরুত্ব দিয়ে বিএসএমইউ'র এ চিকিৎসক বলেন, 'ওএসএমএফ-এর প্রধান কারণ হলো সুপারি। আমাদের দেশে অনেকেই পানের সাথে কিংবা শুধু শুধু সুপারি চিবান। যারা দীর্ঘসময় মুখে সুপারি রাখেন বা পান-সুপারি চিবান, তাদের মুখের ভেতরের পাতলা মিউকাস ঝিল্লির নিচের অংশ (সাবমিউকাস) ধীরে ধীরে শক্ত হয়ে যায়। একসময় এটি টান দেওয়া রশির মতো হয়ে যায় বা অনেকটা অংশ শক্ত হয়ে যায়, যা ফাইব্রোসিস নামে পরিচিত। এতে মুখ হা করতে সমস্যা হয়।

একইসাথে এটি ক্যান্সারের ঝুঁকি বহুগুণ বাড়িয়ে দেয়। এছাড়া 'লাইকেন প্লানাস' নামক অটোইমিউন ডিজিজের ক্ষেত্রে ডায়াবেটিস রোগীদের ঝুঁকি অনেক বেশি। কেননা ডায়াবেটিস কন্ট্রোলে না থাকলে এসব ক্ষত নিয়ন্ত্রণ করা আরও জটিল হয়ে পড়ে।'

মুখের ক্যান্সারের কারণ সম্পর্কে জানতে চাইলে ডা. সাখাওয়াত হোসেন সায়হ বলেন, 'সরাসরি ক্যান্সার বা 'স্কোয়ামাস সেল কার্সিনোমা'র প্রধান কারণ হলো ধোঁয়াবিহীন তামাক বা চিবিয়ে খাওয়া তামাকজাত দ্রব্য যেমন- গুল, জর্দা, সাদা পাতা ও খৈনি ইত্যাদি। আমাদের দেশে অনেকে পানের সঙ্গে জর্দা, সাদা পাতা খান, আবার অনেকে গুল ব্যবহার করেন, তাদের ক্ষেত্রে ক্যান্সারের ঝুঁকি সবচেয়ে বেশি। এর পাশাপাশি ধূমপান ও অ্যালকোহল সেবনও বড় ঝুঁকির কারণ। কেননা, শরীরের এমন কোনো অঙ্গ নেই যেখানে তামাক ক্ষতি করে না। তবে কেউ যদি ধূমপান, অ্যালকোহল ও জর্দা এই একাধিক অভ্যাসে আসক্ত হন, তবে তার এই ঝুঁকি মারাত্মক আকার ধারণ করে। এছাড়া হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (এইচপিভি), যা নারীদের জরায়ু ক্যান্সারের জন্য দায়ী, সেটিও মুখের ক্যান্সারের একটি অন্যতম কারণ হতে পারে।'

দাঁতের যত্ন না নেওয়াও ক্যান্সারের কারণ হতে পারে জানিয়ে তিনি বলেন, 'অনেকে মুখের হাইজিন মেইনটেইন করেন না, নিয়মিত দাঁতের যত্ন নেন না, ঠিকমতো ব্রাশ করেন না।

এতে করে দাঁতে ভাঙা বা ধারালো অংশ তৈরি হয়ে সেটি জিহ্বা কিংবা গালের ভেতরে বারবার ঘষা লাগতে পারে। অনেকের ক্ষেত্রে একই জায়গায় বারবার দাঁতের কামড় পড়তে থাকে। এতে ওই স্থানে শক্ত ভাব বা ছোট ক্ষত তৈরি হয়। এই ক্ষত যদি দীর্ঘদিন থাকে, যদি সময়মতো চিকিৎসা না করা হয়, তবে বারবার আঘাতের কারণে এটি একসময় ক্যান্সারের রূপ নিতে পারে। অনেক সময় বাঁধাই করা আলগা দাঁতের কারণে ক্ষত থেকেও মুখের ক্যান্সার হতে পারে।

এছাড়া পুষ্টিহীনতা (ম্যালনিউট্রিশন), বিশেষ করে খাবারে অ্যান্টিঅক্সিডেন্ট সমৃদ্ধ সবুজ শাক-সবজি ও ফলের অভাব মুখের ক্যান্সারের ঝুঁকি বাড়াতে পারে।'

মুখের ঘা কি সাধারণ ক্ষত নাকি ক্যান্সার, এটি বোঝার উপায় কী? জানতে চাইলে ডা. সায়হ বলেন, 'সব ক্ষতই ক্যান্সারের লক্ষণ নয়। টিউবারকুলোসিস, সিফিলিস, ভাইরাল বা ব্যাকটেরিয়াজনিত নানা কারণে মুখে ক্ষত হতে পারে, যা পরীক্ষার মাধ্যমে সহজেই শনাক্ত করা যায়। আবার অ্যাপথাস আলসারের মতো অনেক ক্ষত স্বাভাবিকভাবেই এক সপ্তাহের মধ্যে সেরে যায়। তবে কোনো ক্ষত যদি ১০ দিনের বেশি স্থায়ী হয় এবং সাধারণ চিকিৎসায় ভালো না হয়, তবে সেটিকে অবশ্যই গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিতে হবে। এ ক্ষেত্রে অবশ্যই বিডিএস ডিগ্রিধারী একজন নিবন্ধিত ডেন্টাল সার্জন, ওরাল অ্যান্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জন বা হেড-নেক (ইএনটি) সার্জনের পরামর্শ নিতে হবে। প্রয়োজন হলে তারা বায়োপসি ও অন্যান্য পরীক্ষা করে দেখবেন ক্ষতটি ক্যান্সারজনিত কি-না। কিন্তু আমাদের দেশে অনেকে মুখের ক্যান্সার নামটি শুনলেই আতঙ্কিত হয়ে পড়েন। অথচ এটি যদি প্রাথমিক পর্যায়ে ধরা পড়ে, তবে সঠিক চিকিৎসায় সম্পূর্ণ নিরাময় করা সম্ভব।'

এ সময় দেরিতে চিকিৎসা নেওয়ার অবস্থা তুলে ধরে তিনি বলেন, 'রোগটি যদি প্রাথমিক পর্যায়ে ধরা পড়ে তবে সামান্য সার্জারিতেই রোগী সুস্থ হন। কিন্তু দেরি হলে সার্জারির পাশাপাশি রেডিওথেরাপি ও কেমোথেরাপির প্রয়োজন হয়। আর একদম শেষ পর্যায়ে ধরা পড়লে তখন ক্যান্সার গলায় এবং শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়ে। তখন আর অপারেশন করে লাভ হয় না। ক্যান্সারের আকার বড় হলে অপারেশন করে সেই জায়গা জোড়া করতে বুক, হাত বা পা থেকে মাংস ও হাড় এনে মুখে প্রতিস্থাপন করতে হয়। এতে একদিকে যেমন চিকিৎসার খরচ ও হাসপাতালে থাকার সময় বাড়ে, অন্যদিকে রোগীর কষ্ট ও ভোগান্তি চরম আকার ধারণ করে। অনেক সময় এত চেষ্টার পরেও রোগীকে বাঁচানো সম্ভব হয় না।'

আমাদের দেশের চিকিৎসা সেবায় কোনো ঘাটতি রয়েছে কি-না, জানতে চাইলে এই বিশেষজ্ঞ বলেন, 'আমাদের দেশে সঠিক রেফারেল সিস্টেমের (রোগ অনুযায়ী উপযুক্ত ডাক্তারের কাছে পাঠানোর পদ্ধতি) অভাব রয়েছে। রোগীরা প্রথমে সাধারণ চিকিৎসকের কাছে যান, যিনি হয়তো মলম, মাউথওয়াশ কিংবা ভিটামিন দিয়ে চিকিৎসা করেন। এতে দিনের পর দিন মূল্যবান সময় নষ্ট হয়। চিকিৎসকদের উচিত, রোগটি তার এখতিয়ারের বাইরে মনে হলে রোগীকে ধরে না রেখে দ্রুত ওরাল অ্যান্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জন বা হেড-নেক সার্জারি বিশেষজ্ঞের কাছে পাঠানো। এছাড়া অনেক রোগী ক্যান্সার হলে ভয়ে বা অজ্ঞতাবশত আয়ুর্বেদিক, হোমিওপ্যাথিক অথবা টোটকা চিকিৎসার শরণাপন্ন হন। মনে রাখা দরকার, এসব চিকিৎসায় ক্যান্সার ভালো হয় না, বরং কালক্ষেপণের কারণে রোগী মৃত্যুর দিকে এগিয়ে যায়।'

ডা. সাখাওয়াত হোসেন সায়হ বলেন, 'বাংলাদেশের আইন অনুযায়ী বিএমডিসি'র রেজিস্ট্রেশন এবং বিডিএস ডিগ্রি ছাড়া কেউ ডাক্তার হিসেবে প্র্যাকটিস করতে পারেন না। কিন্তু আইনের প্রয়োগ কম থাকায় অনেক হাতুড়ে ডাক্তার বা কোয়াক ডেন্টিস্ট সাধারণ মানুষকে ভুল চিকিৎসা দিচ্ছেন। তারা অনেক সময় কেবল একজন রেজিস্টার্ড চিকিৎসকের নাম সাইনবোর্ডে ব্যবহার করে নিজেরা রোগী দেখেন। মানুষ মনে করে দাঁতের চিকিৎসা ব্যয়বহুল, তাই তারা হাতের কাছে কম টাকায় এসব হাতুড়ে ডাক্তারের কাছে যান। এতে হিতে বিপরীত হয়। ভুল চিকিৎসার কারণে ভালো দাঁত নষ্ট হওয়া থেকে শুরু করে ক্যান্সারের মতো বড় ধরনের ক্ষতির শিকার হন অনেকে।'

এ সময় মানুষকে সচেতন হবার পরামর্শ দিয়ে বিএসএমইউ'র এই চিকিৎসক বলেন, 'আমাদের মধ্যে অনেকেই আছেন যাদের ধারণা, দাঁতের চিকিৎসা মানেই অনেক ব্যয়বহুল। কিন্তু আর্থিক সমস্যা থাকলে বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডেন্টাল ফ্যাকাল্টি এবং সরকারি হাসপাতালগুলো যেমন, ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ডেন্টাল বিভাগ কিংবা যে কোন সরকারি মেডিকেল কলেজ বা যেকোনো জেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অত্যন্ত কম খরচে বা বিনামূল্যে অভিজ্ঞ ডেন্টাল সার্জনদের সেবা পাওয়া যায়। এছাড়া প্রতিটি উপজেলা হাসপাতালে এখন ডেন্টাল সার্জন রয়েছে। তাই সামান্য কিছু টাকা বাঁচাতে হাতুড়ে ডাক্তারের কাছে গিয়ে জীবনের ঝুঁকি নেওয়া উচিত নয়। ডাক্তার দেখানোর ক্ষেত্রে যিনি চিকিৎসা দিচ্ছেন, তিনি আসলেই বিডিএস ডিগ্রিধারী কিনা, তা নিশ্চিত হওয়া জরুরি। কেননা ন্যূনতম বিডিএস ডিগ্রি না থাকলে ধরে নেবেন তিনি চিকিৎসক নন।'

## ভোটার নিবন্ধন নিয়ে প্রবাসীদের হতাশা

১ পৃষ্ঠার পর

থেকে শুরু হয়েছে। আজ ২৮ নভেম্বর তা শেষ হয়ে যাবে। নিবন্ধনকারীরাই পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। তবে মাত্র ৫ দিন নিবন্ধনের সুযোগ থাকায় বহু প্রবাসী ভোট দেওয়ার সুযোগ থেকে বঞ্চিত হবেন। দূতাবাস ও কনস্যুলেট সূত্রে জানা গেছে, ভোটার নিবন্ধনের হার খুবই কম। নিউইয়র্কেও একাধিক প্রবাসী আজকালকে বলেছেন, অ্যাপস, ওয়েবসাইট ও টেকনিক্যাল জটিলতার কারণে অনেকেই ন্যাশনাল আইডি থাকার পরও ভোটার নিবন্ধন করতে পারেন নি।

এদিকে অ্যাপ চালুর পর ৭ দিনে প্রবাসী ভোটারদের নিবন্ধন সংখ্যা ৩২ হাজার ছাড়িয়েছে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। ইসি বলছে, নির্ধারিত সময়ের মধ্যে যারা নিবন্ধন করবেন তাদের ঠিকানায় ব্যালট পেপার পাঠিয়ে দেওয়া হবে। ২৫ নভেম্বর মঙ্গলবার সন্ধ্যায় ইসির ওয়েব সাইট থেকে এসব তথ্য জানানো হয়।

ইসির ওয়েবসাইট থেকে আরো জানা যায়, বাংলাদেশ সময় মঙ্গলবার রাত ৮টা পর্যন্ত মোট নিবন্ধন করেছেন ৩২ হাজার ৭৯৩ জন প্রবাসী ভোটার। এর মধ্যে পুরুষ ভোটার ২৮ হাজার ৪৯৯ জন, নারী ভোটার ৪ হাজার ২৯৪ জন। নির্বাচন বিশেষজ্ঞরা বলছেন, ৫০ লাখ প্রবাসী ভোটারের মাত্র ৩২ হাজার ভোটার নিবন্ধন যুক্তিক প্রচারের মতোই। নির্বাচন কমিশনের উদাসীনতা ও টেকনিক্যাল জটিলতার কারণে প্রবাসীরা নিবন্ধিত হতে পারেন নি।

গত ১৯ নভেম্বর থেকে পূর্ব এশিয়া, দক্ষিণ আমেরিকা এবং আফ্রিকায় বসবাসরত বাংলাদেশিদের নিবন্ধন শুরু হয়েছে, চলবে ২৮ নভেম্বর পর্যন্ত। আর ২৩ নভেম্বর রাত ১২টার পর (২৪ নভেম্বর) শুরু হয়েছে উত্তর আমেরিকা, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ডে বসবাসরত বাংলাদেশিদের নিবন্ধন, যা চলবে একই সময় পর্যন্ত।

এদিকে 'পোস্টাল ভোট বিডি' অ্যাপে ভোটারের তথ্য কতটা সুরক্ষিত থাকবে জানতে চাইলে ইসির অতিরিক্ত সচিব কে এম আলী নেওয়াজ গণমাধ্যমকে বলেন, 'আমাদের সিস্টেমে এই ডেটা লিকের সম্ভাবনা কম। ভোটারদের কোনও তথ্য যেন লিক না হয়, সে জন্য আমরা ব্যবস্থা নিয়েছি।'

## কাউন্সিলওম্যান শাহানা হানিফকে সংবর্ধনা

১ পৃষ্ঠার পর

সংবর্ধনায় শাহানা বলেন, মামদানিও আমার মত প্রগতিশীল চিন্তা-চেতনায় উজ্জীবিত একজন মানুষ। তিনি নিজেকে মুসলমান হিসেবে পরিচয় দিতে কুণ্ঠাবোধ করেন না।

২৩ নভেম্বর রোববার সন্ধ্যায় নিউইয়র্কে চট্টগ্রাম সমিতি প্রদত্ত এক সংবর্ধনা সমাবেশে শাহানা হানিফ আরো বলেছেন, বাংলাদেশিরা হলেন ক্রমবর্ধমান কমিউনিটির মধ্যে সবচেয়ে অগ্রগামী। গত নির্বাচনেও সেটি দৃশ্যমান হয়েছে। রাজনীতিতে এই গতিশীলতাকে অব্যাহত রেখেই বহুজাতিক এই সমাজে নিজেদের আমেরিকান স্বপ্নকে বাস্তবায়নের পথ সুগম করতে হবে। আর ব্যালট যুদ্ধে অবতীর্ণ হওয়ার এই প্রক্রিয়াটি হচ্ছে আমেরিকান সমাজে নিজেদের অবস্থানকে শক্তিশালী করার অন্যতম অবলম্বন। বিদ্যমান রীতি অনুযায়ী দুই টার্মের বেশী একই আসনে নির্বাচিত হবার সুযোগ না থাকায় শাহানা হানিফ বলেন, শেষ মেয়াদের চার বছর কার্যক্রমের মধ্যদিয়ে পরবর্তীতে সিটি কম্পট্রোলার নাকি মেয়র পদে অথবা কংগ্রেস কিংবা অন্য কোনো আসনে লড়বো, তা নির্ধারিত হবে। তবে আমি নিজেকে জনসেবায় সমর্পিত করেছি, এই কাজটি আমার খুবই ভালো লাগে। দোয়া করবেন যে, বাকিটা জীবন সততা-নিষ্ঠার সাথে মানুষের পাশে থাকতে পারি।

শাহানা হানিফ এসময় আরো উল্লেখ করেন, ট্যাক্সি ড্রাইভার, ডেলিভারিম্যান, রেস্টুরেন্ট শ্রমিকদের ন্যায্য পারিশ্রমিক আদায়ের সকল আন্দোলন-লড়াইয়ে পাশে রয়েছি। অতি সম্প্রতি ব্রুকলীনের একটি রেস্টুরেন্টে বেশ ক'জন বাংলাদেশি শ্রমিকের বকেয়া বেতন আদায়ের চলমান আইনী লড়াইয়ে সহযোগিতা করায় তারা প্রায় তিন মিলিয়ন ডলার পাচ্ছেন।

চট্টগ্রামের সন্তান এবং উত্তর আমেরিকায় চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি মোহাম্মদ হানিফের জ্যেষ্ঠ কন্যা শাহানা হানিফের পুনরায় বিজয় উপলক্ষে ব্রুকলিনে চট্টগ্রাম ভবনে অনুষ্ঠিত এ সমাবেশে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সমিতির সভাপতি আবু তাহের এবং সঞ্চালনা করেন সেক্রেটারি আরিফুল ইসলাম আরিফ। শাহানাকে বীর চট্টলার অগ্নিকন্যা হিসেবে অভিহিত করার পাশাপাশি বাংলাদেশের গৌরব হিসেবে মন্তব্য করে এ সময় বক্তব্য রাখেন এই সমিতির প্রতিষ্ঠাতা-সভাপতি এম এ রহিম, সাবেক সভাপতি কাজী আজম, আর্ত-মানবতার সেবায় নিয়োজিত 'আব্দুল কাদের মিয়া ফাউন্ডেশন'র প্রেসিডেন্ট মো. আব্দুল কাদের মিয়া, নর্থইস্ট সোসাইটির সভাপতি ফিরোজ আলম, মূলধারার রাজনীতিক খোরশেদ খন্দকার, বাংলাদেশ সোসাইটির কর্মকর্তা শাহন আহসান হাবিব, যুক্তরাষ্ট্র জাসদের সদস্য সচিব জাহাঙ্গীর দেওয়ান, যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির নেতা আবু তালেব চৌধুরী চান্দু, সাংস্কৃতিক সংগঠক সাহাবউদ্দিন চৌধুরী লিটন, কম্যুনিটি লিডার শামসুল আলম চৌধুরী, মোর্শেদ রিজভী, মিজানুর রহমান জাহাঙ্গির, নুরুল আনোয়ার, প্রাবণী সিং লিপিএ, বঙ্গবন্ধু ফাউন্ডেশনের সেক্রেটারি কামাল হোসেন মিঠু, সাংবাদিক লাবলু আনসার, ব্যবসায়ী নেতা ফখরুল করিম প্রমুখ।

## আফগান অভিবাসন কার্যক্রম যুক্তরাষ্ট্রে স্থগিত ঘোষণা

৬৪ পৃষ্ঠার পর

প্রবেশ করা আফগানদের বিষয়ে নতুন করে পর্যালোচনা করার নির্দেশ দেন। পাকিস্তানে অবস্থানরত হাজার হাজার আফগান যাদের মধ্যে অনেকে পুনর্বাসনের চূড়ান্ত সিদ্ধান্তের অপেক্ষায় ছিলেন এই ঘোষণার পর তাদের শেষ নিরাপদ পথটিও বন্ধ হয়ে গেল। মানবাধিকার সংস্থাগুলো বলছে, তালেবান শাসনে সাবেক সরকারি কর্মচারী, সাংবাদিক, সেনা সদস্য এবং পশ্চিমা শক্তির সঙ্গে যুক্ত ব্যক্তিদের আটক, গুম বা মৃত্যুদণ্ডের ঝুঁকি রয়েছে।

অন্যদিকে নারীরা কাজ, চলাফেরা ও শিক্ষায় কঠোর বিধিনিষেধের মুখোমুখি হচ্ছেন। একজন আবেদনকারী কাবুলের ৪০ বছর বয়সী সাবেক এক সরকারি কর্মকর্তা, যিনি নিরাপত্তার কারণে নাম প্রকাশ করতে চাননি, তিনি সিদ্ধান্ত স্থগিত হওয়ায় তার পরিবারের ভবিষ্যৎ পুরোপুরি অনিশ্চিত হয়ে গেছে বলে জানান। আফগানিস্তানে ফেরা প্রসঙ্গে তিনি বলেন, আমি আমার পরিবারকে ধ্বংসের ঝুঁকিতে ফেলতে পারি না।

যুক্তরাষ্ট্রের দীর্ঘতম যুদ্ধের সময় হাজারো আফগান মার্কিন সেনা ও সহায়তা সংস্থাগুলোর হয়ে দোভাষী এবং স্থানীয় কর্মী হিসেবে কাজ করতো। ২০২১ সালে তালেবানের ক্ষমতা দখলের পর যুক্তরাষ্ট্র 'অপারেশন অ্যালাইস ওয়েলকাম' ঘোষণা করে। যারা মার্কিন বাহিনীর সঙ্গে কাজ করায় ঝুঁকির মুখে ছিল তাদের নিরাপদ আশ্রয় দেওয়ার জন্য।

হোয়াইট হাউসের কাছে হামলার সন্দেহভাজন রহমানুল্লাহ লাখানওয়াল (২৯), 'অপারেশন অ্যালাইস ওয়েলকাম'-এর মাধ্যমে যুক্তরাষ্ট্রে এসেছিলেন এবং এ বছর শুরুর দিকে আশ্রয় পান। তিনি আফগান সেনাবাহিনীতে কাজ করেছেন এবং তার বিরুদ্ধে কোনো অপরাধের রেকর্ড ছিল না বলে কর্তৃপক্ষ জানিয়েছে। ২০২১ সালের পর থেকে শরণার্থী ও বিশেষ ভিসা কর্মসূচির মাধ্যমে প্রায় ২ লাখ আফগান যুক্তরাষ্ট্রে এসেছে এবং সবারই নিরাপত্তা যাচাই সম্পন্ন হয়েছে। আরও ২ লাখ ৬৫ হাজার আফগান এখনো বিদেশে প্রক্রিয়ার অপেক্ষায় আছেন। এর মধ্যে প্রায় ১ লাখ ৮০ হাজার বিশেষ অভিবাসী ভিসার আওতায় যারা যুক্তরাষ্ট্র সরকারের হয়ে কাজ করেছিলেন।

## ৮ ফেব্রুয়ারি নির্বাচন ও গণভোট

১ পৃষ্ঠার পর

বিতর্কিত ড. আলী রিয়াজের বিরুদ্ধে যৌন নির্যাতন ও ধর্ষণের অভিযোগ করেছেন এক নারী। ধর্ষিতা নারী একজন কবী। তিনি সোশ্যাল মিডিয়ায় এসে অভিযোগ করেন যে, আলী রিয়াজের হাতে ধর্ষণের শিকার হয়েছেন। তাকে যুক্তরাষ্ট্রে নিয়ে যাবার প্রলোভন দেখানো হয়। শারীরিক সম্পর্কের আগে ওই নারীকে তিনি আশ্বস্ত করেছিলেন ঝুঁকি নেই কারণ তার 'ভ্যাসেকটমি' করানো আছে। তারপরও ওই নারী গর্ভবতী হয়ে পড়লে তাদের মধ্যে বাগবিতণ্ডার পর তিনি সোশ্যাল মিডিয়া লাইভে এসে পুলিশী হয়রানির পর নিজের নিরাপত্তার দাবী করেন। ওই নারীর সোশ্যাল মিডিয়ার ওই সকল বক্তব্য ইতোমধ্যে ভাইরাল হয়েছে। এদিকে ড. আলী রিয়াজের পক্ষ অবলম্বন করে ড. ইউনূসের সরকার এ সম্পর্কিত এক বিবৃতিতে বলেছে, ড. আলী রিয়াজ ওই তরুণীকে চিনেন না। এ নিয়ে উত্তেজনার মধ্যে উপদেষ্টা পরিষদে রদবদলের গুঞ্জন শোনা যাচ্ছে। শুধু দুই ছাত্র উপদেষ্টাই নন; আরও উপদেষ্টা পদত্যাগ করতে পারেন বলে আভাস মিলেছে।

অন্যদিকে নির্বাচনি নানামুখী জোটের হিসাব-নিকাশও এগিয়ে চলছে। জোটবদ্ধ নির্বাচনের জন্য জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) পক্ষ থেকে বুধবার রাতে নাহিদ ইসলামের বাসায় বৈঠক বসে। দীর্ঘ এ বৈঠকে জোটের জন্য কয়েকটি বিকল্প অপশন নিয়ে আলোচনা হয়। সেখানে কয়েকটি দলের সঙ্গে জোট করা নিয়ে আলোচনা হয়। তবে ইসলামী ছাত্রশিবিরের সাবেক নেতাদের সংগঠন ইউনাইটেড পিপলস বাংলাদেশকে (আপ বাংলাদেশ) জোটভুক্ত করার জন্য প্রস্তাব দেওয়ায় মাঝপথে আলোচনা থেমে যায়।

বৈঠকে উপস্থিত ৪০ নেতার মধ্যে মাত্র ৩ জন 'আপ বাংলাদেশে'র সঙ্গে জোট করার পক্ষে মত দেন। বাকিদের কেউ কেউ বিএনপির সঙ্গে জোট করতে চান। কেউ আবার আলাদাভাবে নির্বাচনের পক্ষে মত দিয়েছেন। তবে এখন পর্যন্ত চূড়ান্ত কোনো সিদ্ধান্ত হয়নি। এছাড়া জামায়াতের সঙ্গে জোট করতে একেবারেই রাজি নন এনসিপি নেতারা। এ অবস্থায় অনেকে আশঙ্কা করছেন, জোট ইস্যুতে শেষ মুহূর্তে এনসিপি ভাঙনের মুখোমুখি হলেও অবাক হওয়ার কিছু থাকবে না।

এদিকে বৃহস্পতিবার এক অনুষ্ঠান শেষে পদত্যাগের বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেন, নির্বাচনের প্রস্তুতি নিচ্ছি। পদত্যাগ করেই নির্বাচন করব। তিনি বলেন, এমন কোনো আইন নেই যে- উপদেষ্টা হলে নির্বাচন করা যাবে না। তবে নৈতিকতার কারণে উপদেষ্টা হিসাবে নির্বাচন করা ঠিক হবে না। কোন দল থেকে নির্বাচন করব- তা এখনো ঠিক করিনি।'

তিনি জানান, 'ঘোষণা দিয়েছি নির্বাচন করব, তবে কোথা থেকে করব ঘোষণা দেইনি।' তিনি জানান, শুধু দুজন ছাত্র উপদেষ্টা নন, আরও কয়েকজন উপদেষ্টা নির্বাচন করতে পারেন।

